অথোভয়োরঙ্গসৌরভ্যানুভবায়াভ্যর্থয়তে পরীতি। হে নাগরেশৌ বাং যুবয়োঃ পরিমলসরণিঃ সৌরভ্য পরম্পরা মম ঘ্রাণভৃঙ্গোৎসবায় ভবিত্রী। সরণিঃ শ্রেণি বর্ত্মনোরিতি বিশ্বলোচনকারঃ। কীদৃশী সেত্যাহ। গৌরলীলয়ো রঙ্গয়োক্রমাদ্রাজতীয়ে মৃগমদঘুসৃণে কস্তুরীকুঙ্কুমে তয়োরনুগ্রাহিণী বিচিত্র সৌরভ্যদাত্রীত্যর্থঃ। পুনঃ কীদৃশীত্যাহ। স্বেতি স্ফুটার্থঃ ॥ ৩০ ॥

অতিসান্নিধ্য ভাগ্যমিদং মম দুর্ঘটং দূরাদেব বাং সাক্ষাৎকারো ভবতা দিত্যাহ প্রদেশিনীমিতি। অঙ্গুষ্ঠানন্তরাঙ্গুলী প্রদেশিনী তর্জ্জনী চোচ্যতে।

গান শ্রবণ করিয়া শ্রবণেন্দ্রিয়ের দুষ্কৃত রাশি অপনীত হইবে ॥ ২৯ ॥

হে নাগরাজ! শ্রীকৃষ্ণ! অয়ি নাগরী শ্রেষ্ঠে! শ্রীরাধিকে! যাহা নিজমহিমাদ্বারা সমুদয় গন্ধদ্রব্য পরাজয় করিয়াছে এই প্রকার মৃগমদ ও কুঙ্কুম সুবাসিত ভবদীয় শ্রীঅঙ্গের গন্ধ আঘ্রাণ করিয়া আমার ঘ্রাণেন্দ্রিয় রূপ ভ্রমর কবে আনন্দিত হইবে? ॥ ৩০ ॥

হে নাথ! শ্রীকৃষ্ণ! হে বৃন্দাবনেশ্বরি! শ্রীরাধিকে! আমি

প্রসীদতং ক্ষণমধিপৌ প্রসীদতং
দৃশোঃ পুরঃ স্ফুরতু তড়িদ্ঘনচ্ছবিঃ ॥ ৩১ ॥
ব্রজমধুরজনব্রজাবতংসৌ
কিমপি যুবামভিযাচতে জনোঽয়ং।
মম নয়নচমৎকৃতিং করোতু
ক্ষণমপি পাদনখেন্দুকৌমুদী বাং ॥ ৩২ ॥

তর্জ্জনী স্যাৎ প্রদেশিনীত্যমরঃ। তাং মুখমধ্যে বিনিক্ষিপন্নর্পয়ন্নয়ং জনঃ ফুৎকরোতি। স্ফুটার্থমন্যৎ। তড়িদ্ঘনয়োরিব যুবয়োশ্ছবিঃ কান্তিঃ ॥ ৩১ ॥
পাদনখরান্ দিদৃক্ষুঃ প্রার্থয়তে। ব্রজেতি পদ্যং স্ফুটার্থং ॥ ৩২ ॥

এই বৃন্দাবনে মুখে অঙ্গুলি নিক্ষিপ্ত করিয়া বার বার ফুৎকার করত রোদন করিতেছি, অতএব ক্ষণকালের জন্য আমার প্রতি প্রসন্ন হও, বিদ্যুল্লতা ও নবনীরদের ন্যায় তোমাদের উভয়ের রূপ আমার নয়নের অগ্রে বিরাজিত হউক ॥ ৩১ ॥

হে নাথ! শ্রীকৃষ্ণ! হে শ্রীমতি! শ্রীরাধিকে! তোমরা ব্রজ মণ্ডলস্থ মধুরমূর্ত্তি যাবতীয় নরনারীর শিরোভূষণ, অতএব আমি তোমাদের নিকট কিছু প্রার্থনা করিতেছি, তোমরা একবার আমার সম্মুখে যুগল ভাবে অবস্থিতি কর, তোমাদের পাদপদ্মস্থ নখচন্দ্রকৌমুদী আমার নয়নদ্বয়ের চমৎকারকারিণী হউক ॥ ৩২ ॥

অতর্কিত সমীক্ষণোল্লসিতয়া মুদাশ্লিষ্যতো
নিকুঞ্জভবনাঙ্গনে স্ফুরিত গৌরলীলাঙ্গয়োঃ।
রুচঃ প্রচুরয়ন্তু বাং পুরটযূথিকামঞ্জরী
বিরাজদলিরম্যয়োর্মম চমৎকৃতিং চক্ষুষোঃ। ৩৩॥
সাক্ষাৎ কৃতিং বত যয়োর্ন মহত্তমোপি
কর্ত্তুং মনস্যপি মনাক্ প্রভুতামুপৈতি।

অকস্মান্মিলিতৌ তৌ স্বামিনৌ দিদৃক্ষুঃ প্রার্থয়তে অতর্কিতেতি। বাং যুবয়োরুচঃ প্রভাঃ। মম চক্ষুষোশ্চমৎকৃতিং প্রচুরয়ন্তু প্রচুরাং কুর্ব্বন্তু। কেত্যাহ নিকুঞ্জভবনাঙ্গনে। কুঞ্জমন্দির চত্বরে ইত্যর্থঃ। বাং কীদৃশয়োঃ। অতর্কিত মাকস্মিকং যন্মিথঃ সমীক্ষণং তস্মাৎ সমুল্লসিতয়া প্রবৃদ্ধয়া মুদা প্রীত্যা শ্লিষ্যতো রালিঙ্গতোঃ। পুনঃ কীদৃশয়োঃ স্ফুরিতগৌরলীলাঙ্গয়োঃ। তাবুপমিম্বন্ বিশিনষ্টি। পুরটযূথিকা মঞ্জরী চ তস্যাং বিরাজন্নলিশ্চ তয়োরিব রম্যয়োঃ ॥ ৩৩ ॥

স্বাযোগ্যতা মনুভবন্নুত্তপতি সাক্ষাদিতি। বতেতি বিস্ময়ে। মহত্তমঃ সর্ব্বসাধন সম্পন্নোপি সাধুবর্য্যঃ। মনস্যপি যয়োর্হ্লাদিনী বিজ্ঞানঘনয়োঃ

নিকুঞ্জ ভবনমধ্যে তোমাদের পরস্পরের অকস্মাৎ দর্শন জনিত প্রচুর আনন্দ হেতু তোমরা পরস্পর আলিঙ্গন করি-তেছ, ঐ সময়ে নীলাঙ্গ ও গৌরাঙ্গ উভয় মিলিত হইয়া স্বর্ণ যূথিকা কুসুম মঞ্জরীস্থিত ভ্রমরের ন্যায় তোমাদের শ্রীঅঙ্গের লাবণ্য আমার নয়ন যুগলের সমধিক চমৎকারকারিণী হউক ॥ ৩৩ ॥

যোগী তপস্বী প্রভৃতি মহাত্মারা তোমাদের সহিত সাক্ষাৎ করিতে সমর্থ হন না, সে স্থলে ক্ষুদ্রপ্রাণী আমি তাদৃশ

ইচ্ছন্নয়ং নয়নয়োঃ পথি তৌ ভবন্তৌ
জস্তু বি´জিত্য নিজগার ভিয়ং হ্রিয়ঞ্চ ॥ ৩৪ ॥
অথবা মম কিংনু দূষণং বত বৃন্দাবনচক্রবর্ত্তিনৌ।
যুবয়োগু´ণমাধুরী ন বা জনমুন্মাদয়তীহ কং ন বা ॥৩৫॥

সর্ব্বেশ্বরয়োর্মনাগল্পাং সাক্ষাৎকৃতিং কর্ত্তুং প্রভুতাং নোপৈতি সমর্থোন ভবতি। তৌ ভবন্তৌ নয়নয়োঃ পথি ইচ্ছন্ নেত্রগোচরৌ চিকীর্ষন্নয়ং প্রাকৃত করণ কলেবরোঽতি দুর্বাসনো মন্দধী র্মল্লক্ষণো জস্তু র্ভিয়ং হ্রিয়ঞ্চ বিজিত্য নিজগার গিলিতবান্। নির্ভয়ো নির্লজ্জশ্চাহমিত্যর্থঃ ॥ ৩৪ ॥

ঈদৃক্ প্রার্থনে স্বস্যাতি মূর্খতা মুখাপ্যাথ তত্র তন্মাধুর্য্যাঃ কারণতামাহ অথ বেতি। গুণমাধুরী। দীনোদ্ধারকতা পতিতপাবনতাদীনাং গুণানাং রুচিরতা নবা নিত্যনূতনা। কম্বা জনং নোন্মাদয়তি। রম্যে বস্তুনি রঙ্কস্য লোভোবস্তু রম্যত্ব হেতুক ইতি ভাবঃ ॥ ৩৫ ॥

তোমাদিগকে নয়ন পথের পথিক করিব বলিয়া ইচ্ছা করিতেছি, সুতরাং আমি লজ্জা ভয় জয় করিয়া উহা উদ্গীর্ণ করিয়াছি অর্থাৎ অসম্ভব বিষয় প্রার্থনা হেতু আমি লজ্জা-ভয় শূন্য হইয়াছি ॥ ৩৪ ॥

অথবা এ বিষয়ে আমার দোষই বা কি ? হে বৃন্দাবন রাজ ! শ্রীকৃষ্ণ ! হে বৃন্দাবন পট্টমহিষি ! শ্রীরাধিকে ! তোমাদের গুণ মাধুরী ব্যক্তি মাত্রকেই উন্মাদিত করে, সুতরাং তোমাদের লীলাগুণ মধুমত্ত হইয়া এই প্রার্থনা করিতেছি ॥ ৩৫ ॥

অহহ সময়ঃ সোঽপি ক্ষেমোঘটেত নরস্য কিং
ব্রজনটবরো যত্রোদ্দীপ্তা কৃপাসুধয়োজ্জ্বলা।
কৃত পরিজনশ্রেণি চেতশ্চকোরচমৎকৃতি
র্ব্রজতি যুবয়োঃ সা ধক্তেন্দুদ্বয়ী নয়নাধ্বনি ॥ ৩৬ ॥
প্রিয়জনকৃতপার্ষ্ণিগ্রাহ্যর্ব্যোন্নতাভিঃ
সুগহন ঘটনাভির্বক্রিমাড়ম্বরেণ।
প্রণয়কলহকেলিক্ষ্বেলিভির্বামধীশৌ
কি মহ রচয়িতব্যঃ কর্ণয়ো র্বিস্ময়োমে ॥ ৩৭ ॥

হে অধীশৌ বাং যুবয়োঃ প্রণয় কলহকেলি ক্ষ্বেলিভির্মে কর্ণয়ো বিস্ময়ঃ কিং রচয়িতব্যঃ। কিমিতি প্রশ্নে। প্রেম কলহরূপায়াঃ কেলিষু ক্ষ্বেলয়ঃ কৌতুকানি তাভিরিত্যর্থঃ। কীদৃশীভিঃ। পরিজনৈঃ কৃতা যা পার্ষ্ণি গ্রাহচর্য্যা সাহায্যক্রিয়া তয়োন্নতাভিঃ প্রবৃদ্ধাভিঃ। পুনঃ কীদৃশীভিঃ। বক্রিমাড়ম্বরেণ সুগহন ঘটনাভির্নৈবিড্যং নীতাভিরিত্যর্থঃ সৈন্য পৃষ্ঠে পুমান্ পার্ষ্ণিঃ পশ্চাৎ পাদ জিগীষয়োরিতি রত্নকোষঃ ॥ ৩৬ ॥ ৩৭ ॥

হে ব্রজনটবর! শ্রীকৃষ্ণ! হে শ্রীমতি! রাধিকে! অতি-মনোহর, কৃপাপীযূষ পরিপূর্ণ ও ভক্তজন চিত্ত-চকোরের আনন্দপ্রদ তোমাদের উভয়ের বদনেন্দু যে দিনে আমার নয়ন পথের পথিক হইতে পারে, এমন শুভ দিন কি আমার হইবে? ॥ ৩৬ ॥

হে নাথ! শ্রীকৃষ্ণ! হে শ্রীমতি! শ্রীরাধিকে! তোমাদের পরস্পরের পক্ষগণ যাহা লইয়া তুমুল করিতেছে এবং পরস্পরের বক্রোক্তি হেতু যাহার মর্ম্ম অতি দুর্জ্ঞেয় হইয়াছে এইপ্রকার তোমাদের পরস্পরের প্রণয় কলহরূপ কেলিকৌতুক

নিভৃতমপহৃতায়াং মে তয়া বংশিকায়াং
দিশি দিশি দৃশমুৎকাং প্রের্য্য সংপৃচ্ছমানঃ।
স্মিত শবল মুখীভি র্বিপ্রলব্ধঃ সখীভি
স্ত্বমঘহর কদা মে তুষ্টিমক্ষ্ণোর্বিধৎসে ॥ ৩৮ ॥

হে অঘহর ত্বং মেঽক্ষ্ণো স্তুষ্টিং কদা বিধৎসে করিষ্যসি। কীদৃশঃ সন্নিত্য পেক্ষ্যাহ নিভৃতং যথাস্যত্তথা এতয়া শ্রীরাধয়া বংশিকায়ামপহৃতায়াং সত্যাং দিশি দিশি প্রতিদিশমুৎকাং দৃশং প্রের্য্য কয়া মে বংশী হৃতেতি সংপৃচ্ছমানঃ পরিপৃচ্ছন্। তত্র যয়া বংশী ন হৃতা তাং সূচয়ন্তীভিঃ সখীভির্বিপ্রলব্ধো বঞ্চিতঃ। কীদৃশীভিঃ স্মিতেন শবলানি চিত্রাণি মুখানি যাসাং তাভিঃ। ধূর্ত্তরাজোঽয়মাভিঃ সম্যক্ বঞ্চিত ইতি। ত্বদ্দর্শনান্মদক্ষ্ণোঃ পরিতোষঃ ॥ ৩৮ ॥

শ্রবণ করাইয়া আমার শ্রবণেন্দ্রিয়কে কবে চমৎকৃত করিবে? ॥ ৩৭ ॥

হে অঘহর! শ্রীকৃষ্ণ! শ্রীরাধিকা তোমার বংশী চুরী করিলে, (আমার বংশী কে লইল, আমার বংশী কে হরণ করিল এই রূপ) জিজ্ঞাসা করিতে করিতে ইতস্ততঃ বংশী অন্বেষণ করিবে, ঐ সময়ে শ্রীরাধিকার পক্ষ সখীরা (তোমার বংশী এই লইয়াছে বলিয়া) কোন অপর ব্যক্তিকে দেখাইয়া দিবে, সেই সময়ে তুমি তাহার সহিত কলহ করিবে, উক্ত সখীরা ধূর্ত্তকে ঠকাইয়াছি বলিয়া হাস্য করিতে থাকিবে, ঐ সময়ে তোমার তাদৃশ ভাব দর্শন করিয়া আমার নয়ন যুগল কবে পরিতৃপ্ত হইবে? ॥ ৩৮ ॥

ক্ষতমধরদলস্য স্বস্য কৃত্বা ত্বদালী
কৃতমিতি ললিতায়াং দেবি কৃষ্ণে ব্রুবাণে।
স্মিত শবলদৃগন্তাকিঞ্চিদুত্তম্ভিতভ্রূ
র্মমমুদ মুপধাস্যত্যাস্য লক্ষ্মীঃ কদা তে ॥ ৩৯ ॥
কথমিদমপি বাঞ্ছিতুং নিকৃষ্টঃ
স্ফুটময়মর্হতি জন্তুরুত্তমার্হং।

হে দেবি শ্রীরাধে স্বস্যাধরদলস্য স্বদশনাভ্যাং ক্ষতং কৃত্বা ললিতায়াং ত্বদাল্যা রাধয়ৈতৎ ক্ষতং কৃতমিতি কৃষ্ণে ব্রুবাণে কথয়তি সতি। তে তবাস্য লক্ষ্মী মুখশোভা মম মুদং কদোপসমীপে আধাস্যতি ময়ি তা মর্পয়িষ্যতী-ত্যর্থঃ। কীদৃশী সা। স্মিতেন শবলশ্চিত্রো দৃগন্তো যস্যাঃ সেতি কৃষ্ণে মহাবিদূষকত্বং। কিঞ্চিদুত্তম্ভিতভ্রূরিতি মৃষা ভাষিণি তস্মিন্ কোপশ্চ ব্যজ্যতে ॥ ৩৯ ॥

দৈন্যমালম্ব্য পুনরাহ কথমিতি হে আর্ত্তনাথৌ। অয়ং নিকৃষ্টো জন্তুরিদ

হে দেবি শ্রীরাধিকে! শ্রীকৃষ্ণ স্বয়ং অর্থাৎ আপনা আপনি নিজ অধরবিম্ব দন্তদ্বারা ক্ষত করিয়া যখন ললিতার নিকট বলিবেন যে, হে ললিতে! দেখ তোমার সখী শ্রীরাধিকা আমার অধর ক্ষত করিয়া দিয়াছেন, ঐ কথা শ্রবণ করিবামাত্র তুমি ঈষৎ হাস্যমুখী হইয়া ভ্রূকুটী যুক্ত কটাক্ষ দ্বারা শ্রীকৃষ্ণকে দর্শন করিবে, তৎকালোচিত তাদৃশ মুখ শোভা দর্শন করা-ইয়া আমাকে কবে পরিতৃপ্ত করিবে? ॥ ৩৯ ॥

হে কাতরজনপালক শ্রীকৃষ্ণ! হে কাতরজনপালিকে! শ্রীরাধিকে! উত্তম ভক্তগণের প্রাপ্তির যোগ্য তোমাদের

গুরু লঘুগণনোজ্‌ঝিতার্ত্তিনাথৌ
জয়তি তরামথবা কৃপাদ্যুতির্বাং ॥ ৪০ ॥
বৃত্তে দৈবাদ্ব্রজপতিসুহৃন্নন্দিনী বিপ্রলম্ভে
সংরম্ভেণোল্ললিত ললিতা শঙ্কয়োদ্ভ্রান্তনেত্রঃ।

মীদৃশং সেবাসৌভাগ্যমপি কথং বাঞ্ছিতুমর্হতি। কীদৃশমিদং। উত্তমার্হং পরম ভাগবতানাং বাঞ্ছনীয়ং। অথবা বাং যুবয়োঃ কৃপাদ্যুতি র্জয়তি তরাং নিখিলোৎকৃষ্টা বিরাজতে। কীদৃশী সেত্যাহ গুর্ব্বিতি। উৎকৃষ্টাপকৃষ্ট গণনা রহিতেত্যর্থঃ। যত্ত্বপ্যয়মধম স্তথাপি তব কৃপয়ৈবেবং প্রবর্ত্ত্যত ইত্যর্থঃ ॥ ৪০ ॥

তৎকৃপাফলং প্রার্থয়তি বৃত্তে ইতি হে দামোদর ত্বং কদা মমাক্ষ্ণোর্মোদং বিধাতা বিধান কর্ত্তা। কামং যথেচ্ছং। কীদৃশঃ সন্। ব্রজপতি সুহৃন্নন্দিন্যাঃ শ্রীরাধিকায়াঃ বিপ্রলম্ভে দৈবাদ্বৃত্তে সতি শ্রীরাধায়াং বিপ্রলব্ধায়াং সত্যামিত্যর্থঃ। উজ্জ্বলাখ্যঃ শ্রীকৃষ্ণসখঃ স্মরোদেবস্তস্যেদং কর্ম্ম দৈবং তস্মাত্তদিচ্ছাত ইত্যর্থঃ। লীলা বিস্তারার্থা খলু তদিচ্ছৈবং প্রবর্ত্ততে। সংরম্ভেণ ক্রোধেনোল্ললিতা জাজ্বল্যমানা যা ললিতা তস্যাঃ শঙ্কয়া ভীত্যা উদ্ভ্রান্তে ত্রস্তে নেত্রে যস্য সঃ। সময়পটুভিরসজ্ঞাভিঃ সারীভি র্গৌরাটীভির্দ্রাক্ শীঘ্রমুপলভ্যমানঃ পরম সুন্দররূপস্ত্ব তে রাজপুত্রস্যাপি ধীসৌন্দর্য্যং নাস্তি। যদেতামনুপমরূপ গুণাং ত্বদেকতানাং রাজপুত্রীং বঞ্চয়সীতি নির্ভৎস্যমানঃ সন্নিত্যর্থঃ। মোদ-

---

প্রেমসেবা বাঞ্ছা করিতে যদিও এই নিকৃষ্ট ব্যক্তি অযোগ্য হয় তথাপি তোমাদের সর্ব্বোৎকৃষ্ট কৃপা লঘু গুরু গণনা করে না বলিয়া উহা প্রার্থনা করিতে প্রবৃত্ত হইতেছে ॥ ৪০ ॥

হে দামোদর! দৈবায়ত্ত শ্রীরাধিকার সহিত তোমার বিচ্ছেদ হইলে তুমি ললিতার ভয়ে উদ্ভ্রান্ত নয়ন অর্থাৎ পাছে ললিতা আমায় ভৎর্সনা করেন সেই ভয়ে ব্যস্ত হইলে

ত্বং শারীভিঃ সময় পটুভি র্দ্রাগুপালভ্যমানঃ
কামং দামোদর মম কদা মোদমক্ষ্ণো র্বিধাতা ॥ ৪১ ॥
রাসারম্ভে বিলসতি পরিত্যজ্য গোষ্ঠাম্বুজাক্ষী
বৃন্দং বৃন্দাবনভুবি রহঃ কেশবেনোপনীয়।
ত্বাং স্বাধীন প্রিয়তমপদপ্রাপণেনার্চ্চিতাঙ্গীং
দূরে দৃষ্ট্বা হৃদি কিমচিরাদর্পয়িষ্যামি দর্পং ॥ ৪২ ॥

বিধানাভার্থনৈরেবং ব্যজ্যতে কৃষ্ণাস্তাঃ সর্ব্বাঃ কেনচিচ্চাতুর্য্যেণ স্বয্যনুকূলা বিধায় মোদিষ্যে যদি মানঙ্গীকরোষীতি ॥ ৪১ ॥

হে শ্রীরাধে বৃন্দাবন ভুবি ত্বাং দূরাদ্দৃষ্ট্বাহচিরাৎ শীঘ্রং হৃদি কিং দর্পমর্পয়িষ্যামি। ত্বাং কীদৃশীং বিলসতি শ্রীরাসারম্ভে গোষ্ঠাম্বুজাক্ষীবৃন্দং পরিত্যজ্য সর্ব্বাঃ কান্তা বিহায় রহোনির্জ্জনমুপনীয় কেশবেন কর্ত্রাহর্চ্চিতাঙ্গীং কৃতসর্ব্বাঙ্গ কুসুমবেশাং। কেশবেন কীদৃশেনেত্যাহ স্বেতি। স্বাধীনস্য স্ব প্রিয়তমস্য যৎ পদং কুসুমালঙ্কার নির্ম্মাণাদিরূপোব্যবসায় স্তৎ প্রাপ্নোতীতি তেন ত্বদাজ্ঞানুবর্ত্তিনেত্যর্থঃ ॥ ৪২ ॥

নিকুঞ্জস্থ সারিকাগণ সময় পাইয়া ত্বদধীনা রাজনন্দিনী শ্রীরাধিকাকে তুমি বিনাকারণে বঞ্চনা করিয়াছ বলিয়া কত তিরস্কার করিবে, অতএব তৎকালোচিত তোমার তাদৃশ ভাব দর্শন করিয়া আমার নয়ন দ্বয় কবে আনন্দিত করিবে ? ॥ ৪১ ॥

হে শ্রীমতি ! শ্রীরাধিকে ! শ্রীবৃন্দাবনে রাসক্রীড়া আরম্ভ হইলে শ্রীকৃষ্ণ অন্যান্য ব্রজরমণী পরিত্যাগ করিয়া তোমাকে নির্জ্জনে লইয়া গমন করিবেন, অনন্তর শ্রীকৃষ্ণ তোমার অধীন হইয়া নানাপ্রকার কুসুম দ্বারা তোমার বেশ ভূষা করিয়া দিতে-

রম্যা শোণদ্যুতিভিরলকৈর্যাবকেনোর্জ্জদেব্যাঃ
সদ্যস্তন্দ্রী মুকুলদলসক্লান্তনেত্রো ব্রজেশ।
প্রাতশ্চন্দ্রাবলি পরিজনৈঃ সাচিদৃষ্টা বিবর্ণৈ
রাস্য শ্রীস্তে প্রণয়তি কদা সম্মদং মে মুদঞ্চ॥ ৪৩

হে ব্রজেশ তে তবাস্যশ্রীমুখশোভা কদা মে সম্মদমতিদর্পং মুদং হর্ষঞ্চ প্রণয়তি করিষ্যতি। দর্পোমদোবলোপেচ ইতি হলায়ুধঃ। কীদৃশী সা উর্জ্জদেব্যাঃ শ্রীরাধায়া যাবকেন পাদালক্তকেন প্রসাদন প্রণতি লগ্নেন শোণদ্যুতিভিরলকৈ রম্যা। পুনঃ কীদৃশী। সদ্যস্তৎ ক্ষণং সদ্যঃ সপদি তৎক্ষণে ইত্যমরঃ। তন্দ্র্যা কিঞ্চিন্নিদ্রয়া মুকুলন্তী মুকুলায়মানে অলসে ক্লান্তেচ নেত্রে যস্যাং সা। পুনঃ কীদৃশী। বিবর্ণৈশ্চন্দ্রাবলিপরি জনৈঃ প্রাতঃ সাচি বক্রং দৃষ্টা॥ ৪৩॥

ছেন, ঐ ঘটনা দূর হইতে দর্শন করিয়া আমি নিজ হৃদয়ে কবে অসীম আনন্দ স্থাপন করিব ?॥ ৪২॥

হে ব্রজরাজ! তুমি চন্দ্রাবলীর কুঞ্জ হইতে প্রাতঃকালে শ্রীরাধিকার কুঞ্জে আগমন করিয়া মানিনী শ্রীরাধিকার মান ভঞ্জনের নিমিত্ত তোমার অলক্তাঙ্কিত চরণে মস্তক অবনতি হেতু তোমার অলকাবলি লোহিত বর্ণ হইয়াছে, এবং রাত্রি জাগরণ হেতু তোমার নয়ন যুগল নিদ্রাবেশে মুকুলিত ও আলস্য পূর্ণ হইয়া ক্লান্ত হইতেছে, অন্যদিকে চন্দ্রাবলীর সখীগণ বিবর্ণা হইয়া বক্র দৃষ্টিতে তোমার ভাব দর্শন করিতেছে, অতএব তোমার তৎকালোচিত তাদৃশী সুখ শোভা কবে আমার হৃদয়ে গর্ব্ব ও আনন্দ বিস্তার করিবে?॥ ৪৩॥

ব্যাত্যুক্ষী রভসোৎসবেঽধরসুধা পানগ্লহে প্রস্তুতে
জিত্বা পাতু মথোৎসুকেন হরিণা কণ্ঠে ধৃতায়াঃ পুরঃ।

হে দেবি ব্যাত্যুক্ষী রভসোৎসবে তব তদ্বক্ত্রং কদাহং প্রেক্ষিষ্যে। যন্ত্রাদিনা মিথোঽম্বুসেকো ব্যাত্যুক্ষী। কর্ম্মব্যতিহারেণচ স্ত্রিয়ামিতি সূত্রাৎ পদ সিদ্ধিঃ। তস্যাং যো রভসো বেগস্তদ্‌যুক্তে উৎসবে ইত্যর্থঃ তস্মিন্ কীদৃশে। অধরসুধা-পানমেব গ্লহঃ পণো যস্মিং স্তাদৃশে। তব কীদৃশ্যাঃ। তদুৎসবে জিত্বা বিজয়-মাসাদ্য পুরঃ সখীনামগ্রে ত্বদধর সুধাং পাতুমুৎসুকেন হরিণা কণ্ঠে ধৃতায়াঃ গৃহীতায়াঃ। তদ্বক্ত্রং কীদৃশং ঈষদল্পঃ শোণিমা যস্মিন্ তৎ মীলিতে মুদ্রিতে অক্ষিণী যত্র তৎ। অনৃজূ কুটিলে ভ্রূবল্ল্যৌ যত্র তৎ। হেলয়ানাদরেণোন্নতং। অত্র কিলকিঞ্চিত কুট্টমিত বিব্বোকাস্ত্রয়ো ভাবা বর্ণিতাঃ। এষাং লক্ষণানি যথা। গর্ব্বস্মিতাভিলাষাদের্ভী কোপাদেশ্চ মিশ্রণং। প্রমোদাৎ প্রেয়সঃ

হে দেবি! শ্রীরাধিকে! অধর সুধাপান পণ রাখিয়া তোমাদের জল ক্রীড়া আরম্ভ হইলে ঐ ক্রীড়ায় জয় লাভ করিয়া শ্রীকৃষ্ণ আনন্দ মনে অধর সুধাপানের নিমিত্ত তোমার কণ্ঠদেশ গ্রহণ করিবেন, তখন বাহ্য কোপ প্রকাশ হেতু আরক্ত নয়ন ও কুটিল ভ্রূলতার উৎক্ষেপ হেতু এবং অনাদর হেতু উন্নত, হাস্য ও রোদন মিশ্রিত তোমার মুখ পদ্ম আমি কবে দর্শন করিব। (এই শ্লোকে কিলকিঞ্চিত, কুট্টমিত, বিব্বোক, এই তিনটী ভাব বর্ণিত হইয়াছে। নায়ক নায়ি-কার সঙ্গকালে অতিশয় আনন্দ হেতু নায়িকার গর্ব্ব, হাস্য ও অভিলাষাদি যদি ভয় কোপ প্রভৃতি দ্বারা বিমিশ্রিত হয় তাহা হইলে ঐ ভাবকে কিলকিঞ্চিত বলিয়া পণ্ডিতগণ কীর্ত্তন

ঈষৎ শোণিমমীলিতাক্ষমনৃজু ভ্রূবল্লি হেলোন্নতং
প্রেক্ষিষ্যে তব সস্মিতং স রুদিতং ত্বদ্দেবি বক্ত্রং কদা ॥৪৪॥
আলীভিঃ সমমভ্যুপেত্য শনকৈর্গান্ধর্বিকায়াং মুদা
গোষ্ঠাধীশ কুমার হন্ত কুসুমশ্রেণীং হরন্ত্যাং তব।
প্রেক্ষিষ্যে পুরতঃ প্রবিশ্য সহসা গূঢ়স্মিতাস্যং বলা
দাচ্ছিন্দানমিহোত্তরীয়মুরসস্ত্বাং ভানুমত্যাঃ কদা ॥ ৪৫ ॥

সঙ্গং কথ্যতে কিলকিঞ্চিতং। দয়িতে কুচসংস্পর্শ মুখচুম্বাদি কুর্ব্বতি। হৃদ্যা-নন্দোবহিঃ ক্রোধঃ স্মৃতং কুট্টমিতং বুধৈঃ। বিব্বোকঃ কথ্যতে গর্ব্বাদিষ্টে বস্তুন্যনাদর ইতি। এতানি লগ্নেষু যোজ্যানি ॥ ৪৪ ॥

হে গোষ্ঠাধীশকুমার। আলীভির্ললিতাদিভিঃ সমং গান্ধর্ব্বিকায়াং শনকৈ স্তব পুষ্প বাটীমুপেত্য কুসুম শ্রেণীং হরন্ত্যাং সত্যাং সহসা পুরতঃ প্রবিশ্য ভানুমত্যা গান্ধর্ব্বিকা সহচর্য্যা উরস উত্তরীয়ং বলাদাচ্ছিন্দানং ত্বামহং কদা প্রেক্ষিষ্যে। অতর্কিতেতু সহসেত্যমরঃ। ত্বাং কীদৃশং গূঢ় স্মিতাস্যং ॥ ৪৫ ॥

করেন। স্তনস্পর্শ ও মুখ চুম্বনাদি করিলে যদি নায়িকার বাহিরে কোপ প্রকাশ ও অন্তরে আনন্দ হয়, তাহা হইলে ঐ ভাবকে কুট্টমিত বলিয়া পণ্ডিতেরা বর্ণন করেন। গর্ব্ব হেতু ইষ্ট বস্তুতে অনাদর প্রকাশের নাম বিব্বোক) ॥ ৪৪ ॥

হে ব্রজেন্দ্র নন্দন! ললিতাদি সখীগণে পরিবেষ্টিত হইয়া শ্রীরাধিকা তোমার পুষ্প বাটিকায় প্রবেশ করিয়া অলক্ষ্য-ভাবে আনন্দে পুষ্প চয়ন করিতেছেন, ঐ সময়ে তুমি হঠাৎ ঐ স্থানে প্রবেশ করিয়া শ্রীরাধিকার সহচরী ভানুমতীর

উদঞ্চতি মধুৎসবে সহচরীকুলেনাকুলে
কদা ত্বমবলোক্যসে ব্রজপুরন্দরস্যাত্মজ।
স্মিতোজ্জ্বল মদীশ্বরী চলদৃগঞ্চল প্রেরণা
ন্নিলীনগুণমঞ্জরীবদনমত্র চুম্বন্ময়া ॥ ৪৬ ॥
কলিন্দতনয়াতটীবনবিহারতঃ শ্রান্তয়োঃ
স্ফুরন্মধুরমাধবীসদনসীম্নি বিশ্রাম্যতোঃ।

হে ব্রজপুরন্দরস্যাত্মজ। সহচরীকুলেন সখীবৃন্দেনাকুলে ব্যাপ্তে মধুৎসবে বসন্ত মহসি উদঞ্চতি সতি ত্বং ময়া কদাবলোক্যসেঽবলোকিতো ভবিষ্যসি। কীদৃশস্ত্বং স্মিতোজ্জ্বলেন মদীশ্বর্য্যাঃ শ্রীরাধায়াশ্চলদৃগঞ্চলেন প্রেরণাৎ প্রবর্ত্তনাদ্ধেতোঃ। নিলীনায়াঃ কচিন্নিলীয় স্থিতায়া গুণমঞ্জর্য্যাস্তদাখ্যায়াঃ সখ্যা বদনং চুম্বন্ ॥ ৪৬ ॥

এবং বিনোদ দর্শনং সংপ্রার্থ্য পুনঃ সেবাং প্রার্থয়তি কলিন্দেতি। হে অধীশৌ। অনেন মল্লক্ষণেন জনেন স্বকচবৃন্দমাত্মকেশজূটমুন্মুচ্য যুবয়োঃ

বক্ষঃস্থল হইতে উত্তরীয় বসন বল পূর্ব্বক গ্রহণ করিয়া এবং ঐ সময়ে বাহিরে কোপ প্রকাশ ও অন্তরে হাস্য যুক্ত তোমার মুখপদ্ম আমি কবে দর্শন করিব ? ॥ ৪৫ ॥

হে ব্রজেন্দ্রনন্দন ! সখীগণে বেষ্টিত হইয়া তোমাদের বসন্তোৎসব আরম্ভ হইলে হাস্যমুখী শ্রীরাধিকার চপল কটাক্ষ প্রেরণে অর্থাৎ তাঁহার ইঙ্গিত হেতু নিভৃত স্থানে অবস্থিত গুণ মঞ্জরী নামিকা কোন সখীর বদন চুম্বন করিতেছ, এই প্রকার তোমাকে আমি কবে দর্শন করিব ॥ ৪৬ ॥

হে নাথ ! শ্রীকৃষ্ণ ! হে শ্রীমতি ! শ্রীরাধিকে ! তোমরা

বিমুচ্য রচয়িষ্যতে স্বকচবৃন্দমত্রামুনা
জনেন যুবয়োঃ কদা পদসরোজসম্মার্জনং ॥ ৪৭ ॥
পরিমিলদুপবর্হং পল্লবশ্রেণিভির্বাং
মদন সমরচর্য্যাভারপর্য্যাপ্তমত্র।
মৃদুভিরমলপুষ্পৈঃ কল্পয়িষ্যামি তল্পং
ভ্রমরযুজি নিকুঞ্জে হা কদা কুঞ্জরাজৌ ॥ ৪৮ ॥

পদসরোজ সংমার্জ্জনং পাদেভ্যো রজসামপনয়নং কদা করিষ্যত ইত্যন্বয়ঃ। যুবয়োঃ কথম্ভূতয়োরিত্যপেক্ষায়াং কলিন্দেত্যাদিকং বিশদার্থং ॥ ৪৭ ॥

হে কুঞ্জরাজৌ অত্র নিকুঞ্জে মৃদুভিঃ কোমলৈ রমলপুষ্পৈর্বাং যবয়োস্তল্পং শয্যাং কদাহং রচয়িষ্যামি। নিকুঞ্জে কীদৃশি। ভ্রমরাণাং যুক্ যোগো যত্র এতাদৃশি। তল্পং কীদৃশং। পল্লবশ্রেণীভিঃ পরিমিলদুপবর্হং। উপবর্হং উপধানং পুনঃ কীদৃশং। মদন সমরচর্য্যায়া ভারে পর্য্যাপ্তং তদ্ভার সহন ক্ষমমিত্যর্থঃ ॥ ৪৮ ॥

কালিন্দীতটবর্ত্তি বনবিহারে পরিশ্রান্ত হইয়া মাধবীলতামূলে বিশ্রাম করিতেছে, ঐ সময়ে নিজ কেশপাশ মুক্ত করিয়া উহা দ্বারা তোমাদের পাদপদ্মরজের মার্জ্জনা আমি কবে করিব ? ॥ ৪৭ ॥

ভ্রমর শোভিত নিকুঞ্জবন মধ্যে নবপল্লব দ্বারা উপধান (বালিষ) ও সুকোমল পুষ্প আস্তরণ করিয়া মদন যুদ্ধের ভার সহন ক্ষম তোমাদের পুষ্পশয্যা আমি কবে প্রস্তুত করিয়া দিব। ৪৮ ॥

অলিদ্যুতিভিরাহৃতৈর্মিহিরনন্দিনীনির্ঝরাৎ
পুরঃ পুরট ঝর্ঝরীপরিভৃতৈঃ পয়োভির্ময়া।
নিজপ্রণয়িভির্জনৈঃ সহ বিধাস্যতে বাং কদা
বিলাস শয়নস্থয়োরিহ পদাম্বুজক্ষালনং ॥ ৪৯ ॥
লীলাতল্পে কলিতবপুষোর্ব্যাবহাসীমনল্পাং
স্মিত্বা স্মিত্বা জয়কলনয়া কুর্ব্বতোঃ কৌতুকায়।

নিজপ্রণয়িভির্জনৈঃ সহ ময়া বাং যুবয়োঃ পদাম্বুজক্ষালনং পয়োভির্জলৈঃ কদা বিধাস্যতে করিষ্যতে। মুখাম্বুজক্ষালনস্যাপ্যুপলক্ষণমিদং। বাং কীদৃশয়োরিত্যাহ বিলাসেতি। পয়োভিঃ কীদৃশৈঃ অলিদ্যুতিভিঃ শ্যামকান্তিভিঃ। কালিন্দী কালসলিলা ইতি স্মরণাৎ। মিহিরনন্দিনীনির্ঝরাৎ কালিন্দীপ্রবাহাদাহৃতৈরানীতৈঃ। পুরট ঝর্ঝরীষু স্বর্ণভৃঙ্গারকেষু পরিভৃতৈঃ ॥ ৪৯ ॥

হে অধীশৌ কৃতদ্যূতকলহয়ো র্বাং যুবয়োঃ সন্ধ্যারম্ভে মিলনোপক্রমে জাতে মধ্যে কুঞ্জমহং পদাম্ভোজসংবাহনানি কিং করিষ্যামি। কুঞ্জস্য মধ্যে মধ্যে কুঞ্জমিত্যব্যয়ীভাবঃ। পারে মধ্যে ষষ্ঠ্যাবেতি সূত্রাৎ। যুবয়োঃ কীদৃশয়োঃ।

হে নিকুঞ্জরাজ! শ্রীকৃষ্ণ! হে নিকুঞ্জপট্টমহিষি! শ্রীরাধিকে! বিলাস শয্যাস্থ তোমাদের পাদপ্রক্ষালন ও মুখ প্রক্ষালনের জন্য সখীগণে পরিবেষ্টিত হইয়া ভ্রমর মালার ন্যায় কৃষ্ণবর্ণ কালিন্দীনদীর জল স্বর্ণভৃঙ্গারে পূর্ণ করিয়া আমি কবে তোমাদের নিকট আনয়ন করিব? ॥ ৪৯ ॥

হে নাথ! শ্রীকৃষ্ণ! হে মদীশ্বরি! শ্রীরাধিকে! সন্ধ্যার সময়ে নিকুঞ্জ মধ্যে বিলাস শয্যায় আরোহণ করিয়া তোমা-

মধ্যে কুঞ্জং কিমিহ যুবয়োঃ কল্পয়িষ্যাম্যধীশৌ
সন্ধ্যারম্ভে লঘু লঘু পদাম্ভোজসম্বাহনানি ॥ ৫০ ॥
প্রমদ মদনযুদ্ধারম্ভসম্ভাবুকাভ্যাং
প্রমুদিত হৃদয়াভ্যাং হন্ত বৃন্দাবনেশৌ।
কিমহমিহ যুবাভ্যাং পানলীলোন্মুখাভ্যাং
চষকমুপহরিষ্যে সাধু মাধ্বীকপূর্ণং ॥ ৫১ ॥
কদাহং সেবিষ্যে ব্রততিচমরীমচামর মরু
দ্বিনোদেন ক্রীড়াকুসুমশয়নে ন্যস্তবপুষৌ।

জয়কলনয়া বিজয়েচ্ছয়াহনল্পাং ব্যবহাসীং মিথঃ পরিহাসং কুর্ব্বতোঃ ব্যাত্যুক্ষীবৎ পদসিদ্ধিঃ স্ফুটমন্যৎ ॥ ৫০ ॥

হে বৃন্দাবনেশৌ পানলীলোন্মুখাভ্যাং যুবাভ্যামহং সাধু মাধ্বীকপূর্ণং চষকমুপহরিষ্যে দাস্যামি। চষকোঽস্ত্রী পানপাত্রমিত্যমরঃ। প্রকৃষ্টো মদো যত্র তস্য মদনযুদ্ধস্যারম্ভে সংভাবুকাভ্যামতিকুশলাভ্যাং ॥ ৫১ ॥

হে ব্রজনবযুযানৌ ব্রততি চমরীচামরমরুদ্বিনোদেন যুবামহং কদা সেবিষ্যে।

দের দ্যূতক্রীড়া আরম্ভ হইলে পরস্পর জয়াকাঙ্ক্ষী হইয়া হাস্য পরিহাস কৌতুক করিবে, আমি ঐ সময়ে তোমাদের মৃদু মৃদু পাদ সম্বাহন করিব, এমন দিন কি আমার হইবে ? ॥ ৫০ ॥

হে বৃন্দাবনেশ্বর ! হে বৃন্দাবনেশ্বরি ! এই নিকুঞ্জ বন মধ্যে তোমরা স্মরবিলাস পটু ও পরস্পর হৃষ্টচিত্ত হইয়া মধু পানের নিমিত্ত ইচ্ছুক হইলে ঐ সময়ে মধুপূর্ণ পান পাত্র তোমাদের নিকট উপহার দিয়া আমি কবে চরিতার্থ হইব ? ॥ ৫১ ॥

দরোন্মীলন্নেত্রৌ শ্রমজলকণক্লিদ্যদলকৌ
ক্রুবানাবন্যোন্যং ব্রজনবযুবানাবিহযুবাং ॥ ৫২ ॥
চ্যুতশিখরশিখণ্ডাং কিঞ্চিদুৎস্রংসমানাং
বিলুঠদমলপুষ্পশ্রেণিমুন্মুচ্য চূড়াং।
দনুজদমনদেব্যাঃ শিক্ষয়া তে কদাহং
কমল কলিত কোটিং কল্পয়িষ্যামি বেণীং ॥ ৫৩ ॥

ব্রততীনাং লতানাং যাশ্চমর্য্যো মঞ্জর্য্যস্তাভি র্নির্ম্মিতস্ত চামরস্ত ব্যজনস্ত যোমরুৎ পবন স্তস্তবিনোদেন চালনেনেত্যর্থঃ স্ফুটমন্যৎ ॥ ৫২ ॥

হে দনুজদমনদেব্যাঃ শ্রীরাধায়াঃ শিক্ষয়োপদেশেন তে তব চূড়া মুন্মুচ্য **বেণীং কল্পয়িষ্যামি** রচয়িষ্যামি। চূড়াং কীদৃশীং চ্যুতঃ শিখরাদগ্রাৎ শিখণ্ডশ্চন্দ্রকো যস্যাস্তাং। কিঞ্চিদল্পং বিস্রংসমানাং শ্লথবন্ধাং। অতএব বিলুঠন্ত্যধঃ পতন্তী অমলপুষ্পশ্রেণি র্যস্যাস্তাং। বেণীং কীদৃশীং কমলেন পদ্মেন কলিতা যুক্তা কোটি রগ্রং যস্যাস্তাং। স্যাৎ কোটিরস্রৌ চাগ্রেপি সংখ্যাভেদ প্রকর্ষয়োরিতি বিশ্বঃ ॥ ৫৩ ॥

হে ব্রজনবযুবরাজ! শ্রীকৃষ্ণ! হে ব্রজনবযুবতীশ্রেষ্ঠে! শ্রীরাধিকে! বিলাস কুসুমশয্যায় শয়ান হইয়া তোমাদের নয়ন দ্বয় ঈষৎ উন্মীলিত ও ঘর্ম্মজল কণায় অলকাবলী আর্দ্র হইবে এবং পরস্পর পরস্পরের শ্রান্তি সূচক আলাপে রত হইবে, ঐ সময়ে লতা মঞ্জরীরূপ চামর দ্বারা আমি কবে তোমাদিগকে ব্যজন করিব ॥ ৫২ ॥

হে দনুজদমন! শ্রীকৃষ্ণ! শ্রীরাধিকার উপদেশে তোমার চূড়াবন্ধন আলুলায়িত করিয়া তাহা হইতে ময়ূরপুচ্ছ ও

কমলমুখি বিলাসৈরংসয়োঃ স্রংসিতানাং
তুলিত শিখিকলাপং কুন্তলানাং কলাপং।
তব কবরতয়াবির্ভাব্য মোদাৎ কদাহং
বিকচ বিচকিলানাং মালয়ালঙ্করিষ্যে ॥ ৫৪ ॥
মিথঃ স্পর্দ্ধাবন্ধে বলতি বল ত্যক্ষকলহে
ব্রজেশ ত্বাং জিত্বা ব্রজযুবতিধম্মিল্লমণিনা।

হে কমলমুখি শ্রীরাধিকে কদা তব কুন্তলানাং কলাপং বৃন্দং কবরতয়া বির্ভাব্য তস্য বন্ধবিশেষং নির্ম্মায়েত্যর্থঃ। বিকচবিচকিলানাং বিকসিত মল্লীনাং মালয়াহমলঙ্করিষ্যে। তদ্বন্ধবিশেষাঃ স্যুর্বেণী ধম্মিল্ল কুন্তলকবর্য্য ইতি মল্লিকাং বিচকিলমিতি চ হলায়ুধঃ। কুন্তলানাং কীদৃশানাং বিলাসৈর্হেতুভি রংসয়োঃ স্কন্ধয়োঃ স্রংসিতানাং স্খলিতানাং। তেষাং কলাপং কীদৃশং তুলিতাঃ স্বসাদৃশ্যং নীতাঃ শিখিকলাপাঃ কেকিপুচ্ছা যেন তং ॥ ৫৪ ॥

হে ব্রজেশ ব্রজযুবতি ধম্মিল্ল মণিনাঽস্মৎস্বামিন্যা শ্রীরাধয়াঽক্ষকলহে ত্বাং জিত্বা দৃগন্তেন ক্ষিপ্তাঃ প্রেরিতা বয়ং ইহাক্ষকলহে পণং তব কুরঙ্গং হরিণং

পুষ্প সকল অপসারিত করিয়া চূড়ার পরিবর্ত্তে অগ্রভাগে কমল কুসুম শোভিত বেণীবন্ধন কবে আমি রচণা করিয়া দিব ॥ ৫৩ ॥

হে কমলমুখি! শ্রীরাধিকে! স্মরবিলাসে শিখিকলাপ তুল্য তোমার কেশকলাপ আলুলায়িত হইয়া স্কন্ধাবলম্বী হইলে পুনর্ব্বার কবরী বন্ধন করিয়া ঐ কবরী বিকসিত মল্লিকামালায় কবে আমি সুশোভিত করিব ॥ ৫৪ ॥

হে ব্রজযুবরাজ! তোমাদের পরস্পরের কুরঙ্গ পণ রাখিয়া দ্যুত ক্রীড়া আরম্ভ হইলে ঐ ক্রীড়ায় ব্রজরমণীর শিরোমণি

দৃগন্তেন ক্ষিপ্তা পণমিহ কুরঙ্গং তব কদা
গ্রহীষ্যামোবদ্ধা কলয়তি বয়ং ত্বৎপ্রিয়গণে॥ ৫৫ ॥
কিং ভবিষ্যতি শুভঃ স বাসরো
যত্র দেবি নয়নাঞ্চলেন মাং।
গর্ব্বিতং বিহসিতুং নিযোক্ষ্যসে
দ্যূতসংসদি বিজিত্য মাধবং॥ ৫৬ ॥

বদ্ধা কদা গ্রহীষ্যাম ত্বৎ প্রিয়গণে মধুমঙ্গলাদিকে কলয়িত পশুতি। সতি অক্ষকলহে কীদৃশে মিথঃ স্পর্দ্ধয়ের্ষয়াবদ্ধে। বলবতি প্রবলে বলতি বর্দ্ধমানে॥ ৫৫ ॥

হে দেবি শ্রীরাধিকে স্বামিনি স শুভোবাসরো দিবসঃ কিং মে ভবিষ্যতি। যত্র বাসরে দ্যূতসংসদি ভুজবলেন গর্ব্বিতং মাধবং বিজিত্য তং বিহসিতুং ত্বং মাং নিযোক্ষ্যসে প্রবর্ত্তয়িষ্যসি। ক্ব গতোঽধুনা ভবতো গর্ব্বঃ। দ্যূতং খলু ধীবলেন সাধ্যং নতু বাহুবলেন। যেনাসুরান্নিহত্য ভবান্ গর্ব্বিতোঽসীতি ভবন্তমহং পরিহসিষ্যামীতি॥ ৫৬ ॥

শ্রীরাধিকা তোমাকে পরাজিত করিয়া (শ্রীকৃষ্ণের কুরঙ্গ লইয়া আইস এই অভিপ্রায়ে) ইঙ্গিত করিলে আমরা তোমার প্রিয়সখা মধুমঙ্গলাদির সমক্ষ হইতে কুরঙ্গ বাঁধিয়া লইয়া কবে মদীশ্বরী শ্রীরাধিকার নিকট উপস্থিত করিব॥ ৫৫ ॥

হে দেবি ! শ্রীরাধিকে ! আমার কি সেই শুভদিন হইবে ? যে দিন তুমি দ্যূতক্রীড়ায় শ্রীকৃষ্ণকে পরাজয় করিয়া দ্যূতক্রীড়ানভিজ্ঞ মাত্র ভুজবল গর্ব্বিত ইত্যাদি পরিহাস বাক্যে

কিং জনস্য ভবিতাঽস্য তদ্দিনং
যত্র নাথ মুহুরেনমাদৃতঃ।
ত্বং ব্রজেশ্বরবয়স্যনন্দিনী
মানভঙ্গবিধিমর্থয়িষ্যসে ॥ ৫৭ ॥
ত্বদাদেশং সারী কথিতমহমাকর্ণ্যমুদিতো
বসামি ত্বৎ কুণ্ডোপরি সখি বিলম্বস্তব কথং।

হে নাথ স্বামিন্ অস্য জনস্য তদ্দিনং কিং ভবিতা ভাবি। যত্র দিনে ত্বমাদৃতঃ কৃতমৎ সংকারঃ সন্ ব্রজেশ্বরঃ বয়স্যস্য বৃষভানো র্নন্দিন্যাঃ শ্রীরাধায়া মানিন্যা মানভঙ্গবিধিমেনং মল্লক্ষণং জনমর্থয়িষ্যসে। হে সুন্দরি সৌহার্দ্দাদি গুণবতি মদেকহিতে শ্রীরাধা প্রতিক্ষণাঙ্গসেবয়া ত্বয্যনুরক্তা ত্বদ্বাচ মঙ্গীকুর্য্যাদেবেতি তদ্বিধিং ভিক্ষিষ্যসে ইত্যর্থঃ ॥ ৫৭ ॥

হে দামোদর ইত্যেবংবিধং মম সন্দেশ কুসুমং শ্রীদায়ঃ স্বসরি ভগিন্যাং শ্রীরাধায়াং হর প্রাপয় ইতি বচসা ত্বমমুং মল্লক্ষণং জনং কদা নোৎস্যসি।

শ্রীকৃষ্ণকে অপ্রস্তুত করিবার নিমিত্ত আমাকে ইঙ্গিত করিবে আমি তাদৃশ আজ্ঞাপালন করিয়া তোমার সন্তোষ বিধান করিব? ॥ ৫৬ ॥

হে নাথ! শ্রীকৃষ্ণ! আমার কি সেই দিন হইবে? যে দিন নিজ সখী বলিয়া সমাদর পূর্ব্বক বৃষভানুনন্দিনীর মানভঙ্গ করিতে আমাকে আজ্ঞা করিবে? ॥ ৫৭ ॥

হে দামোদর! সারিকা কথিত তোমার আদেশ শ্রবণ করিয়া আমি পুলকিত মনে শ্যামকুণ্ডের তীরে উপবেশন করিব, ঐ সময়ে শ্রীরাধিকার আগমনে বিলম্ব দেখিয়া তুমি আমাকে

ইতীদং শ্রীদামস্বসরি মম সন্দেশকুসুমং
হরেতি ত্বং দামোদর জনমমুং নোৎস্যসি কদা ॥ ৫৮ ॥
শঠোয়ং নাবেক্ষ্যঃ পুনরিহ ময়া মানধনয়া
বিশন্তং স্ত্রীবেশং সুবলসুহৃদং বারয় গিরা।

প্রেরয়িষ্যসি। কিং বিধং তদিতি চেত্তত্রাহ হৃদিত্যর্দ্ধকং বিশদার্থং ॥ ৫৮ ॥

হে শ্রীরাধিকে স্বামিনি তে সাকূতং সাভিপ্রায়ং বচনমযথার্থ্য নিশ্চিত্যো ছলিতধী বিবৃদ্ধমতিরহং ছলাটোপৈর্বঞ্চনাড়ম্বরৈঃ গোপপ্রবরং গোপাল চূড়ামণিং কৃষ্ণং কিমবরোৎস্যামি। কিং তদ্বচনং তদাহ শঠোয়মিতি। চাটুবচনৈ র্বহিরনুরঞ্জয়নপ্যন্তরপ্রিয়তরকারিত্বাৎ কৃষ্ণঃ শঠঃ। ততোহয়ং মানধনয়া ময়া নাবেক্ষ্যঃ। মদীক্ষায়ৈ স্ত্রীবেশং সন্তং মন্মন্দিরে বিশন্তং সুবল-সুহৃদং তং ছলগিরা ত্বং বারয় নিষেধ। সুবলোহি স্ত্রীবেশেনাস্মদ্গুরূন্ প্রতা-রয়েৎ তত ইয়ং বিদ্যা তেনাপি লব্ধা। ততোঽস্ক বচসা নিরস্যমানঃ সশাঠ্যং বিহাস্যতীতি তদা কৃতং দৈত্যবিমোহনায় ভবতঃ স্ত্রীবেশঃ পুরাভূয়চাত্র কশ্চিৎ

দূতী করিয়া কবে শ্রীরাধার নিকট প্রেরণ করিবে? অর্থাৎ সখি! তোমার আগমনে এত বিলম্ব হইতেছে কেন? ইত্যাদি তোমার বাক্য কুসুম লইয়া শ্রীরাধিকার নিকট কবে উপস্থিত হইব? ॥ ৫৮ ॥

হে শ্রীরাধিকে! তুমি মানিনী হইলে (সেই চতুরতম শ্রীকৃষ্ণের মুখ আর আমি দেখিব না, সুবলপ্রিয় শ্রীকৃষ্ণ স্ত্রী-বেশ ধারণ করিয়া আমার কুঞ্জে আসিতেছে অতএব উহাকে নিষেধ কর,) ইত্যাদি তোমার অভিপ্রেত বাক্য নিশ্চয় করিয়া ইঙ্গিতজ্ঞা আমি সেই গোপরাজ শ্রীকৃষ্ণকে রূঢ় বাক্য

ইদন্তে সাকূতং বচনমবধার্য্যোচ্ছলিতধী
শ্ছলাটোপৈ গোঁপপ্রবরমবরোৎস্যামি কিমহং ॥ ৫৯ ॥
অঘহর বলীবর্দ্দঃ প্রেয়ান্নব স্তব যোব্রজে
বৃষভবপুষা দৈত্যেনাসৌ বলাদভিযুজ্যতে।
ইতি কিল মৃষা গীর্ভিশ্চন্দ্রাবলীনিলয়স্থিতং
বনভূবি কদা নেষ্যামি ত্বাং মুকুন্দ মদীশ্বরীং ॥ ৬০ ॥

দৈত্যোঽস্তীতি কিঞ্চ প্রস্থস্বরয়া ভবন্তমাকারয়তীতি। মৎস্বামিনীমভিতঃ স্থিতাভি রতিচতুরাভিঃ প্রতিবেশিনীভিঃ স্ত্রীবেশোপি ভবান্ পরিচীয়েত। তস্মান্নাত্যত্র প্রবেশাবসরঃ স্বশাঠ্যং ধ্যায়ন্ স্ববেশ্মৈব স্বামী প্রতিযাত্বিতি ছলাটোপাঃ ॥ ৫৯ ॥

হে মুকুন্দ চন্দ্রাবলীনিলয়স্থিতং ত্বামহমিতি মৃষা গীর্ভির্বনভূবি স্থিতাং মদীশ্বরীং কদা নেষ্যামি কা স্তা মৃষাগির স্তত্রাহ। হে অঘহর তব প্রেয়ান্ যো নবো বলীবর্দ্দো বৃষভঃ অসৌ বৃষভবপুষা দৈত্যেন বলাদভিযুজ্যতে প্রহীয়তে ইত্যেবং বিধাঃ। তথাচানৃতোক্তিবৈমুখ্যভাগপ্যহমনৃতবাক্যেনাপি ত্বাং সুথয়ামি ত্বাং চেৎ স্বীকরোষীতি ॥ ৬০ ॥

দ্বারা কবে নিষেধ করিব? অর্থাৎ তুমি শ্রীরাধার কুঞ্জে আসিও না, এ স্থানে আসিলে তোমার ভাল হইবে না, ইত্যাদি কঠোর বাক্যে শ্রীকৃষ্ণকে কবে নিষেধ করিব? ॥ ৫৯ ॥

হে অঘহর! হে মুকুন্দ! শ্রীবৃন্দাবনে বৃষভাকার কোন দৈত্য আসিয়া তোমার প্রিয়তম সেই নবীন বৃষটীর উপর বড়ই উৎপাত করিতেছে অতএব তুমি শীঘ্র আসিয়া

নিগিরতি জগদুচ্চৈঃ সূচিভেদ্যে তমিস্রে
ভ্রমররুচিনিচোলেনাঙ্গমাবৃত্য দীপ্তং।
পরিহৃত মণিকাঞ্চী নূপুরায়াঃ কদাহং
তব নবমভিসারং কারয়িষ্যামি দেবি॥ ৬১॥
আস্যে দেব্যাঃ কথমপি মুদা ন্যস্তমাস্যাত্ত্বয়েশ
ক্ষিপ্তং পর্ণে প্রণয়জনিতাদ্দেবি বাম্যাত্ত্বয়াগ্রে।

হে দেবি সূচিভেদ্যেঽতি নিবিড়ে তমিস্রেঽন্ধকারে উচ্চৈ র্জগন্নিগিরতি সতি ভ্রমররুচিনা নিচোলেন প্রচ্ছদেন দীপ্তং বিদ্যুৎপ্রভং তবাঙ্গমাবৃত্য নব মভিসারং কদাহং কারয়িষ্যামি। নিচোলঃ প্রচ্ছদপট ইত্যমরঃ। তব-কিম্ভূতায়াঃ সিঞ্জিতভয়াৎ পরিহৃতানি ত্যক্তানি মণিকাঞ্চী নূপুরাণি যয়া তস্যাঃ॥ ৬১॥

হে নাথৌ তত্তাম্বূলীয়ং চর্ব্বিতং কদায়ং জনোরসয়তি আস্বাদয়িষ্যতি।

উহা নিবারণ কর এই প্রকার মিথ্যাবাক্য দ্বারা চন্দ্রাবলীর নিকুঞ্জ হইতে আনয়ন করিয়া মদীশ্বরী শ্রীরাধিকার নিকট কবে তোমাকে উপনীত করিব?॥ ৬০॥

হে দেবি! শ্রীরাধিকে! অতি গাঢ় অন্ধকারে পৃথিবী আচ্ছন্ন হইলে তোমার মণিময় কাঞ্চী নূপুরাদি মুখর অলঙ্কার অপসারিত করিয়া ভ্রমর কান্তির ন্যায় কৃষ্ণবর্ণ বস্ত্রে তোমার অঙ্গ আবরণ করিয়া আমি তোমাকে নবাভিসার কবে করাইব?॥ ৬১॥

হে শ্রীকৃষ্ণ! তোমার চর্ব্বিত তাম্বূল নিজ মুখ হইতে শ্রীরাধিকার মুখে অর্পণ করিবে, হে দেবি! শ্রীরাধিকে!

আকূতজ্ঞস্তদতি নিভৃতং চর্ব্বিতং খর্ব্বিতাঙ্গ
স্তাম্বূলীয়ং রসয়তি জনঃ ফুল্লরোমা কদায়ং ॥ ৬২ ॥
পরস্পরমপশ্যতোঃ প্রণয়মানিনোর্ব্বাং কদা
ধৃতোৎকলিকয়োরপি স্বমভিরক্ষতোবাগ্রহং।

নিভৃতং গুপ্তং যথাস্যাত্তথা কিন্তুতোজনঃ খর্ব্বিতাঙ্গঃ হ্রস্বীকৃতাবয়বঃ। আকূতজ্ঞঃ উভয় প্রসাদরূপমেতন্মৎ কৃপাপাত্রীয়ং ভুঙ্‌ক্তামিতি স্বত্ত্বাবজ্ঞ ইত্যর্থঃ ফুল্লরোমা মহাপ্রসাদমাস্বাদ্য সরোমাঞ্চঃ। কীদৃশী তাম্বূলীয়ং চর্ব্বিতমিত্যপেক্ষায়ামাহ। হে ঈশ ব্রজনাথ আস্যান্নিজমুখাৎ দেব্যাঃ শ্রীরাধায়া আস্যে মুখে ত্বয়া মুদা প্রীত্যা কদা কথমপ্যত্যাগ্রহেণ ন্যস্তমর্পিতং। হে দেবি শ্রীরাধে ত্বয়াতু নাহং ত্বদুচ্ছিষ্টমশ্নীতি প্রণয়জনিতাদ্বাম্যাদ্ধেতোরাস্যাৎ স্বমুখাৎ পর্ণে ক্ষিপ্তমিতি ॥ ৬২ ॥

হে স্বামিনৌ বাং যুবয়োর্দ্বয়োঃ কদাহং স্মিতমুদঞ্চয়ে জনয়িষ্যামি। দ্বয়োঃ

তুমি প্রণয়কোপ বশতঃ (তোমার উচ্ছিষ্ট খাইব না বলিয়া উহা পত্র মধ্যে নিক্ষেপ করিবে, ঐ সময়ে তোমার অভিপ্রায় বুঝিয়া কুঞ্চিত দেহে তোমাদের উভয়ের প্রসাদী সেই চর্ব্বিত তাম্বূল ভক্ষণ করিয়া কবে আমি রোমাঞ্চিত কলেবর হইব ? ॥ ৬২ ॥

হে নাথ ! শ্রীকৃষ্ণ ! হে মদীশ্বরি ! শ্রীরাধিকে ! তোমরা অকারণ পরস্পর মান করিয়া পরস্পর দর্শন জন্য উৎকণ্ঠিত হইলেও নিজ নিজ গৌরব রক্ষা হেতু বিশেষ আগ্রহ না থাকায় পরস্পর দেখা দেখি হইতেছে না, ঐ সময়ে (শ্রীকৃষ্ণ ! বারম্বার আমার প্রতি কটাক্ষ করিতেছ কেন ?

দ্বয়োঃ স্মিতমুদঞ্চয়ে স্বুদসি কিং মুকুন্দামুনা
দৃগন্তনটনেনমামুপরমেত্যলীকোক্তিভিঃ ॥ ৬৩ ॥
কদাপ্যবসরঃ স মে কিমু ভবিষ্যতি স্বামিনৌ
জনোয়মনুরাগতঃ পৃথুনি যত্র কুঞ্জোদরে।

কীদৃশয়োঃ প্রণয়মানিনো নির্হেতুকমানবতোঃ। অতো ধ্রুতোং কলিকয়ো দর্শনায় সোৎকণ্ঠয়োরপি পরস্পরমপশ্যতোঃ। যতঃ স্বং স্বকীয় মাগ্রহং রক্ষতোঃ পালয়তোঃ নমু কেনোপায়েন নৌ স্মিতমুদঞ্চয়িষ্যসীতি চেত্তত্রাহ। হে মুকুন্দ অমুনা দৃগন্ত নটনেন কিং মাং স্বুদসি প্রেরয়সি। মানিনীয়ং তব প্রার্থনাং ন স্বীকরোতীতি তস্মাত্বং বিরমেত্যলীকোক্তিভি র্মৃষা বাগ্‌ভিঃ। অয়ম্ভাবঃ। স্বুদসি কিমিত্যাদি বাচমাচম্যাদৌ বিমানোহয়িরিতি স্বামিন্যাঃ স্মিতোদয়ঃ। মদন্তিকে স্বসখীপ্রেষণাদ্রাধাদৌ বিমানেতি স্বামিনশ্চ স ইতি ॥ ৬৩ ॥

হে স্বামিনৌ সোঽবসরঃ প্রস্তাবঃ কিং মে কদাপি ভবিষ্যতি। ভবেদবসরঃ পুংসি মতঃ প্রস্তাব বর্ষয়োরিতি বিশ্বলোচনকারঃ। ক্ষণ ইতি বা। অবসরো-বৎসরে ক্ষণে ইতি হৈমঃ। যত্রাবসরে পৃথুনি মহতি কুঞ্জোদরে অয়ং জনো বিবিধ বর্ণৈ র্গন্ধ দ্রবৈঃ করণৈস্বয়া সহ তবালিকে প্রকটপত্রবল্লীশ্রিয় মনুরাগতঃ করিষ্যতি। ত্বয়া সহ তবেতি যৌ প্রত্যুক্তং ত্বয়া স্বামিন্যা সহ স্বামিন তবালিকে

ক্ষান্ত হও, শ্রীরাধিকা তোমার কথায় কর্ণপাত করিবেন না ইত্যাদি) মিথ্যা বাক্য দ্বারা তোমাদিগকে আমি কবে হাস্য যুক্ত করিব ? ॥ ৬৩ ॥

হে নাথ ! শ্রীকৃষ্ণ ! হে মদীশ্বরি ! শ্রীরাধিকে ! আমার কি সেই শুভক্ষণ হইবে ? যে সময়ে নিকুঞ্জ মধ্যে নানাবর্ণ

ত্বয়া সহ তবালিকে বিবিধবর্ণ গন্ধদ্রবৈ
শ্চিরং বিরচয়িষ্যতি প্রকটপত্রবল্লীশ্রিয়ং ॥ ৬৪ ॥
ইদং সেবাভাগ্যং ভবতি সুলভং যেন যুবয়ো
শ্ছটাপ্যস্য প্রেম্নঃ স্ফুরতি নহি সুপ্তাবপি মম।
পদার্থেঽস্মিন্ যুষ্মৎ ব্রজমনুনিবাসেন জনিত
স্তথাপ্যাশাবন্ধঃ পরিবৃঢ়বরৌ মাং দ্রঢ়য়তি ॥ ৬৫ ॥

ত্বয়া স্বামিনা সহ স্বামিন্যাস্তবালিকে ইত্যর্থঃ বিবিধবর্ণৈঃ পীত নীল রক্ত শ্বেতৈঃ গন্ধদ্রবৈশ্চতুঃ সমকর্দ্দমৈরিত্যর্থঃ ॥ ৬৪ ॥

যদ্যপ্যস্মিন্ সেবাভ্যর্থনে নাহং যোগ্য স্তথাপি ব্রজনিবাসলাভাৎ প্রত্যাশা মে ভবতীতি নিবেদয়তীদমিতি। হে পরিবৃঢ়বরৌ প্রভুশ্রেষ্ঠৌ। আর্য্যঃ পরিবৃঢ়ঃ স্বামী প্রভুর্নেতাচ নায়ক ইতি হলায়ুধঃ। যুবয়োরিদং সেবা ভাগ্যং যেন সুলভং ভবতি অস্য প্রেম্নশ্ছটাপি সুপ্তৌ স্বপ্নেপি মম নস্ফুরত্যাদ-রতি। তর্হি নিরাশো ভবেতি চেত্তত্রাহ। যদ্যপ্যেবং তথাপি যুষ্মদ্ব্রজ মনু নিবাসেন হেতুনা স্মিন্ সেবাভাগ্যে পদার্থে বস্তুনি জনিত আশাবন্ধোমাং দ্রঢ়য়তি ॥ ৬৫ ॥

গন্ধদ্রব্য দ্বারা তোমাদের ললাটদেশে পত্রাবলীরচনা করিয়া পরম শোভা সম্পাদন করিব ? ॥ ৬৪ ॥

হে নাথ ! শ্রীকৃষ্ণ ! হে মদীশ্বরি ! শ্রীরাধিকে ! তোমাদের এই সেবাভাগ্য যাহাদ্বারা লাভ হয় সে প্রকার প্রেম সম্পত্তি আমার হৃদয়ে নাই, বলিব কি উহা আমি কখন স্বপ্নেও দেখি নাই, তথাপি তোমাদের নিত্যলীলা স্থান এই শ্রীবৃন্দাবনে বাস হেতু বলবতী আশা আমাকে নিরুৎসাহ করিতে সক্ষম হইতেছে না ॥ ৬৫ ॥

প্রপদ্য ভবদীয়তাং কলিত নির্ম্মলপ্রেমভি
র্মহদ্ভিরপি কাম্যতে কিমপি যত্র তার্ণং জনুঃ।
কৃতাত্র কুজনৈরপি ব্রজবনে স্থিতি র্মে যয়া
কৃপাং কৃপণগামিনীং সদসি নৌমি তামেব বাং॥ ৬৬॥
মাধব্যা মধুরাঙ্গ কাননপদপ্রাপ্তাধিরাজ্যশ্রিয়া
বৃন্দারণ্যবিকাসিসৌরভততে তাপিঞ্ছকল্পদ্রুমঃ।

মম ব্রজনিবাসোপি যুষ্মৎ কৃপৈক সাধ্য ইতি ময়ানুমিতং। ততঃ সেবা-ভাগ্যমপি তৎ সাধ্যং ভাবীতি ব্যঞ্জয়ন্নাহ প্রপদ্যেতি। ভবদীয়তাং যুষ্মৎ সেবকতাং প্রপদ্য প্রাপ্য কলিত নির্ম্মল প্রেমভির্জাত ভাবৈ র্মহদ্ভিরুদ্ধবাদিভিরপি তার্ণং তৃণসম্বন্ধি কিমপি জনুর্জন্ম কাম্যতে বাঞ্ছতে। আসামহো চরণরেণুজুষা মহং স্যাং বৃন্দাবনে কিমপি গুল্মলতৌষধীনামিত্যাদি তদ্বাক্যাৎ। তত্র ব্রজবনে কুজনৈ র্নিন্দ্যজন্মনোপি মে স্থিতি র্যয়া কৃতা। তাং বাং যুবয়োঃ কৃপামহং সদসি নৌমি। জনুর্জনন জন্মানি জনিরুৎপত্তিরুদ্ভব ইত্যমরঃ। কীদৃশীং কৃপণগামিনীং দীনবিষয়াং॥ ৬৬॥

অথ ভক্তিপ্রভাববোধলব্ধেন বিশ্রম্ভেণ বলমাসাদ্যাহ। মাধব্যেতি দ্বাভ্যাং হে মাধব্যা মধুরাঙ্গ। আপাদ শিখমাশ্লিষ্যন্ত্যা মাধব্যা লতয়া মধুরাণি রুচি-

---

হে নাথ! শ্রীকৃষ্ণ! হে মদীশ্বরি! শ্রীরাধিকে! তোমাদের দাস্যভাব প্রাপ্ত হইয়া পরম প্রেমিক উদ্ধব প্রভৃতি মহাত্মাগণ যে স্থানে তৃণ গুল্মাদি জন্ম লইতে বাঞ্ছা করেন সেই শ্রীবৃন্দাবনে আমি নিকৃষ্ট জন্মা হইলেও যাহার প্রভাবে অবস্থিতি করিতেছি, সেই দীনগামিনী তোমাদের কৃপাকে আমি প্রণাম করি॥ ৬৬॥

হে তমালবৃক্ষ! তুমি বৃন্দাবনের কল্পদ্রুম, এই বন

নোত্তাপং জগদেব যস্য ভজতে কীর্ত্তিচ্ছটাচ্ছায়য়া
চিত্রা তস্য তবাঙ্ঘ্রি সন্নিধিজুষাং কিম্বা ফলাপ্তির্নৃণাং ।।৬৭।
ত্বল্লীলামধুকুল্যয়োল্লসিতয়া কৃষ্ণাম্বুদস্যামৃতৈঃ
শ্রীবৃন্দাবনকল্পবল্লিপরিতঃ সৌরভ্য বিস্ফারয়া।

যাণ্যঙ্গানি স্কন্ধ শাখাদীনি যস্য হেত্যদৃশেত্যর্থঃ। মাধব্যা কীদৃশ্যেত্যাহ। কাননপদে বনরাজধাম্নাং প্রাপ্তাধিরাজ্য শ্রীরধিকসম্পৎ যয়া তয়েত্যর্থঃ। মুদ্দা-রণ্যে বিকাসিনী প্রস্থবরী সৌরভততি র্যস্য হে তাদৃশ। হে তাপিঞ্ছকল্পক্রম তমালস্থরতরো যস্য কীর্ত্তিচ্ছটাচ্ছায়য়া জগদ্বিশ্বমপি নোত্তাপং ভজতে তস্য তবাঙ্ঘ্রি সন্নিধিজুষা নৃণাং ফলাপ্তিঃ কিং চিত্রা নচিত্রেত্যর্থঃ। অপ্রস্তুত প্রশংসাত্রালঙ্কারঃ। অপ্রস্তুত প্রশংসা হি যা সৈব প্রস্তুতা শ্রয়া। কার্য্যে নিমিত্তে সামান্যে বিশেষে প্রস্তুতে সতি। তদন্যস্য বচস্তুল্যে তুল্যস্যেতিচ পঞ্চধেতি তল্লক্ষণাৎ। ইহ তুল্যে প্রস্তুতে তুল্যস্যোক্তিঃ শ্লেষচ্ছায়য়া বোধ্যা মাধব্যাদি পদানাং দ্ব্যর্থকত্বাৎ শ্লেষচ্ছায়া॥ ৬৭॥

হে শ্রীবৃন্দারনকল্পবল্লি ত্বল্লীলা মধু কুল্যয়া কর্ত্র্যা সমস্তমেব ব্রহ্মাণ্ডং

রাজ্যের রাজলক্ষ্মী মাধবী তোমার আপাদ শিখর বেষ্টন করায় অঙ্গ প্রত্যঙ্গ অতি রমণীয় হইয়াছে এবং তোমাদের সৌরভে শ্রীবৃন্দাবনের চারি দিকে সঞ্চারিত হইতেছে, তোমার কীর্ত্তিরূপ ছায়া আশ্রয় করিলে জগতে ব্যক্তি মাত্রেরই আর কোন সন্তাপ থাকে না, অতএব তোমার পাদ মূল আশ্রয় করিলে জীবের কি ফল লাভ হয় তাহা বলিতে পারি না। (এই শ্লোকে অপ্রস্তুত প্রশংসা নামক অলঙ্কার সন্নিবেশিত হইয়াছে)॥ ৬৭॥

হে বৃন্দাবনকল্পবল্লি! শ্রীকৃষ্ণমেঘের অমৃত বর্ষণে পরিবর্দ্ধিত

মাধুর্য্যেণ সমস্তমেব পৃথুনা ব্রহ্মাণ্ডমাপ্যায়িতং
নাশ্চর্য্যং ভুবি লব্ধপাদরজসাং পর্ব্বোন্নতির্বীরুধাং ॥৬৮॥
পশুপালবরেণ্যনন্দনৌ বয়মেতং মুহুরর্থয়ে যুবাং
ভবতু প্রণয়োভবে ভবে ভবতোরেব পদাম্বুজেষু মে ॥৬৯॥

পৃথুনা মাধুর্য্যেণাপ্যায়িতং তর্পিতমতোলব্ধপাদরজসাং বীরুধাং লতানাং পর্ব্বো-ন্নতি র্ভবেদিতি নাশ্চর্য্যং। লব্ধেতি ত্বৎ পাদমূলাশ্রিতামিত্যর্থঃ। পর্ব্বণো গ্রন্থে রুৎসবস্য চোন্নতি র্মহত্ত্বং। তৎ কুল্যয়া কীদৃশ্যা। কৃষ্ণাম্বুদস্য শ্যামাভ্রস্যা-মৃতৈ রম্বুভি রুল্লসিতয়োচ্ছলিতয়া পক্ষে হরিবলাহকস্যামৃতৈ র্লীলা সুধাভিঃ। অত্রাপি সৈবালঙ্কৃতিঃ। অন্যেত্বাহুঃ। রূপকাঙ্গিকা প্রথমাতিশয়োক্তিঃ। পূর্ব্বত্র শ্লেষাঙ্গিকা সাতুত্তরত্রেতি। তদিদং বিচার্য্যং ॥ ৬৮ ॥

পূর্ব্বমর্থিতং সেবাভাগ্যং মেতিদুর্ল্লভমেব কিন্তু যত্র কাপি জাতস্য ভবৎ পদাব্জ ভক্তিরস্তু ইতি প্রার্থয়তে। পশ্বিতি। পশুপালানাং বরেণ্যৌ তেষাং রাজানৌ শ্রীমদ্‌বৃষভানুনন্দৌ। তয়ো র্নন্দিনীচ নন্দনশ্চ তৌ। তৎ সম্বোধনে তথা। ভবে ভবে জন্মনি জন্মনি। শ্লিষ্টং স্পষ্টং ॥ ৬৯ ॥

ও অতি সুগন্ধি তোমার লীলারূপ মধুকুল্যার (ক্ষুদ্র কৃত্রিম নদীর নাম কুল্যা, মধুময়ী কৃত্রিম নদীর নাম মধুকুল্যা) অতি-শয় মাধুর্য্যে ব্রহ্মাণ্ডের সমস্তই আপ্যায়িত হইয়াছে, সে স্থলে তোমার পাদরেণুসেবি লতাগণের যে বিশেষ উন্নতি হইবে তাহা আশ্চর্য্যের বিষয় কি ? ॥ ৬৮ ॥

হে ব্রজরাজনন্দন ! হে বৃষভানু নন্দিনি ! আমি তোমা-দের নিকট বার বার এই বর প্রার্থনা করিতেছি যে, তোমা-

উদ্গীর্ণাভূদুৎকলিকাবল্লরিরগ্রে
বৃন্দাটব্যাং নিত্যবিলাসব্রতয়োর্বাং।
বাঙ্মাত্রেণ ব্যাহরতোপ্যুল্ললমেতা
মাকর্ণ্যেশৌ কামিতসিদ্ধিং কুরুতং মে ॥ ৭০ ॥
চন্দ্রাশ্বভুবনে শাকে পৌষে গোকুলবাসিনা।

স্তোত্রপাঠাৎ বাঞ্ছিতলাভং যাচতে। উদিতি। হে ঈশৌ। বাং যুবয়োরগ্রে উৎকলিকা বল্লরি রুৎকণ্ঠা লতা। উদ্গীর্ণা ভূদুদিতা জাতা। ব্রততি র্বল্লবী-লতেতি ধনঞ্জয়ঃ। এতাং বাঙ্মাত্রেণ কিং পুনর্মনসাপি ব্যাহরতঃ পঠতো মে কামিত সিদ্ধিং যুবাং কুরুতং। কিং কৃত্বেত্যাহ। আকর্ণ্যেতি। তাং শ্রুত্বে-ত্যর্থঃ। বাং কীদৃশয়োরিত্যাহ বৃন্দাটব্যামিত্যাদি ॥ ৭০ ॥

স্তোত্রস্য জন্মকালং জন্মস্থানং চাহ চন্দ্রেতি। অঙ্কানাং বামগত্যা স্থাপ-নাদেক সপ্তত্যুত্তর চতুর্দশ শতী গণিতে শালিবাহনস্য ॥ ১৪৭১ ॥ শাকেঽস্য স্তোত্রস্য নিষ্পত্তিঃ। ষড়শীত্যুত্তর ষোড়শ শতী গণিতে তস্য ১৬৮৬ শাকেতু

দের পাদপদ্ম যুগলে জন্ম জন্ম যেন আমার প্রীতি থাকে ॥ ৬৯ ॥

হে নাথ! শ্রীকৃষ্ণ! হে মদীশ্বরি! শ্রীরাধিকে! এই শ্রীবৃন্দাবনে নিত্য বিলাস পরায়ণ তোমাদের অগ্রে এই উৎ-কালিকাবল্লরি অর্থাৎ উৎকণ্ঠারূপা লতা জন্মিয়াছে,' তোমা-দের নিকট কেবল বাক্যদ্বারা ইহা কীর্ত্তন করিতেছি, অতএব কৃপা পূর্ব্বক ইহা শ্রবণান্তে আমার প্রার্থনা সিদ্ধি করুন ॥ ৭০ ॥

১৪৭১ একসপ্তত্যধিক চতুর্দ্দশ শত শকাব্দে পৌষ মাসে

ইয়মুৎ কলিকাপূর্ব্বা বল্লরী নির্ম্মিতা ময়া ॥ ৭১ ॥

ইত্যুৎকলিকাবল্লরী সমাপ্তা ॥ ১৪৭১ ॥ *

টীকায়া নিষ্পত্তিঃ। শালিবাহনস্য সম্বৎসর গণনেনবিক্রমাদিত্যস্যাপি তদ্বোধ্যং। বিক্রমাদিত্যরাজস্য পঞ্চবিংশোত্তরং শতং। পাতয়িত্বা ভবেচ্ছাকঃ সনৃপঃ শালিবাহন ইতি বচনাৎ ॥ ৭১ ॥

ইয়মুৎকলিকাবল্লরি রূপগ্রভাবা বিসৃষ্টকাব্যকলা। বিদ্যাভূষণ বিবৃতা শশ্বস্তাবকবিভূতয়ে ভূয়াৎ।

ইত্যুৎ কলিকাবল্লরী ব্যাখ্যাতা।

শ্রীবৃন্দাবনে অবস্থিতি করিয়া আমি এই উৎকলিকাবল্লরী রচনা করিলাম ॥ ৭১ ॥

ইতি উৎকলিকাবল্লরী সমাপ্তা।

স্রস্তং স্রস্তমুদঞ্চয়ত্যধিশিরঃ শ্যামং নিচোলাঞ্চলং
হস্তেন শ্লথদুর্ব্বলেন লুলিতাকল্পাং বহন্তী তনুং।
মুক্তার্দ্ধামবরুধ্য বেণিমলসস্যন্দে ক্ষিপন্তী দৃশৌ
কুঞ্জাৎ পশ্য গৃহং প্রবিশ্য নিভৃতং শেতে সখী রাধিকা ॥১॥

প্রিয়য়োর্বিভাতে কুঞ্জাদ্বেশ্মন্যাগমনং কাচিদ্বেশ্মস্থা কাঞ্চিদাহ দ্বাভ্যাং। তত্র প্রিয়ায়া স্তদাহ স্রস্তমিতি। শ্রীরাধিকা মম সখী কুঞ্জাদ্গৃহং প্রবিশ্য নিভৃতং যথা স্যাত্তথা শেতে ত্বং পশ্য। কীদৃশী সতীত্যাহ। স্রস্তং স্রস্তং পুনঃ পুনঃ স্খলিতং শ্যামং নিচোলাঞ্চলং শ্লথ দুর্ব্বলেন হস্তেনাধি শিরঃ শিরসি উদঞ্চয়ন্তী লুলিতাকল্পাং বিগলিত বেশাং তনুং বহন্তী। মুক্তার্দ্ধামর্দ্ধমুক্তাং বেণীং কবরীং হস্তেনাবরুধ্যালসস্যন্দে দৃশাবিতস্ততঃ ক্ষিপন্তী ॥ ১ ॥

শ্রীকৃষ্ণ ও শ্রীরাধিকা প্রাতঃকালে নিকুঞ্জ হইতে আগমন করিয়া নিজ নিজ মন্দিরে প্রবেশ করিতেছেন দেখিয়া কোন সখী কোন সখীকে সম্বোধন পূর্ব্বক তাঁহাদের তৎকালোচিত বেশভূষা ও অবস্থা বর্ণন করিতেছেন। হে সখি! ঐ দেখ আমাদের সখী শ্রীরাধিকা নিকুঞ্জ হইতে নিজ মন্দিরে প্রবেশ করিয়া নির্জ্জন স্থানে শয়ন করিতেছেন, ইঁহার নীলবর্ণ উত্তরীয় বসন মস্তক হইতে বার বার স্খলিত হইলে উহা শিথিল হস্ত দ্বারা পুনরায় মস্তকে তুলিতেছেন, স্মর বিলাস হেতু ইঁহার শরীরের বেশভূষা সকল ছিন্ন ভিন্ন হইয়াছে, অর্দ্ধ মুক্ত বেণী দুর্ব্বল হস্তদ্বারা বন্ধন করিতে করিতে আলস্য পূর্ণ নয়নদ্বয়ে চারিদিকে দৃষ্টি নিক্ষেপ করিতেছেন ॥ ১ ॥

ম্লানামুৎক্ষিপ্যমালাং ত্রুটিতমণিসরঃ কজ্জলং বিভ্রদোষ্ঠে
সংকীর্ণাঙ্গোনখাঙ্কৈর্দ্দিশি দিশি বিকিরন্ ঘূর্ণিতে নেত্রপদ্মে।
পশ্য ম্লানাঙ্গযষ্টিঃ স্ফুটমপরিচিতো গোপগোষ্ঠীভিরগ্রে

অথ প্রিয়স্য চ তদাহ ম্লানামিতি। গোষ্ঠেন্দ্রসূনুঃ কৃষ্ণঃ কুঞ্জাদ্গোষ্ঠং ব্রজং প্রবিশতি। অগ্রে জনোত্থানাৎ পূর্ব্বং। হে সখি ত্বং পশ্য। কদেত্যপেক্ষায়ামাহ। রজনৌ রাত্র্যাং ধ্বংসমবসানমাসাদয়ন্ত্যাং গচ্ছন্ত্যাং সত্যাং। কিং কৃত্বা। কান্তাকুচবিমর্দ্দান্ম্লানাং মালাং বৈজয়ন্তীং উৎক্ষিপ্য উর্দ্ধে প্রদেশে নিধায়। কীদৃশঃ ত্রুটিতশ্ছিন্নো মণিসরো রত্নহারো যস্য সঃ। কান্তাপাঙ্গ বিচুম্বনাৎ কজ্জলমোষ্ঠে বিভ্রৎ। কান্তা নখাঙ্কৈঃ সংকীর্ণাঙ্গো ব্যাপ্তবক্ষাঃ। ঘূর্ণিতে নিদ্রাকুলে নেত্রপদ্মে কোপি মাদ্রাক্ষীন্মামিতি দিশি দিশি বিকিরন্ বিক্ষিপন্। ম্লানা বিহার শ্রমাৎ কান্তাঙ্গ কুঙ্কুম সংপর্কাচ্চ খিন্না কর্ব্বুরিতাঙ্গ যষ্টি র্যস্য সঃ। ইষু বেগেন প্রবেশাৎ জাগ্রদ্ভিরপি গোপগোষ্ঠীভি র্বল্লব সভাভিঃ

হে সখি! ঐ দেখ ব্রজেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণ, নিশাবসানে নিজ গৃহে গমন করিতেছেন। শ্রীরাধিকার কঠিন কুচ-স্পর্শে বৈজয়ন্তী মালা ম্লান হইলেও উহা পরিত্যাগ না করিয়া হৃদয় হইতে স্কন্ধে নিক্ষেপ করিতেছেন, অনঙ্গ যুদ্ধে ইঁহার রত্নহার ছিন্ন ভিন্ন হইয়াছে, শ্রীরাধিকার কজ্জল শোভিত নয়নোপান্ত চুম্বন হেতু ইঁহার ওষ্ঠ কজ্জল শোভিত, প্রেয়সী কৃত নখ চিহ্নে সর্ব্বাঙ্গ পরিব্যাপ্ত, পাছে আমায় কেহ দেখে এই ভয়ে আলস্য পূর্ণ নয়ন দ্বারা চতুর্দ্দিকে দৃষ্টি নিঃক্ষেপ করিতে করিতে ও ব্রজবাসিরা কেহ আমায় না

গোষ্ঠং গোষ্ঠেন্দ্রসূনুঃ প্রবিশতি রজনৌ ধ্বংসমাসাদয়ন্ত্যাং ॥২॥*

স্ফুট মপরিচিতোঽজ্ঞাতঃ। নচাত্র ম্লান পদাবৃত্তেঃ কথিতপদত্বং স্যাদিতি বাচ্যং। উদ্দেশ্যপ্রতিনির্দেশ্যবদ্বিষয়ত্বাৎ। এবমন্যত্রচ বোধ্যং॥ ২ ॥ *

চিনিতে পারে এই আশয়ে দ্রুত বেগে গমন করিতে-ছেন ॥ ২ ॥ *

শ্রীমুকুন্দায় নমঃ।

বলভিদুপলকান্তিদ্রোহিণি শ্রীমদঙ্গে
ঘুসৃণরস বিলাসৈঃ সুষ্টু গান্ধর্ব্বিকায়াঃ।
স্বমদন নৃপশোভাং বর্দ্ধয়ন্ দেহরাজ্যে
প্রণয়তু মম নেত্রাভীষ্টপূর্ত্তিং মুকুন্দঃ॥ ১॥

শ্রীমুকুন্দায় নমঃ।

অথাষ্টকেন মুকুন্দং স্তৌতি বলেতি। মুকুন্দো মম নেত্রাভীষ্টপূর্ত্তিং প্রণয়তু করোতু। দৃগ্‌গোচরোঽস্ত্বিত্যর্থঃ। মুখে কুন্দবদ্ভাসো যস্তেতি। মুক্তিং দদাতি বিরহতাপাৎ প্রত্যক্ষঃ সন্ সংসারক্লেশাদ্বা ধ্যাতঃ সন্নিতি মুকুন্দঃ। পৃষোদরাদীনি যথোপদিষ্টমিতি সূত্রাৎ প্রয়োগসাধুত্বং। কিং কুর্ব্বন্নিত্যপেক্ষ্যাহ। শ্রীমদঙ্গে ঘুসৃণ রসবিলাসৈঃ কুঙ্কুম চর্চ্চাভির্গান্ধর্ব্বিকায়াঃ দেহরাজ্যে স্ব মদন নৃপশোভাং বর্দ্ধয়ন্। শ্রীমত্যঙ্গে ললাট বক্ষঃস্থলাদৌ স্বাবয়বে। কুঙ্কুমং ঘুসৃণং বর্ণং প্রোক্তং লোহিত চন্দনং। কাশ্মীরজঞ্চ বিদ্বদ্ভিঃ কালেয়ং জাগুড়ং স্মৃতমিতি হলায়ুধঃ। অসঙ্গতিরলঙ্কারঃ। হেতু কার্য্যয়ো র্দেশভেদাৎ। যদুক্তং কাব্যকৌস্তভে। অসঙ্গতি র্ভবেদ্ভিন্ন দেশত্বে হেতু কার্য্যয়োরিতি। শ্রীমদঙ্গে কীদৃশীত্যাহ। বলভিদুপল ইন্দ্রনীলমণি স্তৎ কান্তি দ্রোহিণি ততোপ্যত্যুজ্জ্বল কান্তিমতীত্যর্থঃ॥ ১॥

যিনি ইন্দ্রনীলমণির ন্যায় অতি মনোহর শ্রীঅঙ্গে কুঙ্কুমাদি অনুলেপন ধারণ করিয়া শ্রীরাধিকার দেহরাজ্যে স্বদেহস্থ কন্দর্প রাজার অতিশয় শোভা বর্দ্ধন করিতেছেন, (এই শ্লোকে কার্য্য কারণ ভিন্ন ভিন্ন স্থানে সন্নিবেশিত হওয়ায় অসঙ্গতি নামক অলঙ্কার হইয়াছে) সেই শ্রীমুকুন্দ আমার নয়ন যুগলের অভীষ্ট পূরণ করুন॥ ১॥

উদিত বিধুপরার্দ্ধজ্যোতিরুল্লঙ্ঘিবক্ত্রো
নবতরুণিম রজ্যদ্বাল্যশেষাতিরম্যঃ।
পরিষদি ললিতালীং দোলয়ন্ কুণ্ডলাভ্যাং
প্রণয়তু মম নেত্রাভীষ্টপূর্ত্তিং মুকুন্দঃ ॥ ২ ॥
কণকনিবহ শোভানিন্দি পীতং নিতম্বে
তদুপরি নবরক্তং বস্ত্রমিত্থং দধানঃ।

উদিতানাং বিধুপরার্দ্ধানাং জ্যোতীংষি তদ্যোতাস্তান্যুল্লঙ্ঘয়তি তিরস্করোতি তাদৃশং বক্ত্রং যস্য সঃ। নিরুপমমুখকান্তিক ইত্যর্থঃ জ্যোতির্ভদ্যোত দৃষ্টিষ্বিতি নানার্থবর্থঃ। নবেন তরুণিম্না রজ্যন্ রক্তীভবন্ যো বাল্য শেষ স্তেনাতিরম্যো দর্শনীয়ঃ। যুবতি পরিষদি স্থিতাং ললিতালীং রাধাং কুণ্ডলাভ্যাং দোলয়ন্ চপলাং কুর্ব্বন্। কুণ্ডলকান্ত্যা তামধীরাং রচয়ন্ ॥ ২ ॥

রাধিকা নিখাত মনস্তাং ব্যঞ্জয়ন্ বর্ণয়তি কণকেতি। নিতম্বে পীতং বস্ত্রমন্তরীয়ং তদুপরি নবরক্তমুত্তরীয়ঞ্চ বস্ত্রমিত্থং ভঙ্গীবিশেষেণ দধানঃ

পরার্দ্ধ পরিমিত চন্দ্র অপেক্ষাও যাঁহার বদনেন্দু অতিশয় সুশোভিত, নবযৌবনের আরম্ভ ও বাল্যাবস্থার শেষ এই উভয় বয়ঃ সন্ধিতে যাঁহার শ্রীঅঙ্গ অতিশয় রমণীয় হইয়াছে এবং কর্ণযুগলে দোদুল্যমান কুণ্ডল দ্বারা সখীগণ বেষ্টিত শ্রীরাধিকার চিত্তকে যিনি দোলায়মান করিতেছেন, সেই শ্রীমুকুন্দ আমার নয়নযুগলের অভীষ্ট পূরণ করুন ॥ ২ ॥

যিনি কাঞ্চন রাশি অপেক্ষাও অতি উজ্জ্বল পীতাম্বর, কটিদেশে পরিধান করিয়াছেন এবং তদুপরি আরক্ত উত্তরীয় বস্ত্র পরিধান করায় বোধ হইতেছে যেন উহা শ্রীরাধিকার

প্রিয়মিব কিল বর্ণং রাগযুক্তং প্রিয়ায়াঃ
প্রণয়তু মম নেত্রাভীষ্টপূর্ত্তিং মুকুন্দঃ ॥ ৩ ॥
সুরভি কুসুম বৃন্দৈর্বাসিতাম্ভঃ সমৃদ্ধে
প্রিয় সরসি নিদাঘে সায়মালীপরীতাং।
মদনজনকসেকৈঃ খেলয়ন্নেব রাধাং
প্রণয়তু মম নেত্রাভীষ্টপূর্ত্তিং মুকুন্দঃ ॥ ৪ ॥
পরিমলমিহ লব্ধো হন্ত গান্ধর্ব্বিকায়াঃ
পুলকিত তনুরুচ্চৈরুন্মদস্তৎক্ষণেন।

তত্রোৎপ্রেক্ষা। প্রিয়ায়া রাগযুক্তং বর্ণমিবেতি। কুতো দধান স্তত্রাহ যতঃ প্রিয়ং প্রীতিহেতুমিত্যর্থঃ যদ্যপ্যমরাদিভি র্নিতম্ব শব্দঃ স্ত্রীকট্যাঃ পশ্চাদ্ভাগে পঠিতস্তথাপি সামান্যতোঽত্র কটৌ পঠ্যতে হলায়ুধাদিভি স্তথৈব পঠিতত্বাৎ ॥ ৩ ॥

শ্রীরাধা সরসি প্রিয়াভিঃ সহ ক্রীড়ন্তং বর্ণয়তি। সুরভীতি। নিদাঘে গ্রীষ্মর্ত্তৌ প্রিয়সরসি শ্রীরাধিকাকুণ্ডে আলীপরীতাং সখীযুক্তাং রাধাং মদন জনকৈঃ স্মরোদ্দীপকৈঃ যন্ত্রযুক্তৈরম্বুসেকৈঃ খেলয়ন্। কীদৃশে প্রিয়সরসী ত্যাহ। সুরভিভিঃ সুগন্ধিভিঃ জলে নিপতিতৈঃ কুসুমবৃন্দৈ র্বাসিতেন সুগন্ধিনাম্ভসা সমৃদ্ধে পূর্ণে ॥ ৪ ॥

বৃন্দাটব্যামাগতায়াঃ শ্রীরাধায়াঃ সৌরভ্যেণাপি মাদ্যতীতি বর্ণয়তি পরীতি।

অনুরাগময় মনোহর বর্ণে রঞ্জিত হইয়াছে, সেই শ্রীমুকুন্দ আমার নেত্রযুগলের অভীষ্ট পরিপূর্ণ করুন ॥ ৩ ॥

যিনি গ্রীষ্ম সময়ে সায়ংকালে নানাপ্রকার সুগন্ধি কুসুমামোদিত জলপূর্ণ রাধাকুণ্ডে স্মরোদ্দীপক জল সিঞ্চন দ্বারা সখীগণ বেষ্টিতা শ্রীরাধিকার সহিত জল বিহার করিতেছেন; সেই শ্রীমুকুন্দ আমার নয়নগোচর হউন ॥ ৪ ॥

নিখিল বিপিন দেশান্ বাসিতানেব জিঘ্রন্
প্রণয়তু মম নেত্রাভীষ্টপূর্ত্তিং মুকুন্দঃ ॥ ৫ ॥
প্রণিহিত ভুজদণ্ডঃ স্কন্ধদেশে বরাঙ্গ্যাঃ
স্মিত বিকসিতগণ্ডে কীর্ত্তিদাকন্যকায়াঃ।
মনসিজজনি সৌখ্যং চুম্বনেনৈব তন্বন্
প্রণয়তু মম নেত্রাভীষ্টপূর্ত্তিং মুকুন্দঃ ॥ ৬ ॥
প্রমদদনুজগোষ্ঠ্যাঃ কোপি সম্বর্ত্তবহ্নি
র্ব্রজভুবি কিল পিত্রো র্মূর্ত্তিমান্ স্নেহপুঞ্জঃ।

স্ফূর্ত্যর্থং পদ্যং। উন্মদোলব্ধোন্মাদঃ ॥ ৫ ॥

সৌরভ্য ধারয়া রাধামস্বিষ্যোপলভ্যচ তয়া সার্দ্ধং বিহরতীতি বর্ণয়তি। প্রণিহিতেতি। কীর্ত্তিদা শ্রীবৃষভানোর্পস্য পত্নী। তৎকন্যকায়া রাধায়াঃ স্কন্ধ-দেশে বিনিহিত ভুজদণ্ডঃ। তস্যা এব স্মিত বিকসিতে গণ্ডে কপোলে চুম্বনে নৈব মনসিজজনিসৌখ্যং নিধুবনানন্দং তন্বন্ বিস্তারয়ন্নিতি তদ্বিধানেতি বৈদগ্ধ্যং ব্যঙ্গং। বিভাবনাত্রালঙ্কারঃ। নিধুবনাভাবেঽপি তদানন্দস্যোদয়াৎ ॥ ৬ ॥

অতিস্নিগ্ধাভ্যাং মাতাপিতৃভ্যাং প্রতিমুহূর্লাল্যমানোঽতিবিক্রমী নায়কঃ

শ্রীরাধিকার অঙ্গ সৌরভ উপলব্ধি করিয়া অমনি তৎক্ষণাৎ রোমাঞ্চিত ও উন্মত্ত প্রায় হইয়া তদীয় অঙ্গ গন্ধে আমোদিত শ্রীবৃন্দাবনের সকল স্থানই যিনি আঘ্রাণ করিতেছেন, সেই শ্রীমুকুন্দ আমার নয়নযুগলের অভিলাষ পূরণ করুন ॥ ৫ ॥

যিনি পরম রূপবতী শ্রীরাধিকার স্কন্ধদেশে উভয় বাহু ন্যস্ত করিয়া মন্দ মন্দ হাস্যযুক্ত তদীয় গণ্ডস্থল চুম্বন করত অনঙ্গ জনিত অসীম আনন্দ অনুভব করিতেছেন, সেই শ্রীমুকুন্দ আমার নয়নযুগলের অভিষ্ট পরিপূর্ণ করুন ॥ ৬ ॥

প্রথম রস মহেন্দ্রঃ শ্যামলো রাধিকায়াঃ
প্রণয়তু মম নেত্রাভীষ্টপূর্ত্তিং মুকুন্দঃ ॥ ৭ ॥
স্বকদনকথয়াঙ্গীকৃত্য মৃদ্বীং বিশাখাং
কৃতচটু ললিতাস্তু প্রার্থয়ন্ প্রৌঢ়শীলাং।

সুভ্রুবাং পরমানুরাগহেতুরিতি তদ্ভাবং বর্ণয়তি। প্রমদেতি সম্বর্ত্ত বহ্নিঃ প্রলয়াগ্নিঃ। সম্বর্ত্তঃ প্রলয়ঃ কল্প ইত্যমরঃ। পিত্রোর্যশোদানন্দয়োর্ব্রজে স্বরয়োঃ স্নেহপুঞ্জএব মূর্ত্তিমানিতি স্নেহতদ্বিষয়য়োরৈক্যং বস্তু ব্যজ্যতে। পিতামাত্রেতি সূত্রাদেকশেষঃ। রাধিকায়াঃ প্রথম রস মহেন্দ্রঃ শৃঙ্গাররসাধিষ্ঠাতৃদেবঃ। তদ্ভাবেন তয়ানুভূয়মান ইত্যর্থঃ ॥ ৭ ॥

কদাচিন্মহামানিন্যা রাধায়া মানভঙ্গায় স্বয়মেব ব্যাপৃণাতীতি বর্ণয়তি স্বেতি স্ব কদনকথয়া নিজব্যথা নিবেদনয়া মৃদ্বীং কোমলচিত্তাং বিশাখামঙ্গীকৃত্য স্বপক্ষপাতিনীং বিধায় প্রৌঢ়শীলাং ললিতাং তু কৃত চটু যথাস্যাত্তথা এবং প্রার্থয়ন্। চটু চাটু প্রিয়ং বাক্যমিতি হলায়ুধঃ। হে ললিতে মদেক হিতৈষিণি সুন্দরি বার্ষভানবী ময়ি নির্দয়া বর্ত্ততে ত্বমপিচেদশনি মনস্তাং ধৎসে তদাতিব্যথিতস্য কান্তত্বেন বৃতস্যচ মম কা গতিরিত্যেবং কৃতং রচিতং চটু প্রিয়বচনং

যিনি মদমত্ত দানবগণের প্রলয়াগ্নি স্বরূপ ও শ্রীবৃন্দাবনে পিতা মাতার মূর্ত্তিমান্ স্নেহ স্বরূপ এবং যিনি শ্রীরাধিকার আদিরসের অধিষ্ঠাত্রী দেবতা স্বরূপ, সেই শ্যামল কান্তি শ্রীমুকুন্দ আমার নয়নাভিলাষ পূর্ণ করুন ॥ ৭ ॥

প্রণয়কোপ বশতঃ শ্রীরাধিকা মানিনী হইলে যিনি সরল চিত্তা বিশাখার নিকট নিজ দুঃখ প্রকাশ ও তাঁহাকে স্বপক্ষ করিয়া ললিতার নিকট গমন পূর্ব্বক চাটুবচনে (হে ললিতে! হে মদেকহিতৈষিণি! হে সুন্দরি! বৃষভানুনন্দিনী আমার

প্রণয়বিধুর রাধামাননির্ব্বাসনায়
প্রণয়তু মম নেত্রাভীষ্টপূর্ত্তিং মুকুন্দঃ ॥ ৮ ॥
পরিপঠতি মুকুন্দস্যাষ্টকং কাকুভির্যঃ
সকল বিষয়সঙ্গাৎ সন্নিযম্যেন্দ্রিয়াণি।

যত্র তদ্‌যথা ভবত্যেবং যাচমান ইত্যর্থঃ। এতদ্ব্যাপারস্য ফলমাহ। প্রণয়েতি। স্নেহ দুঃখিতায়া রাধায়া মান বিভঙ্গায়েত্যর্থঃ। নম্বন্য তরুণী প্রসক্তে কৃষ্ণে রাধায়া মানঃ স্বসুখপর্য্যবসায়তি চেন্মৈবং। সিতাপানকপানার্হ স্তৎ পানকং বিহায় কষায় পানকং পিবতি। সিতা পানক নির্ম্মাতু স্তস্মিন্ কোপস্তৎ সুখার্থ এবেতি প্রত্যয়াৎ ॥ ৮ ॥

মুকুন্দাষ্টক পাঠকে শমাদীন্ গুণান্ বিদধত্তদষ্টক পাঠফলমাহ পরীতি। যো জনঃ সকল বিষয় সঙ্গাৎ শব্দস্পর্শ রূপ রস গন্ধাসক্তিরিন্দ্রিয়াণি শ্রোত্র ত্বক্ চক্ষু রসন ঘ্রাণানি স মনাংসি সংনিযম্য প্রত্যাহৃত্য দেহধারণ মাত্রোপ জীবনঃ সরাধে মুকুন্দে নিহিতমনাঃ সন্ মুকুন্দস্যাষ্টকং কাকুভি র্হর্ষগদ্গদ বাগ্‌ভিঃ পরিপঠতি। তং ব্রজনবযুবরাজঃ শ্রীনন্দনৃপসূনুঃ প্রিয়ায়াঃ শ্রীরাধায়াঃ স্বজনগণমধ্যে তনোতি প্রিয়াপরিবার মধ্যেঽঙ্গীকরোতী ত্যর্থঃ। শ্রুতিশ্চ

প্রতি নির্দ্দয় হইয়াছেন, এক্ষণে তুমিও যদি কঠিন হৃদয় হও তবে এ ব্যথিত জনের কি গতি হইবে? এইরূপ বাক্যে) শ্রীরাধিকার মানভঙ্গের নিমিত্ত প্রার্থনা করেন, সেই শ্রীমুকুন্দ আমার নয়নযুগলের অভিষ্ট পরিপূরণ করুন ॥ ৮ ॥

যিনি সমুদায় বিষয়াসঙ্গ হইতে ইন্দ্রিয় সকল সংযত করিয়া রাধাকৃষ্ণে মন সমর্পণ পূর্ব্বক হর্ষ গদ্গদ বচনে এই মুকুন্দাষ্টক পাঠ করেন, ব্রজনবযুবরাজ শ্রীকৃষ্ণ তাঁহাকে

ব্রজনবযুবরাজো দর্শয়ন্ স্বং সরাধং
স্বজনগণন মধ্যে তং প্রিয়ায়াস্তনোতি ॥ ৯ ॥

ইতি শ্রীমুকুন্দাষ্টকং।

হরিভক্তস্ত শমাদীন্ বিধত্তে তস্মাদেবং বিচ্ছান্তোদান্ত উপরত স্তিতিক্ষুঃ শ্রদ্ধা-বিত্তো ভূত্বাত্মন্তেবাত্মানং পশ্তেদিত্যাদিনা ॥ ৯ ॥

ইতি শ্রীমুকুন্দাষ্টকং ব্যাখ্যাতং।

শ্রীরাধিকার সহিত স্বীয় রূপ দর্শন করাইয়া শ্রীরাধিকার সখী-গণ মধ্যে পরিগণিত করেন ॥ ৯ ॥

ইতি শ্রীমুকুন্দাষ্টক সমাপ্ত।

শ্রীকেশবায় নমঃ।

নবপ্রিয়কমঞ্জরীরচিতকর্ণপূরশ্রিয়ং
বিনিদ্রতরমালতীকলিতশেখরেণোজ্জ্বলং।
দরোচ্ছ্বসিতযূথিকাগ্রথিত বল্গু বৈকক্ষকং
ব্রজে বিজয়িনং ভজে বিপিনদেশতঃ কেশবং ॥ ১ ॥

শ্রীকৃষ্ণোজ্জীয়াৎ।

অথ কেশবমষ্টকেন স্তৌতি নবেত্যাদিনা। কেশবমহং ভজে ইত্যনুষঙ্গঃ। কীদৃশমিত্যাহ। বিপিনদেশতঃ কাননাৎ সায়াহ্ণ সময়ে ব্রজে গোষ্ঠে বিজয়িনমতি প্রসন্ন তয়া সমাগচ্ছন্তং। পুনঃ কীদৃশমিত্যাহ। নবাভ্যাং প্রিয়কমঞ্জরীভ্যাং কদম্ববল্লরীভ্যাং রচিতৌ যৌ কর্ণপূরৌ শ্রোত্রাবতংসৌ তাভ্যাং শ্রীর্যস্য তং। বিনিদ্রতরাভির্ব্বিকসিতাভির্মালতীভিঃ কলিতেন নির্ম্মিতেন শেখরেণ শিরোবতংসেনোজ্জ্বলং সুন্দরং। দরোচ্ছ্বসিতাভি :রীষদ্বিকসিতাভির্যূথিকাভি গ্রথিতং বল্গু মনোহরং বৈকক্ষকং যস্য তং। আপীড় শেখরোত্তংসাবতংসাঃ শিরসি স্রজঃ। তির্য্যগ্বক্ষসি নিক্ষিপ্তং বৈকক্ষক মুদাহৃতমিতি হলায়ুধঃ ॥ ১ ॥

অথ কেশবাষ্টক।

নূতন কদম্ব মঞ্জরী যাঁহার কর্ণ ভূষণ, বিকসিত মালতী মালায় যাঁহার মৌলি সুশোভিত ও যিনি ঈষৎ বিকসিত অতি মনোহর যূথিকা মালা গলদেশে ধারণ করিয়া সায়ংকালে বন হইতে ব্রজধামে আগমন করিতেছেন সেই শ্রীকেশবকে আমি ভজনা করি ॥ ১ ॥

পিশঙ্গি মণিকস্তনি প্রণতশৃঙ্গি পিঙ্গেক্ষণে
মৃদঙ্গমুখি ধূমলে শবলি হংসি বংশিপ্রিয়ে।
ইতি স্বসুরভীকুলং তরলমাহ্বয়ন্তং মুদা
ব্রজে বিজয়িনং ভজে বিপিনদেশতঃ কেশবং ॥ ২ ॥
ঘনপ্রণয়মেদুরান্ মধুরনর্ম্মগোষ্ঠীকলা
বিলাসনিলয়ান্ মিলদ্বিবিধবেশবিদ্যোতিনঃ।

পিশঙ্গীত্যাদীনি নব সম্বুদ্ধ্যন্তানি স্ফুটার্থানি। ইত্যেভি র্নামভিঃ স্ব স্বুরভী-কুলং স্বজাতীয়ং স্বগোবৃন্দমাহ্বয়ন্তং আকারয়ন্তং গৌঃ সৌরভেয়ী মাহেয়ী মহা-স্থুরভিরর্জ্জুনীতি। কুলং তাসাং সজাতীনামিতিচ হৈমঃ ॥ ২ ॥

ঘনেতি পথিষু মার্গেষু অখিল সারয়া সর্ব্বশ্রেষ্ঠয়া গিরা বাচা সখীন্ বয়স্যান্ হাসয়ন্তং। সারোমজ্জস্থিরাংশয়োঃ। বলেশ্রেষ্ঠেচ সারন্ত দ্রবিণ স্থায্য বাস্নি-ষিতি হৈমঃ। সখীন্ বিশিনষ্টি। ঘন প্রণয়েন নিবিড় প্রেম্নামেদুরান্ স্নিগ্ধান্। স্নিগ্ধান্। মধুর নর্ম্ম গোষ্ঠ্যাং স্বাদুপরিহাসসংসদি যে কলা বিলাসা বৈদগ্ধী

হে পিশঙ্গি! হে মণিকস্তণি! হে প্রণতশৃঙ্গি! হে পিঙ্গেক্ষণে! হে মৃদঙ্গমুখি! হে ধূমলে! হে শবলি! হে হংসি! হে বংশীপ্রিয়ে! ইত্যাদি সম্বোধন বাক্যে নিজ গাভীগণকে ব্যগ্র হইয়া আহ্বান করিতে করিতে যিনি বনমধ্য হইতে গোষ্ঠে আগমন করিতেছেন সেই শ্রীকেশবকে আমি ভজনা করি ॥ ২ ॥

যাঁহারা গাঢ় প্রণয় হেতু অতিস্নিগ্ধ, যাঁহারা মধুর পরিহাস বাক্যে ও নৃত্য গীতাদি কলাবিলাসে পটু ও যাঁহারা নানা প্রকার বেশ ভূষায় সুশোভিত, এই প্রকার বয়স্যদিগের

সখীনখিল সারয়া পথিষু হাসয়ন্তং গিরা
ব্রজে বিজয়িনং ভজে বিপিনদেশতঃ কেশবং ॥ ৩ ॥
শ্রমাম্বুকণিকাবলী দরবিলীঢ় গণ্ডান্তর
সমূঢ়গিরিধাতুভি র্লিখিতচারুপত্রাঙ্কুরং।
উদঞ্চদলিমণ্ডলীরুচিবিড়ম্বিবক্রালকং
ব্রজে বিজয়িনং ভজে বিপিনদেশতঃ কেশবং ॥ ৪ ॥

প্রকাশাস্তেষাং নিলয়ান্। গোষ্ঠী সভায়াং সংলাপে ইতি বিশ্বঃ। মিলন্ প্রাপ্নুবন্ যো বিবিধৈ র্বেশৈ র্বিদ্যোতশ্ছবিবিশেষস্তদ্বিশিষ্টান্ অতিমনোজ্ঞানিত্যর্থঃ ॥ ৩ ॥

শ্রমাম্বু কণিকানামাবলীভি র্দরবিলীঢ়মীষদ্বিভূষিতং গণ্ডান্তরং কপোল মধ্যং যস্য তং। সমূঢ়া অবিষ্য প্রাপ্তা যে অতিসুগন্ধয়ো গৌরারুণসিতনীলা গিরিধাতবস্তৈর্বিলিখিতাশ্চারু পত্রাঙ্কুরা যত্র তং। উদঞ্চতী চপলী ভবন্তী যা অলিমণ্ডলী ভৃঙ্গবিততিস্তস্যা দ্যুতিং বিড়ম্বয়তি ন্যক্‌করোতি তথা ভূতা বক্রালকাঃ ক্ষুদ্রকুন্তলা যস্য তং ॥ ৪ ॥

সহিত হাস্য পরিহাস করিতে করিতে বন মধ্যে হইতে যিনি ব্রজমধ্যে আগমন করিতেছেন, সেই শ্রীকেশবকে আমি ভজনা করি ॥ ৩ ॥

বিন্দু বিন্দু শ্রমজলে যাঁহার গণ্ডদেশ শোভিত, যাঁহার মুখমণ্ডলে নানাপ্রকার গৈরিক ধাতু দ্বারা পত্রাঙ্কুর লিখিত হইয়াছে এবং যাঁহার কুটিল কুন্তলের শোভায় মধুলোভে চঞ্চল অলিবৃন্দের শোভা তিরস্কৃত হইয়াছে, এইরূপ বেশে অরণ্য হইতে ব্রজমধ্যে সমাগত সেই শ্রীকেশবকে আমি ভজনা করি ॥ ৪ ॥

নিবদ্ধ নব তর্ণকাবলি বিলোকনোৎকণ্ঠয়া
নটৎ খুরপুটাঞ্চলৈরলঘুভির্ভুবং ভিন্দতীং।
কলেন ধবলাঘটাং লঘু নিবর্ত্তয়ন্তং পুরো
ব্রজে বিজয়িনং ভজে বিপিনদেশতঃ কেশবং ॥ ৫ ॥
পদাঙ্কততিভির্ধরাং বিরচয়ন্তমধ্বশ্রিয়ং
চলত্তরলনৈচিকীনিচয় ধূলিধূম্র স্রজং।

নিবদ্ধেতি। ধবলাঘটাং গোসংহতিং কলেন বেণুনাদেন লঘু শীঘ্রং নিবর্ত্তয়ন্তং। ধবলা গবীতি মেদিনিকরঃ। বহূনাং ঘটনা ঘটা ইতি হৈমঃ। লঘু ক্ষিপ্রমরং দ্রুতমিত্যমরঃ। তাং বিশিনষ্টি। গোষ্ঠে নিবদ্ধানাং নবানাং তর্ণকাবলীনাং বৎসশ্রেণীনাং বিলোকনোৎকণ্ঠয়া হেতুনা নটৎ খুরপটাঞ্চলৈ র্ভুবং ভুমিং ভিন্দন্তীং লিখন্তীং। বৎসস্তর্ণক উচ্যত ইতি হলায়ুধঃ ॥ ৫ ॥
বসন্ ব্যসন মুক্তধীরনিশমত্র সদ্বাসনঃ
সপীতবসনে বশী রতিমবাপ্য বিক্রীড়তি ॥ ৯ ॥
ইতি শ্রীবৃন্দাবনাষ্টকং।

কীদৃশং তৎ। নিখিলাভ্যো নন্দনাদি নিশ্রেয়সাং তাভ্যো নিষ্কুটাবলিভ্যো বরিষ্ঠায়া বৃন্দাটব্যা গুণ স্মরণং কারয়তীতি তৎ। পাঠকে গুণান্তরাণি বিদধানস্তং বিশিনষ্টি। অনিশং সর্ব্বদাত্র বৃন্দাটব্যাং বসন্। ব্যসনেন পাপাচারেণ মুক্তা ধী র্যস্য সঃ। মনসাপি পাপমকুর্ব্বন্। সদ্বাসনঃ ভগবদর্চ্চন শাস্ত্র পরিশীলনাদি শুভকামনাবান্। বশী বিজিতেন্দ্রিয়ঃ ॥ ৯ ॥
ইতি শ্রীবৃন্দাটব্যষ্টকং ব্যাখ্যাতং।

মনোরম অষ্টক যে ব্যক্তি পাঠ করে, সেই জন, নিখিল দুঃখ হইতে মুক্ত হইয়া এবং কামনা সিদ্ধি লাভ করিয়া পীতাম্বর শ্রীকৃষ্ণে লব্ধানুরাগ পূর্ব্বক সুখে বিহার করে ॥ ৯ ॥
ইতি শ্রীবৃন্দাবনাষ্টক সম্পূর্ণ।

শ্রীকৃষ্ণনামস্তোত্রং।

—:*:—

শ্রী ষ্ণনাম্নে নমঃ।

নিখিলশ্রুতিমৌলিরত্নমালা
দ্যুতি নীরাজিতপাদপঙ্কজান্ত।
অয়ি মুক্তকুলৈরুপাস্যমানং
পরিতস্ত্বাং হরিনাম সংশ্রয়ামি ॥ ১

শ্রীকৃষ্ণনাম্নে নমোনমঃ। নামাভাসেনাপি তে যোগিমৃগ্যা মুক্তিঃ স্যাদিত্যাহ রাম্নায়বাচঃ। তদ্ব্যাখ্যাত্রে মহন্নীশ প্রদত্তাঃ স্বস্মিন্ ভক্তিং নাধিকং ত্বং প্রয়াচে। ভগবন্নাম স্তৌতি নিখিলেত্যাদিভিঃ। হে হরিনাম ত্বাং অহং পরিতঃ সর্ব্ব ভাবেন সংশ্রয়ামি। নিখিলাঃ শ্রুতিমৌলয় উপনিষদ স্তা এব রত্নমালাস্তাসাং দ্যুতিভি নীরাজিতঃ পাদপঙ্কজয়ো রন্তো নখরূপাসীনা যস্যেতি বাচ্যেন সহাভেদাদিদং বোধ্যং। যত্র মূর্ত্তিধরাঃ কলা ইতি স্মরণান্মূর্ত্তানাং নিখিলানাং বেদানাং মৌলিষু শিরঃষু যা রত্নমালাস্তাভি রিত্যপরে। শ্রুতয়শ্চ সর্ব্বে বেদা যৎ পদমামনন্তীত্যাদ্যাঃ। তাৎপর্য্যেণ পুমর্থ ভাবেন তাভিঃ প্রতিপাদ্যেতি ভাবঃ।

ত্বাং কিম্ভূতমিত্যাহ। মুক্তকুলৈরপ্যুপাস্যমানমিতি। এতৎ সামগায়ন্নাস্তে। নিবৃত্ততর্ষৈরুপগীয়মানাৎ। এতন্নির্বিদ্যমানানামিচ্ছতা মকুতোভয়ং। যোগিনাং নৃপ নির্ণীতং হরের্ণামানুকীর্ত্তনমিত্যাদি শ্রুতি স্মৃতিভ্যঃ। যোগিনাং ভগবদ্যোগভাজাং মুক্তানামিত্যর্থঃ ॥ ১ ॥

নিখিল বেদরূপ রত্নমালার কান্তি দ্বারা তোমার পাদপদ্মের নখররূপ শেষ সীমা নীরাজিত হইয়াছে এবং সংসার মুক্ত নারদাদি ঋষিগণ তোমার উপাসনা করিতেছেন, অতএব হে হরিনামন্! তোমাকে আমি আশ্রয় করি ॥ ১ ॥

জয় নামধেয় মুনিবৃন্দগেয়
জনরঞ্জনায় পরমক্ষরাকৃতে।
ত্বমনাদরাদপি মনাগুদীরিতং
নিখিলোগ্রতাপপটলীং বিলুম্পসি ॥ ২ ॥

নমু দুরিতাক্রান্তায় তে কথং সংশ্রয়ং দাস্যামি তত্রাহ জয়েতি। হে নামধেয় হে মুনিবৃন্দগেয় ত্বং জয়। দুরিতরাশি নির্দ্দাহকৃতা লক্ষণং স্বোৎকর্ষমাবিষ্কুর্বিতি ভাবঃ। অনাদরাৎ সাঙ্কেত্য পরিহাস্যাদিনাপি মনাগল্পমেবোদীরিতমুচ্চারিতং সৎ ত্বং নিখিলানামুগ্রতাপানাং লিঙ্গদেহপর্য্যন্তানাং পটলীং বিলুম্পসি নাশয়সি। সাঙ্কেত্যং পারিহাস্যম্বা স্তোভং হেলনমেব বা। বৈকুণ্ঠ নাম গ্রহণমশেষাঘহরং বিদুরিতি। পরিহাসোপহাসাদ্যৈ বিষ্ণোর্নাম গৃণন্তি যে। কৃতার্থাস্তেঽপি মনুজাস্তেভ্যোপীহ নমোনমঃ।

প্রমাদাদপি সংস্পৃষ্টো যথানলকণোদহেৎ। তথোষ্ঠপুটসংস্পৃষ্টং হরিনাম দহেদঘমিত্যাদি স্মৃতিভ্যঃ। তথাচ স্ব প্রভাবং স্মৃত্বা মাং পুনীহি ত্বদ্যশঃ প্রচারকোহমিতি ভাবঃ।

হে জনরঞ্জনায় পরমক্ষরাকৃতে ইতি দয়ালুত্বং ব্যজ্যতে। পরমক্ষরেত্যত্র শকন্ধ্বাদিত্বাৎ টেঃ পররূপত্বং। ওঁ আস্য জানন্তোনাম চিদ্বিবক্ত ন মহ স্তেবিষ্ণো সুমতিং ভজামহে ইতি শ্রুতেঃ। সকল নিগমবল্লী সৎফলং চিৎ স্বরূপমিতি

মুনিগণ তোমাকে সর্ব্বদা উচ্চারণ করেন, এবং সমূহ জনের মনোরঞ্জনের নিমিত্ত তুমি কেবল অক্ষরাবয়ব ধারণ করিয়াছ এবং অশ্রদ্ধা পূর্ব্বকও তোমাকে কেহ যদি উচ্চারণ করে তবে সেই জন নিখিল ভয়ানক পাপ সমূহকে লুপ্ত করিতে সক্ষম হয়, অতএব হে নামধেয়! তুমি জয়যুক্ত হও অর্থাৎ জনগণের পাপ রাশি দগ্ধ পূর্ব্বক নিজ উৎকর্ষ প্রকাশ কর ॥ ২ ॥

যদাভাসোঽপ্যুদ্যন্ কবলিত ভবধ্বান্ত বিভবো
দৃশং তত্ত্বান্ধানামপি দিশতি ভক্তিপ্রণয়িনীং।
জনস্তস্যোদাত্তং জগতি ভগবন্নাম তরণে
কৃতীতে নির্বক্তুং ক ইহ মহিমানং প্রভবতি ॥ ৩ ॥

স্মরণাচ্চ চিদাত্মকাক্ষরাকারং নাম। যথা নামিনঃ কৃষ্ণস্য চিদ্রূপস্য হংস শূকরাদি বপুশ্চিদ্রূপমেব তদ্বৎ ॥ ২ ॥

নচ নামাভাসঃ পাপান্যেব দগ্ধা নিবর্ত্ততেঽপিতু স্ববাচ্যে ভক্তিঞ্চ প্রকাশয়তীত্যাহ যদিতি। হে ভগবন্নাম তরণে কৃষ্ণনাম সূর্য্য। ইহ জগতি কঃ কৃতী পণ্ডিতোজনস্তে উদাত্তমুচ্চং মহিমানং নির্বক্তুং প্রভবতি নকোপীত্যর্থঃ। কুত ইতি চেত্তত্রাহ। যস্য তবাভাসঃ সাঙ্কেত্যাদিভিরুচ্চারণং কবলিতো গ্রস্তো ভবধ্বান্ত বিভবঃ সংসৃতিমিব সংপদ্যেন তাদৃশঃ সন্ তত্ত্বান্ধানাং তত্ত্ব দৃষ্টিহীনানামপি ভক্তি প্রণয়িনীং কৃষ্ণভক্তিবিষয়াং দৃশং প্রজ্ঞাং দিশত্যর্পয়তীতি। তবেদৃশে মহিম্নি বিজ্ঞোপি সংশয়ীত বিনা স্বতত্ত্ব বিদুপদেশাদতো বিবক্তুং ন প্রভবতীতি।

এতৎ পদ্যার্থশ্চ। ওঁ আস্যেতি শ্রুতৌ বিস্ফুটঃ। আ ঈষৎ সাঙ্কেত্যাদিভির্নামব্রুবতাং বিষ্ণুবিষয়ক সুমতি লাভাভিধানাৎ ॥ ৩ ॥

হে ভগবন্ নাম সূর্য্য! আপনি যদি কোন সঙ্কেতেও উচ্চারিত হন, তাহা হইলেও তত্ত্বদৃষ্টি শূন্য ব্যক্তির কৃষ্ণভক্তি বিষয়ক চক্ষু প্রদান করিয়া থাকেন অতএব এই জগতে কোন্ কুশল ব্যক্তি আপনার মহিমার নির্ব্বাচন করিতে পারে? ॥ ৩ ॥

যদ্ব্রহ্ম সাক্ষাৎ কৃতিনিষ্ঠয়াপি
বিনাশমায়াতি বিনা ন ভোগৈঃ।

অথৈকান্তিকভাবেনোপাসিতং নামভোগৈক বিনাশ্যমপি প্রারব্ধং বিনৈব ভোগাদ্বিনাশয়তীত্যাহ যদিতি। যন্না ব্রহ্মণঃ পরমাত্মনঃ সাক্ষাৎ কৃতিঃ স্বাত্ত-য়াপ্যবিচ্ছন্ন তৈলধারাবৎ প্রবৃত্তয়া নিষ্ঠয়া ব্রহ্মচিন্তয়া যৎ প্রারব্ধং কর্ম্ম ভোগৈর্বিনা ন বিনাশমায়াতি। হে নাম তত্তে স্মরণেন জিহ্বাদৌ ভাসনেনৈবা-পৈতি দূরীভবতি বিশ্লিয্যতীতি বেদোবিরৌতি। নিগদতীত্যর্থঃ। ব্রহ্মবিদ্যয়া-ভ্যুদিতয়া সঞ্চিত ক্রিয়মাণয়োঃ পুণ্যপাপয়োঃ বিনাশাশ্লেষৌ ভবতঃ। উভে উহৈবেব এতে তরত্যমৃতঃ সাধ্ব সাধুনীতি শ্রুতেঃ। ফলদানায় প্রবৃত্তে পুণ্যপাপে প্রারব্ধং কর্ম্মোচ্যতে। তত্তু ভোগেনৈব ক্ষীয়তে নতু ব্রহ্মবিদ্যয়া। তস্য তাবদেব চিরং যাবন্ন বিমোক্ষ্যে ইতি শ্রুতেঃ এবমেব নির্ণীতং ভগবতা সূত্রকারেণ। তদধিগম উত্তর পূর্ব্বাঘয়ো রশ্লেষ বিনাশৌ তদ্ব্যপদেশাৎ। ইতর-স্যাপ্যেবমসংশ্লেষঃ পাতেতু। অনারব্ধ কার্য্যে এবতু পূর্ব্বে তদবধেরিতি। এষামর্থাশ্চ। তদধিগমে ব্রহ্মানুভবে সত্যুত্তর পূর্ব্বয়োঃ ক্রিয়মাণসঞ্চিতয়ো রঘয়োরশ্লেষ বিনাশৌ স্তঃ। তদ্ব্যপদেশাৎ শ্রুতৌ তথোক্তেরিতি। ইতরস্য পুণ্যস্যাপ্যেবমসংশ্লেষো বিনাশশ্চ দেহস্য প্রারব্ধ রচিতস্য পাতেতু মোক্ষঃ স্যাদিতি পূর্ব্বে অনারব্ধ কার্য্যে সঞ্চিতে পাপপুণ্যে বিদ্যয়া বিনাশ্যতো নত্বনারব্ধ কার্য্যেচ তে। তন্নাশস্য ভোগাবধিত্বাদিতি। তচ্চ প্রারব্ধং কর্ম্ম নামো-চ্চারণাদপগচ্ছতীতি তস্মোদিতি নাম। সএষঃ সর্ব্বেভ্যঃ পাপেভ্য উদিত

অবিচ্ছিন্ন তৈল ধারার ন্যায় বর্ত্তমান, ব্রহ্ম চিন্তা দ্বারাও ভোগ ব্যতিরেকে যে প্রারব্ধ কর্ম্ম অর্থাৎ পাপ পুণ্যের ফলা-ফল ধ্বংশ হয় না, কিন্তু হে নামন্! জিহ্বাগ্রে তোমার

অপৈতি নাম স্ফুরণেন তত্তে
প্রারব্ধ কর্ম্মেতি বিরৌতি বেদঃ ॥ ৪ ॥
অঘদমনযশোদানন্দনৌ নন্দসূনো
কমলনয়ন গোপীচন্দ্র বৃন্দাবনেন্দ্রাঃ।

উদেতি হবৈ সর্ব্বেভ্যঃ পাপ্মভ্যো য এবং বেদেতি শ্রুতেঃ। অত্রোদিতি ভগবন্নামোপাসনয়া সর্ব্ব পাপাপগমোক্তেঃ প্রারব্ধস্যাপ্যপগমঃ স্পষ্টঃ। ইত্থমভি-প্রেত্য শাট্যায়নিনঃ পঠন্তি। তস্য পুত্রাদায়মুপযন্তি সুহৃদঃ সাধুঃ কৃত্যাং দ্বিষন্তঃ পাপকৃত্যামিতি। কৌষীতকিনশ্চ। তৎ সুকৃত দুষ্কৃতে বিধুনুতে তস্য প্রিয়া জ্ঞাতয়ঃ সুকৃত মুপযন্ত্যপ্রিয়া দুষ্কৃতমিতি।

এবমাহ ভগবান্ সূত্রকারঃ। অতোঽন্যাপি হ্যেকেষা মুভয়োরিতি। অস্যার্থঃ একেষাং নামৈকান্তিনাং পরমাতুরাণাং বিনৈব ভোগাৎ প্রারব্ধয়োঃ সুকৃত দুষ্কৃতয়ো রশ্লেষো ভবতীতি স্বীকার্য্যং। হি যস্মাত্তস্য তাবদেব চিরমিত্যাদি-কায়াঃ প্রারব্ধং ভোগনাশ্যমিতি বদন্ত্যাঃ শ্রুতে রন্যা তস্য পুত্রাদায়মিত্যাদিকা তদর্থিকা শ্রুতি রস্তীতি ॥ ৪ ॥

ভক্তেভ্যো বিচিত্রানন্দান্ প্রদাতুং বহুরূপতয়াবির্ভাবাদতি করুণমিদং নামেতি ভাবেনাহ অঘেতি। হে নামধেয়। এবমবিতর্ক্য মহিম্নি ত্বয়ি মম

স্মরণ মাত্রেই সেই কর্ম্ম অপগত হয়, এই কথা বেদ পুনঃ পুনঃ কহিতেছেন ॥ ৪ ॥

হে অঘদমন! হে যশোদানন্দন! হে নন্দসূনো! হে কমলনয়ন! হে গোপীচন্দ্র! হে বৃন্দাবনেন্দ্র! হে প্রণত করুণ! হে কৃষ্ণ! ইত্যাদি প্রকার অনেক স্বরূপে তোমার

প্রণতকরুণকৃষ্ণাবিত্যনেক স্বরূপে
ত্বয়ি মম রতিরুচ্চৈর্বর্দ্ধতাং নামধেয় ॥ ৫ ॥
বাচ্যং বাচকমিত্যুনেতি ভবতোনাম স্বরূপদ্বয়ং
পূর্ব্বস্মাৎ পরমেব হন্ত করুণং তত্রাপি জানীমহে।
যস্তস্মিন্ বিহিতাপরাধনিবহঃ প্রাণী সমন্তাদ্ভবে
দাস্যেনেদমুপাস্য সোপিহি সদানন্দাম্বুধৌ মজ্জতি ॥৬॥

রতি বর্দ্ধতাং। ত্বয়ি কীদৃশি। হে অঘদমন হে যশোদানন্দন হে নন্দসূনো ইত্যেবমাদি বিধায়ানেক স্বরূপেঽষ্টোত্তর শততাং প্রাপ্তে ইত্যর্থঃ ॥ ৫ ॥

অতি করুণত্বং তে স্ফুট মস্যাতস্তামেব সংশ্রয়ামীতি ভাবেনাহ বাচ্যমিতি। হে নাম ভবতস্তব বাচ্যং বাচকমিতি স্বরূপ দ্বয়মুদেতি চকাস্তি। বাচ্যং বিভু চৈতন্যানন্দাত্মকো বিগ্রহঃ পরেশঃ। বাচকং কৃষ্ণ গোবিন্দেত্যাদি কোবর্ণ প্রচয়ঃ। তত্র পূর্ব্বস্মাদ্বাচ্যাত্তাদৃগ্বিগ্রহাৎ। পরমেবং তাদৃগ্বর্ণ প্রচয়রূপং বাচকমেব বয়ং করুণং জানীমহে। কুত ইতি চেত্তত্রাহ। যঃ প্রাণী তস্মিন্ বাচ্যরূপে সমন্তাদ্বিহিতাপরাধ নিবহঃ কৃতাপচারবৃন্দো ভবেৎ। সোপীদং বাচক স্বরূপ মাস্যেনোপাস্য মুখেনোচ্চার্য্য বিনষ্ট তন্নিবহঃ সন্ সদানন্দাম্বুধৌ ভগবৎপ্রেম সুখে নিমজ্জতি কৃতার্থো ভবতীতি। মম নামানি লোকেস্মিন শ্রদ্ধয়া যস্ত কীর্ত্তয়েৎ। তস্যাপরাধকোটীস্ত ক্ষমাম্যেব ন সংশয়ঃ। ইতি স্মরণাৎ নামনামিনো রদ্বৈতং তু। নাম চিন্তামণিঃ কৃষ্ণশ্চৈতন্যরস বিগ্রহঃ। পূর্ণঃ শুদ্ধো নিত্যমুক্তোঽভিন্নত্বান্নাম নামিনোরিতি স্মরণাৎ ॥ ৬ ॥

নাম প্রকাশ পাইতেছে, অতএব হে নামধেয়! তোমাতে আমার অনুরাগ বর্ত্তমান থাকুক ॥ ৫ ॥

হে নামন্! বাচ্য অর্থাৎ বিভুচৈতন্যাত্মক বিগ্রহ এবং বাচক অর্থাৎ কৃষ্ণগোবিন্দ ইত্যাদি বর্ণাত্মক আপনার দুইটী স্বরূপ এই জগন্মণ্ডলে শোভা পাইতেছে, কিন্তু আমি ঐ

সূদিতাশ্রিত জনার্ত্তিরাশয়ে
রম্যচিদ্ঘন সুখ স্বরূপিণে।
নাম গোকুলমহোৎসবায়তে
কৃষ্ণপূর্ণ বপুষে নমো নমঃ ॥ ৭ ॥

নম্বু নাম্ন্যপরাধাদ্দ্বাত্রিংশন্নাম্না বিনশ্যেয়ু র্নামাপরাধাঃ সাধুনিন্দাদয়ো দশকেন বিনশ্যেয়ুরিতি চেত্তেপি নাম্নৈবেতি ভাববানাহ। সূদিতেতি। হে নাম হে কৃষ্ণ তে তুভ্যং নমোনমঃ। তে কীদৃশায়েত্যাহ। সূদিতো বিনাশিত আশ্রিত জনানামার্ত্তিরাশি র্নামাপরাধাস্তো যেন তস্মৈ। জাতে নামাপরাধেতু প্রমাদেন কথঞ্চন। সদা সংকীর্ত্তয়ন্ নাম তদেক শরণো ভবেৎ। নামাপরাধযুক্তানাং নামান্যেব হরন্ত্যঘং। অবিশ্রান্তি প্রযুক্তানি তান্যে বার্থকরাণি চ। যদিতি স্মরণাৎ। বৃত্তানপরাধান্ স্মময় তাসাং প্রতি কেভ্যো বিনিবৃত্তেন সর্ব্বদা প্রযুক্তানি জপ্তানীতি বোধ্যং। অপরাধ বিমুক্তোহি নাম্নি যত্নং সমাচরেদিতি স্মরণাৎ পুনস্তে কীদৃশায় রম্যং চিদ্ঘনং যৎ সুখং তৎ স্বরূপিণে। নাম চিন্তামণিঃ কৃষ্ণ ইত্যাদেঃ।

পুনস্তে কীদৃশায়। গোকুলস্য মহান্যুৎসবো যস্মাৎ তস্মৈ। পূর্ণবপুষে ব্যাপকায় ॥ ৭ ॥

বিভুস্বরূপ হইতে বাচক স্বরূপকেই সদয় বিবেচনা করি, কারণ প্রাণী বিভুস্বরূপে কৃতাপরাধ হইয়া বাচক স্বরূপে নামোচ্চারণ রূপ উপাসনা মাত্রেরই নিরপরাধ হইয়া সর্ব্বদা আনন্দ সাগরে মগ্ন হয় ॥ ৬ ॥

হে নামন্! হে কৃষ্ণ! আপনি আশ্রিত ব্যক্তিদিগের পীড়া সমূহ বিনাশ করেন এবং আপনি ভক্তাভিপ্রায়ে মনোহর চিদ্ঘন স্বরূপ এবং গোকুলবাসিদিগের মূর্ত্তিমান্ আনন্দ স্বরূপ এবং

নারদবীণোজ্জীবন সুধোর্ম্মি নির্য্যাস মাধুরীপূর।
ত্বং কৃষ্ণনাম কামং স্ফুর মে রসনে রসেন সদা ॥ ৮ ॥
ইতি শ্রীকৃষ্ণনামাষ্টকং।

অথ নাম্নঃ স্বস্মিন্ স্ফূর্ত্তিং প্রার্থয়তি। নারদেতি। নারদস্য বীণা মুজ্জীবয়তি চেতয়তীতি হে তাদৃশ। সুধোর্ম্মি নির্য্যাস ইব মাধুরীপূরো যস্য। হে কৃষ্ণনাম। ত্বং রসেনানুরাগেণ মে রসনে স্ফুর। কামং যথেষ্টং ত্বদ্‌গ্রহণেন মে সামর্থ্যং ত্বমেব মজ্জিহ্বায়াং বিরাজস্বেত্যর্থঃ। মুখ্যত্বাৎ কৃষ্ণেতি নাম্নঃ স্ফুর্ত্তিরস্তেভ্যর্থিতা। নাম্নাং মুখ্যতরং নাম কৃষ্ণাখ্যং মে পরন্তপেতি বচনাৎ। অষ্টক পাঠফল মষ্টকাদেব ব্যক্তমস্ত্যতঃ পৃথক্ তন্নোক্তং ॥ ৮ ॥

ইতি শ্রীকৃষ্ণনামাষ্টকং ব্যাখ্যাতং।

আপনার অবয়ব মাধুর্য্যাদিতে পরিপূর্ণ অতএব আপনাকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ৭ ॥

হে কৃষ্ণাভিধেয়! আপনি নারদের বীণার উজ্জীবন স্বরূপ, এবং আপনার মাধুর্য্য প্রবাহ অমৃত তরঙ্গের সারাংশ স্বরূপ, সুতরাং আমার জিহ্বাতে সর্ব্বদা সচেষ্ট রূপে স্ফূর্ত্তি লাভ করুন ॥ ৮ ॥

ইতি শ্রীকৃষ্ণনামাষ্টক সম্পূর্ণ।

ব্রজনব যুবরাজাষ্টকং।

শ্রীব্রজনবযুবরাজায় নমঃ।

মুদিরমদমুদারং মর্দ্দয়ন্নঙ্গকান্ত্যা
বসনরুচিনিরস্তাম্ভোজকিঞ্জল্কশোভঃ।
তরুণিম তরণীক্ষা বিক্লবদ্বাল্যচন্দ্রো
ব্রজনবযুবরাজঃ কাঙ্ক্ষিতং মে কৃষীষ্ট॥ ১

নমঃ শ্রীগোকুলযুবরাজায়।

অথাষ্টকেন ব্রজযুবরাজং স্তৌতি মুদিরেত্যাদিনা। ব্রজনব যুবরাজঃ। পিত্রা নন্দরাজেন ব্রজরাজ্যাধিকারেঽভিষিক্তঃ শ্রীকৃষ্ণো মে কাঙ্ক্ষিতং কৃষীষ্ট মম বাঞ্ছিতং পূর্য্যাৎ। পিত্রা ন্যস্ত রাজ্যভারস্য সর্ব্বার্থ দানে সামর্থ্যাৎ। মুদিরো মেঘঃ। কিঞ্জল্কঃ কেশরঃ। তরুণিমা প্রথম কৈশোরমেব তরণিঃ সূর্য্যস্তস্যো-দগতস্তেক্ষয়া দর্শনেন বিক্লবন্ বিহ্বলী ভবন্ বাল্য চন্দ্রো যস্য সঃ। তারুণ্যো-দগমনিলীয়মান বাল্য ইত্যর্থঃ। তেন চাপল্যাদি পরিহারো ব্যঙ্গ্যঃ। বাল্যো-ত্তরং তারুণ্যোদয়োঽলৌকিক ত্বাদ্বোধ্যঃ॥ ১॥

যিনি অঙ্গ শোভা দ্বারা নবীন মেঘের মদগর্ব্ব খর্ব্ব করি-তেছেন ও যিনি বসন কান্তি দ্বারা পদ্মের কিঞ্জল্ক শোভা তিরস্কার করিতেছেন এবং যাঁহার নবযৌবন রূপ সূর্য্য দর্শনে বাল্যাবস্থারূপ চন্দ্র ক্ষীণ কান্তি হইতেছেন, সেই ব্রজ নব-যুবরাজ শ্রীকৃষ্ণ আমার বাঞ্ছা পূর্ণ করুন॥ ১॥

পিতুরনিশমগণ্যা প্রাণনির্মঞ্ছনীয়ঃ
কলিত তনুরিবাদ্ধা মাতৃবাৎসল্যপুঞ্জঃ।
অনুগুণগুরুগোষ্ঠী দৃষ্টিপীযূষবর্ত্তি
র্ব্রজনবযুবরাজঃ কাঙ্ক্ষিতং মে কৃষীষ্ট॥ ২॥
অখিল জগতি জাগ্রন্মুগ্ধ বৈদগ্ধ্যচর্য্যা
প্রথমগুরুরুদগ্রস্থামবিশ্রামসৌধঃ।

ব্রজরাজ্যে যোগ্যে তস্মিন্ পিত্রাদীনাং স্নেহরাশিঃ সমবর্দ্ধতেত্যাহ। পিতুরিতি। পিতুর্ব্রজেশ্বরস্য অনিশং প্রতিক্ষণং অগণ্যৈঃ প্রাণৈ র্নিমঞ্ছনী য়োনির্মঞ্ছিতুং যোগ্যঃ। মাতৃবাৎসল্যপুঞ্জঃ শ্রীযশোদাস্নেহরাশিঃ কলিত তনুরিব ধৃতদেহ ইবেত্যুৎপ্রেক্ষ্যতে। অদ্ধেতি সাক্ষাদর্থেঽব্যয়ং অনুগুণায়া অনুকূলায়া গুরুগোষ্ঠ্যাঃ পূজ্যজনসভায়া দৃষ্টিষু নেত্রেষু পীযূষবর্ত্তিঃ সুধাময়ী অঞ্জনলেখা। বর্ত্তি র্ভেষজ নির্ম্মাণে নয়নাঞ্জনলেখয়োঃ। গাত্রানুলেপনী দীপদশা দীপেষু যোষিতীতি মেদিনী। রূপকেণোপমা ব্যজ্যতে। তদ্বৎ সুখদো রোচমানশ্চেত্যর্থঃ॥ ২॥

অখিলে জগতি সর্ব্বস্মিন্ লোকে জাগ্রৎ প্রসবন্তী যা মুগ্ধ বৈদগ্ধ্যচর্য্যা মনোজ্ঞ কলা প্রক্রিয়া তস্যাঃ প্রথম গুরুঃ। তাঃ কলাস্তস্মাদেব প্রাদুর্বভূবু

পিতা নন্দমহারাজ সর্ব্বদা যাঁহাকে যথাশক্তি নির্ম্মঞ্ছন করেন এবং জননী যশোদার নিকটে যিনি সাক্ষাৎ মূর্ত্তিমান্ বাৎসল্য রস স্বরূপ এবং পিতা মাতার ন্যায় মাননীয় যে সমস্ত গুরুজন তাঁহাদিগের দৃষ্টির যিনি পীযূষবর্ত্তিকা স্বরূপ, সেই ব্রজনবযুবরাজ শ্রীকৃষ্ণ আমার বাঞ্ছা পূর্ণ করুন॥ ২॥

অতি মনোজ্ঞ নৃত্য গীতাদি চতুঃষষ্টি কলা, যাহা নিখিল

অনুপমগুণরাজী রঞ্জিতাশেষবন্ধুঃ
ব্রজনবযুবরাজঃ কাঙ্ক্ষিতং মে কৃষীষ্ট ॥ ৩ ॥
অপি মদনপরার্দ্ধৈ র্দুষ্করং বিক্রিয়োর্ম্মিং
যুবতিষু নিদধানো ভ্রূধনুর্ধূননেন।
প্রিয়সহচরবর্গঃ প্রাণমীনাম্বুরাশিঃ
ব্রজনবযুবরাজঃ কাঙ্ক্ষিতং মে কৃষীষ্ট ॥ ৪ ॥

রিত্যর্থঃ। উদগ্রস্যোৎকৃষ্টস্য স্থাম্নো বলস্য যো বিশ্রামঃ সুখনিবাসস্তস্য সৌধো মহানালয়ঃ। প্রাণঃ স্থাম বলং দ্যুম্নমিতি হলায়ুধঃ। সৌধোহস্ত্রী রাজসদনমিত্যমরঃ। অনুপময়া সর্ব্বোৎকৃষ্টয়া সৌশীল্য সৌহার্দ্দাদিকয়া গুণরাজ্যা রঞ্জিতা অশেষাঃ সর্ব্বে বন্ধবঃ স্বজনাঃ যেন সঃ। স গোত্র বান্ধব জ্ঞাতি বন্ধু স্ব স্বজনাঃ সমা ইত্যমরঃ ॥ ৩ ॥

অপীতি। মদনপরার্দ্ধৈরসংখ্যেয়ৈরপি মদনৈর্দুষ্করং কর্ত্তুমশক্যং বিক্রিয়োর্ম্মিং হৃদ্ভেদন বিচূর্ণ লক্ষণ বিকার তরঙ্গং ভ্রূধনু র্ধূননেন যুবতিষু নিদধানোহর্পয়ন্। বিভাবনাত্রালঙ্কারঃ। শরপ্রয়োগাভাবেহপি ভেদনাদের্জাতত্বাৎ। প্রিয়েতি স্ফুটার্থঃ। মীনানামম্ভোধিরিব সহচরাণাং সুখভূমি রিত্যর্থঃ ॥ ৪ ॥

জগতে জাগরুক রহিয়াছে, ঐ সমস্ত শিক্ষার যিনি প্রথম গুরু স্বরূপ, যিনি অত্যুন্নত পরাক্রমের সুখ বিশ্রাম স্থান এবং যিনি মনোরম গুণ কলাপ দ্বারা বন্ধু বান্ধবদিগকে অনুরঞ্জিত করিতেছেন, সেই ব্রজনবযুবরাজ শ্রীকৃষ্ণ আমার বাঞ্ছা পূর্ণ করুন ॥ ৩ ॥

পরার্দ্ধ পরিমিত কন্দর্পেরও অসাধ্য ভ্রূ শরাসন চালনা করিয়া যিনি যুবতীগণের হৃদয়ে বিকার তরঙ্গ বিস্তার করিতেছেন এবং যিনি প্রিয় সহচর বর্গের প্রাণ মীনের সাগর স্বরূপ ॥ ৪ ॥

নয়নশৃণিবিনোদক্ষোভিতানঙ্গনাগো
ন্মথিতগহনরাধাচিত্তকাসারগর্ভঃ।
প্রণয়ভরমরন্দাস্বাদলীলাষড়ঙ্ঘ্রি
র্ব্রজনবযুবরাজঃ কাঙ্ক্ষিতং মে কৃষীষ্ট ॥ ৫ ॥
অনুপদমুদয়ন্ত্যা রাধিকাসঙ্গসিদ্ধ্যা
স্থগিত পৃথুরথাঙ্গ দ্বন্দ্বরাগানুবন্ধঃ।

নয়নশৃণিনা কটাক্ষাঙ্কুশেন যো বিনোদস্তাড়নং তেন ক্ষোভিতোযোঽনঙ্গ নাগঃ স্মরগজস্তেনোন্মথিতো গহনো দুরবগাহো রাধাচিত্তকাসারগর্ত্তস্তন্মনঃ সরো মধ্যভাগো যেন সঃ। অঙ্কুশোঽস্ত্রীশৃণির্দ্বয়োরিতি। কাসারঃ সরসী সর ইতি চামরঃ। গর্ত্তেতি তস্যা গাম্ভীর্য্যাতিশয়ো ব্যঙ্গ্যঃ। রাধায়া যঃ প্রণয়রসঃ স এব মরন্দস্তদাস্বাদ লীলায়াং ষড়ঙ্ঘ্রি ভৃঙ্গঃ। অথ পুষ্পরসো মধুঃ মকরন্দোমরন্দশ্চেতি হৈমঃ ॥ ৫ ॥

অনুপদং প্রতিব্যবসায়মুদয়ন্ত্যা জায়মানয়া রাধিকাসঙ্গসিদ্ধ্যা গান্ধর্ব্বা লাভ ফলেন কৃতা স্থগিতঃ স্তব্ধতাং নীতঃ। পৃথুরুৎকৃষ্টো রথাঙ্গদ্বন্দ্বস্য চক্রবাক মিথুনস্য রাগানুবন্ধো যেন সঃ। কোকশ্চক্রশ্চক্রবাকো রথাঙ্গাহ্বয় নামক

যিনি কটাক্ষাঙ্কুশপাতে ক্ষুব্ধ অনঙ্গ হস্তি দ্বারা শ্রীরাধিকার দুরবগাহ মনোসরোবরকে আলোড়িত করেন এবং শ্রীরাধিকার প্রণয় রসপানে যিনি ভ্রমর স্বরূপ, সেই ব্রজনবযুবরাজ শ্রীকৃষ্ণ আমার বাঞ্ছা পূর্ণ করুন ॥ ৫ ॥

ইচ্ছা করিলেই শ্রীরাধিকার সঙ্গলাভ হয়, এজন্য নিশা-বিরহি চক্রবাক যুগলের পরস্পর নিবদ্ধ উৎকৃষ্ট প্রেমকেও যিনি তিরস্কার করিতেছেন অর্থাৎ তাহারা রাত্রিকালে পর-

মধুরিম মধুধারাধোরণীনামুদন্বান্
ব্রজনবযুবরাজঃ কাঙ্ক্ষিতং মে কৃষীষ্ট ॥ ৬ ॥
অলঘু কুটিল রাধাদৃষ্টিবারীনিরুদ্ধ
ত্রিজগদপরতন্ত্রোদ্দামচেতো গজেন্দ্রঃ।

ইত্যমরঃ। রথাঙ্গয়ো রাত্রৌ সঙ্গাভাবাত্তস্থামনয়ো স্তদাধিক্যাদ্রাগানুবন্ধ ত্বকৃকারঃ। রূপ বাকৃচরিতাদি গতা যে মধুরিমাণ স্তাঞ্জেব মধূনি তেষাং যা ধারা ধোরণ্যঃ প্রবাহশ্রেণয় স্তাসামুদন্বান্ সমুদ্রঃ। রাজির্লেখা তর্তির্বীথী মালাল্যাবলি পঙ্‌ক্তয়ঃ। ধোরণী শ্রেণীতি হৈমঃ। উদন্বানুদধিঃ সিন্ধুরিত্যমরঃ ॥ ৬ ॥

অলঘুরুৎকৃষ্টা কুটিলাচ যা রাধায়া দৃষ্টিঃ কটাক্ষবীক্ষা সৈব বারী গজবন্ধনী। তয়া নিরুদ্ধোবশীভূত স্ত্রিজগত্যপরতন্ত্রঃ। স্বতন্ত্র উদ্দামোতিপ্রবলশ্চ চেতো গজেন্দ্রো যস্য সঃ। স্বসখ্যা বশীকৃতং কৃষ্ণং বিজ্ঞায় সুখমুখরায়া হর্ষ বহু ভাষিণ্যা বিশাখায়া যন্নর্ম্ম যো ভবান্ স্ববশ চিত্তোহং যুবতীনাং জিহ্মচিত্তানাং

স্পর বিরহিত থাকায় ইচ্ছা মাত্রেই মিলিত হইতে পারে না কিন্তু ইঁহারা সকল সময়েই যুগলভাবে অবস্থান করেন, এবং যিনি মাধুর্য্য রূপ মধু প্রবাহের সাগর স্বরূপ, সেই ব্রজ নবযুবরাজ শ্রীকৃষ্ণ আমার বাঞ্ছা পূর্ণ করুন ॥ ৬ ॥

ত্রিজগতে কেহই যাঁহাকে বদ্ধ করিতে পারে না, ঈদৃশ অতি প্রবল যাঁহার চিত্ত হস্তী শ্রীরাধিকার কুটিল কটাক্ষ রূপ বারী (গজবন্ধন) দ্বারা নিরুদ্ধ হইয়াছে এবং যিনি নর্ম্ম বাক্যালাপে নিরতিশয় মুখরা বিশাখার পরিহাস বাক্য শ্রবণে

সুখমুখরবিশাখানর্ম্মণা স্মেরবক্ত্রো
ব্রজনবযুবরাজঃ কাঙ্ক্ষিতং মে কৃষীষ্ট ॥ ৭ ॥
ত্বয়ি রহসি মিলন্ত্যাং সম্ভ্রমন্যাসভুগ্না
প্যুষসি সখি তবালী মেখলা পশ্য ভাতি।
ইতি বিবৃত রহস্যৈর্হ্রেপয়ন্ সুষ্ঠু রাধাং
ব্রজনবযুবরাজঃ কাঙ্ক্ষিতং মে কৃষীষ্ট ॥ ৮ ॥

বশ্যোনস্তামিত্যসকৃদবাদীৎ স কিমধুনা রাধিকাঙ্গ স্পর্শায় মাং মুহুর্মুহু রভ্যর্থয়ন্ নির্মঞ্চনার্হং ভবতস্তরঙ্গস্যেব স্ববশচিত্তত্বমিতি পরিহাস বাক্যং তেন স্মেরবক্ত্রঃ। জিতস্ত্বয়াহমিতি স্ময়মান ইত্যর্থঃ ॥ ৭ ॥

বিশাখা প্রসাধিতয়া রাধয়া সহ ক্রীড়িত্বা তদন্তে সমাগতায়াং বিশাখায়াং রাধাং পরিহসন্তং বর্ণয়ন্ বিশিনষ্টি ত্বয়ীতি। হে বিশাখে তবালী রাধা মেঘোপরি বিদ্যুদিব মদুপরি চাপলং চকার। তস্যাস্বদাল্যা মেখলা কিঙ্কিণী রহস্যেকান্তে ত্বয়ি মিলন্ত্যাং সত্যাং সম্ভ্রম ন্যাসেন ত্বরার্পণেন ভুগ্না বক্রাপি ভাতি সুন্দরে কিমসুন্দরমিতি ন্যায়েন পরিশোভত ইত্যর্থঃ। বক্রং বৃজিনং ভঙ্গুরমাবিদ্ধং বেল্লিতং নতং জিহ্মং। ভুগ্নমরালং কুটিলং ব্যাকুঞ্চিত মূর্ত্তিমৎ কথিতমিতি হলায়ুধঃ। ত্বং পশ্যেতি। দৃষ্ট্বা মচ্ছীলং নিজালীশীলঞ্চ জানীহীত্যর্থঃ। ইত্যেবং প্রকারেণ বিবৃতৈঃ প্রকটিতৈঃ রহস্যৈরেকান্ত চরিতৈঃ। রাধাং হ্রেপয়ন্ সলজ্জাং কুর্ব্বন্ ॥ ৮ ॥

মন্দ মন্দ হাস্যযুক্ত হয়েন, সেই ব্রজনবযুবরাজ আমার বাঞ্ছা পূর্ণ করুন ॥ ৭ ॥

হে বিশাখে! হে সখি! তুমি যাহা নির্জ্জনে গাঁথিয়া তোমার সখী শ্রীরাধিকাকে সাজাইয়া দিয়াছিলে, অদ্য তিনি মেঘোপরি বিদ্যুতের ন্যায় আমার উপর দৌরাত্ম্য করায় ঐ

ব্রজনবযুবরাজস্যাষ্টকং তুষ্টবুদ্ধিঃ
কলিত বরবিলাসং যঃ প্রযত্নাদধীতে।
পরিজন গণনায়াং নাম তস্যানুরজ্যন্
বিলিখতি কিল বৃন্দারণ্যরাজ্ঞী রসজ্ঞঃ॥ ৯॥
ইতি শ্রীব্রজনবযুবরাজাষ্টকং।

অষ্টকপাঠ ফলমাহ ব্রজেতি। কলিতা বর্ণিতাঃ বরবিলাসা যত্র তৎ। বৃন্দারণ্যরাজ্ঞী নিকুঞ্জপট্টমহিষী শ্রীরাধা তস্যা রসজ্ঞো রসিকঃ স যুবরাজঃ। স্ফুটমন্যৎ॥ ৯॥

ইতি শ্রীযুবরাজাষ্টকং ব্যাখ্যাতং।

দেখ সেই কাঞ্চী (চন্দ্রহার) ভাঙ্গিয়া ফেলিয়াছেন এই প্রকার রহস্য কৃত চরিত্র প্রকাশ করিয়া যিনি প্রাতঃকালে শ্রীরাধিকাকে লজ্জিত করিতেছেন, সেই ব্রজনবযুবরাজ শ্রীকৃষ্ণ আমার বাঞ্ছা পূর্ণ করুন॥ ৮॥

যিনি তুষ্ট মনে যত্ন পূর্ব্বক অনুরাগী হইয়া ব্রজনব যুবরাজ শ্রীকৃষ্ণের বিলাস পূর্ণ এই পদ্যাষ্টক পাঠ করেন, বৃন্দাবনরাজ্ঞী শ্রীরাধিকার প্রণয় রসজ্ঞ শ্রীকৃষ্ণ আত্মীয় পরিজনের মধ্যে তাঁহার নাম উল্লেখ করেন॥ ৯॥

ইতি শ্রীব্রজনবযুবরাজাষ্টক সমাপ্ত।

শ্রীকৃষ্ণায় নমঃ।

কন্দর্পকোটিরম্যায় স্ফুরদিন্দীবরত্বিষে
জগন্মোহনলীলায় নমো গোপেন্দ্রসূনবে ॥ ১ ॥
কৃষ্ণলাকৃতহারায় কৃষ্ণলাবণ্যশালিনে।
কৃষ্ণাকূলকরীন্দ্রায় কৃষ্ণায় করবৈ নমঃ ॥ ২ ॥
সর্ব্বানন্দকদম্বায় কদম্বকুসুমস্রজে।

অথ প্রণতি প্রিয়ত্বাৎ প্রণামৈঃ কৃষ্ণং প্রসাদয়তি কন্দর্পেত্যাদিনা। গোপেন্দ্রোনন্দস্তস্য সূনবে পশুপাঙ্গজায়েত্যাদি স্মরণাদৌরসপুত্রায় শ্রীকৃষ্ণায় নমঃ। স্ফুটার্থমন্যৎ ॥ ১ ॥

কৃষ্ণলা গুঞ্জাঃ। কৃষ্ণং যল্লাবণ্যং ইন্দ্রনীলমণিবত্তরলং রূপং তচ্ছালিনে তদ্বিশিষ্টায়। কৃষ্ণা শ্রীযমুনা নীলোৎপলদলশ্যামেতি পাদ্মে তন্নাম স্তোত্রাৎ। তস্যাঃ কূলে তটে করীন্দ্রায় তদ্বত্তত্র ক্রীড়তে ইত্যর্থঃ ॥ ২ ॥

সর্ব্বং সমগ্রং যদানন্দকদম্বং তদ্রূপায়। সর্ব্বং সমস্তমন্যূনং সমগ্রং সকলং সমং। বিশ্বাশেষাখণ্ডকৃৎস্নন্যক্ষাণি নিখিলাখিলে ইতি হৈমঃ। পূর্ণসুখ ঘনায়েত্যর্থঃ। যদ্বা সর্ব্বাণি নানাবিধান্যানন্দ কদম্বানি যস্মাত্তস্মৈ নিখিল সুখহেতবে

যিনি কোটি কন্দর্পের ন্যায় রমণীয়, বিকসিত নীলপদ্ম ন্যায় যাঁহার অঙ্গদ্যুতি, যিনি মনোরম লীলা প্রকাশে ত্রিজগত মুগ্ধ করিতেছেন সেই গোপেন্দ্রনন্দন, শ্রীকৃষ্ণকে নমস্কার ॥ ১ ॥

যিনি গুঞ্জাহার ভূষণে ভূষিত, ইন্দ্রনীলমণির ন্যায় যাঁহার কান্তি এবং যিনি কালিন্দীকূলের করীন্দ্র স্বরূপ, সেই শ্রীকৃষ্ণকে নমস্কার করি ॥ ২ ॥

যিনি অখিল আনন্দের কারণ স্বরূপ, কদম্ব পুষ্প মালায়

নমঃ প্রেমাবলম্বায় প্রলম্বারিকনীয়সে ॥ ৩ ॥
কুণ্ডলস্ফুরদংসায় বংশায়তু মুখশ্রিয়ে।
রাধামানসহংসায় ব্রজোত্তংসায় তে নমঃ ॥ ৪ ॥
নমঃ শিখণ্ডচূড়ায় দণ্ডমণ্ডিতপাণয়ে।

ইত্যর্থঃ প্রেমৈবালম্বো যস্মিং স্তস্মৈ যৎ প্রাপ্তৌ প্রেমৈব হেতু রিত্যর্থঃ। স্বভক্ত প্রেমোপজীব্যায়েতি বা। বিসৃজতি হৃদয়ং ন যস্ত সাক্ষাদ্ধরিরবশাভিহিতোপ্য-ঘৌঘনাশঃ। প্রণয়রসনয়া ধৃতাঙ্ঘ্রিপদ্মঃ স ভবতি ভাগবত প্রধান উক্ত ইত্যাদি স্মরণাৎ। প্রলম্বারে র্বলদেবস্ত কনীয়সেঽনুজায় ॥ ৩ ॥

কুণ্ডলাভ্যাং স্ফুরন্তাবংসৌ যস্ত তস্মৈ কুণ্ডলদ্যুতি শোভিত স্কন্ধায়েত্যর্থঃ। বংশায়ত্তেন বেণু বাদন সঙ্কুচিতেন মুখেন শ্রীঃ শোভা যস্ত তস্মৈ। রাধায়া মানসং চিত্তমেব মানসং তদাখ্যং সরস্তস্মিন্ হংসায় তদ্বত্তত্র বিহরতে ইত্যর্থঃ শ্লেষপরম্পরিতং রূপকং। ব্রজস্ত তদ্বর্ত্তিনো জননিচয়স্তাবতংসার শিরো-ভূষণমাস্থায় ॥ ৪ ॥

শিখণ্ডকেন চন্দ্রকেণ চুম্বিতা চূড়া কেশপাশী যস্ত তস্মৈ। শিখা চূড়া কেশপাশীত্যমরঃ। দণ্ডেন রত্নখচিতেন লগুড়েন মণ্ডিতঃ পাণির্যস্ত তস্মৈ।

যাঁহার বক্ষঃস্থল সুশোভিত, যিনি ভক্তগণের প্রেম দ্বারা বশীভূত হন, সেই রামানুজ শ্রীকৃষ্ণকে নমস্কার ॥ ৩ ॥

দোদুল্যমান কর্ণকুণ্ডল দ্বারা যাঁহার স্কন্ধদেশ সুশোভিত, বংশীবাদন হেতু ঈষৎ বক্রীকৃত মুখমণ্ডল দ্বারা যিনি সুশোভিত, যিনি শ্রীরাধিকার চিত্ত রূপ মানস সরোবরের হংস স্বরূপ, ব্রজবাসি জনগণের শিরোভূষণ স্বরূপ, সেই শ্রীকৃষ্ণকে নমস্কার ॥ ৪ ॥

ময়ূরপুচ্ছে যাঁহার চূড়া শোভিত, যিনি গোরক্ষণের

কুণ্ডলীকৃতপুষ্পায় পুণ্ডরীকেক্ষণায় তে ॥ ৫ ॥
রাধিকাপ্রেমমাধ্বীকমাধুরীমুদিতান্তরং।
কন্দর্পবৃন্দসৌন্দর্য্যং গোবিন্দমভিবাদয়ে ॥ ৬ ॥
শৃঙ্গাররসশৃঙ্গারং কর্ণিকারাত্তকর্ণিকং।
বন্দে শ্রিয়া নবাম্ভ্রাণাং বিভ্রাণং বিভ্রমং হরিং ॥ ৭ ॥

কুণ্ডলীকৃতানি পুষ্পাণি যেন তস্মৈ পুষ্পকুণ্ডলভূষিতকর্ণায়েত্যর্থঃ। পুণ্ডরীকেক্ষণায়ারবিন্দনেত্রায় ॥ ৫ ॥

রাধিকেতি স্ফুটার্থং। অভিবাদয়ে প্রণমামি ॥ ৬ ॥

শৃঙ্গারেতি। হরিং বন্দে ইত্যন্বয়ঃ। কীদৃশমিত্যাহ। শৃঙ্গার উজ্জ্বলাপরপর্য্যায়ো যো রসস্তস্য শৃঙ্গারং ভূষণমিত্যর্থঃ। কর্ণিকারৈঃ পুষ্পৈরাত্তে গৃহীতে কর্ণিকে যেন তং। কর্ণিকা কর্ণভূষণমিত্যমরঃ। শ্রিয়া বিগ্রহ কান্ত্যা নবাম্ভ্রাণাং নূতনাম্বুদানাং বিভ্রমং ভ্রান্তিং বিভ্রাণং ধারয়ন্তং। বিভ্রমস্তু বিলাসে স্যাদ্বিভ্রমো ভ্রান্তিহাবয়োরিতি বিশ্বলোচনকোষঃ ॥ ৭ ॥

নিমিত্ত রত্ন খচিত দণ্ড ধারণ করিতেছেন, পুষ্প নির্ম্মিত কর্ণ কুণ্ডলে যাঁহার কর্ণ দ্বয় ভূষিত, সেই পুণ্ডরীকনয়ন শ্রীকৃষ্ণকে নমস্কার ॥ ৫ ॥

শ্রীরাধিকার প্রেম রূপ মধুর রস পান করিয়া যাঁহার অন্তঃকরণ সর্ব্বদা আনন্দযুক্ত ও কন্দর্প কোটির ন্যায় যাঁহার সৌন্দর্য্য, সেই শ্রীগোবিন্দকে আমি অভিবাদন করি ॥ ৬ ॥

যিনি শৃঙ্গার রসের ভূষণ স্বরূপ, যিনি কর্ণিকার কুসুম দ্বারা কর্ণ ভূষণ করিয়াছেন, যিনি শরীর কান্তি দ্বারা নূতন মেঘের ভ্রান্তি ধারণ করিয়াছেন অর্থাৎ তাঁহাকে দেখিলে নবীন মেঘের উদয় হইয়াছে বলিয়া ভ্রম হয়, সেই শ্রীহরিকে আমি বন্দনা করি ॥ ৭ ॥

সাধ্বীব্রতমণিব্রাত পশ্যতোহরবেণবে।
কহ্লারকৃতচূড়ায় শঙ্খচূড়ভিদে নমঃ ॥ ৮ ॥
রাধিকাধরবন্ধূক মকরন্দমধুব্রতং।
দৈত্যসিন্ধুরপারীন্দ্রং বন্দে গোপেন্দ্রনন্দনং ॥ ৯ ॥
বর্হেন্দ্রায়ুধরম্যায় জগজ্জীবনদায়িনে।

সাধ্বীনাং গোপসুভ্রুবাং যানি ব্রতানি কুলধর্ম্মনিষ্ঠাস্তে এব মণিব্রাতা স্তেষাং পশ্যতোহরো বেণুর্যস্য তস্মৈ। ষষ্ঠ্যা অলুক্। যঃ পশ্যতোহরেদর্থং স চৌরঃ পশ্যতোহর ইতি হৈমঃ। বেণুনাদেন ব্রজতরুণী র্হঠাদাকর্ষতে ইত্যর্থঃ। কহ্লারেণ সৌগন্ধিকেন পদ্মেন কৃতা রচিতা চূড়া যস্য তস্মৈ। সৌগন্ধিকন্তু কহ্লারমিত্যমরঃ। শঙ্খচূড়ঃ কংসভৃত্যং যক্ষং ভিনত্তীতি তস্মৈ ॥ ৮ ॥

রাধিকাধর এব বন্ধূকো বন্ধুজীবঃ পুষ্পভেদস্তস্য মকরন্দে মধুব্রতং ভৃঙ্গং। দৈত্যা এব সিন্ধুরা হস্তিনস্তেষাং পারীন্দ্রং সিংহং তন্নাশকমিত্যর্থঃ ॥ ৯ ॥

বর্হাণ্যেবেন্দ্রায়ুধং শক্রচাপস্তেন রম্যায়। পিচ্ছবর্হে নপুংসকে ইতি আয়ুধং স্যাৎ প্রহরণমিতিচামরঃ। জগতো জীবনং জীবিকা তদেব জীবনং

যাঁহার বংশী, সাধ্বী ব্রজরমণীগণের ধর্ম্মনিষ্ঠা রূপ রত্ন সমূহের অপহারিকা, পদ্ম পুষ্প দ্বারা যাঁহার চূড়া সুশোভিত এবং যিনি শঙ্খচূড় নামক কংসভৃত্যের নিহন্তা, সেই শ্রীকৃষ্ণকে নমস্কার ॥ ৮ ॥

শ্রীরাধিকার অধর রূপ বন্ধুক কুসুমে মকরন্দ পানে যিনি ভ্রমর স্বরূপ এবং যিনি দানব রূপ মাতঙ্গগণের সিংহ স্বরূপ, সেই গোপেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণকে নমস্কার ॥ ৯ ॥

যিনি ময়ূরপুচ্ছ রূপ ইন্দ্রধনু দ্বারা রমণীয়, যিনি জগতের জীবন দাতা এবং শ্রীরাধিকা রূপ বিদ্যুৎমালায় যাঁহার অঙ্গ

রাধাবিদ্যুদ্বৃতাঙ্গায় কৃষ্ণাম্ভোদায় তে নমঃ॥ ১০ ॥
প্রেমান্ধবল্লবীবৃন্দলোচনেন্দীবরেন্দবে।
কাশ্মীরতিলকাঢ্যায় নমঃ পীতাম্বরায় তে॥ ১১॥
গীর্ব্বাণেশ মদোদ্দাম দাবনির্ব্বাণনীরদং।
কন্দুকীকৃতশৈলেন্দ্রং বন্দে গোকুলবান্ধবং॥ ১২ ॥
দৈন্যার্ণবে নিমগ্নোস্মি মন্তুগ্রাবভরার্দ্দিতঃ।

জলং তদ্দদাতীতি তস্মৈ। সমস্ত বস্তু বিষয়ং রূপকমেতৎ। তত্র পরম্পরিতং রূপকমঙ্গং। তেন সঙ্করোঽয়ং॥ ১০ ॥

প্রেমান্ধানাং প্রেমোন্মত্তানাং বল্লবীনাং বৃন্দানাং লোচনান্যেবেন্দীবরাণি তেষামিন্দবে তদ্বিকাশায়েত্যর্থঃ। কাশ্মীর তিলকেন কুঙ্কুমোর্দ্ধ পুণ্ড্রেণাঢ্যায় সম্পন্নায়। কাশ্মীরং কুঙ্কুমে প্রোক্তমিতি বিশ্বঃ॥ ১১ ॥

গীর্ব্বাণেশ ইন্দ্রস্তস্য মদোগর্ব্ব এবোদ্দাম দবো মহান্ বনাগ্নিস্তস্য নির্ব্বাণে বিনাশে নীরদং মেঘং। বনবহ্নির্দবোদাব ইতি হলায়ুধঃ। স্ফুটমন্যৎ॥ ১২ ॥

এবং প্রণম্য স্বদোষবিজ্ঞপ্তি পূর্ব্বকমনুগ্রহং প্রার্থয়তি দৈন্যেতি। দৈন্যা

সুশোভিত, সেই শ্রীকৃষ্ণ রূপ নবীন মেঘকে নমস্কার॥ ১০ ॥

যিনি প্রেমান্ধ ব্রজ বনিতাগণের নয়ন রূপ ইন্দীবরের চন্দ্র স্বরূপ এবং যিনি কুঙ্কুম রচিত তিলকে সুশোভিত, সেই পীতাম্বর শ্রীকৃষ্ণকে নমস্কার॥ ১১ ॥

যিনি দেবরাজ ইন্দ্রের প্রগাঢ় গর্ব্ব রূপ দাবানল নির্ব্বাণে নূতন মেঘ স্বরূপ এবং যিনি শৈলরাজ গোবর্দ্ধনকে ক্রীড়া কন্দুকের ন্যায় করিয়াছিলেন, সেই গোকুলবন্ধু শ্রীকৃষ্ণকে নমস্কার॥ ১২ ॥

হে কারুণ্যবারিধে! হে কৃষ্ণ! আমি অপরাধ রূপ পাষাণ

দুষ্টে কারুণ্যপারীণ ময়ি কৃষ্ণ কৃপাং কুরু ॥ ১৩ ॥
আধারোপ্যপরাধানামবিবেকহতোপ্যহং।
ত্বৎকারুণ্যপ্রতীক্ষোঽস্মি প্রসীদ ময়ি মাধব ॥ ১৪ ॥
ইতি প্রণাম প্রণয়াখ্য স্তবঃ।

র্ণবে দুর্গতি সমুদ্রে নিমগ্নোঽহমস্মি হে কারুণ্যপারীণ দয়াসাগর। উপরিষ্টা মস্তগ্রাবেণাঽপরাধশিলায়া ভরেণার্দ্দিতঃ পীড়িতশ্চাস্মি। আগোঽপরাধো মন্তশ্চেত্যমরঃ। দুষ্টে দৈন্যমন্ত দোষবতি ময়ি ত্বং কৃপাং কুরু। যৎ ত্বং কারণ্য পারীণোঽসীতি হেতুগর্ত্তং সম্বোধনং দৈন্যবোধিকেয়ং বিজ্ঞপ্তিঃ। সংপ্রার্থনা-ত্মিকা লালসাময়ীচ সা ভবতি। এবমুক্তং শ্রীহরিভক্তিরসামৃতে। সংপ্রার্থনা ত্মিকা দৈন্যবোধিকা লালসাময়ী। ইত্যাদি বিবিধা ধীরৈঃ কৃষ্ণে বিজ্ঞপ্তি রীরিতেতি ॥ ১৩ ॥

নন্বু দুষ্টে ত্বয়ি মৎকৃপা কথং স্যাত্তত্রাহ। যদ্যপ্যহমপরাধানামাধারঃ খনিঃ অবিবেকেন সারাসার বিবেকাভাবেনাপি হতঃ পীড়িতশ্চাস্মি। তথাপি ত্বৎ কারুণ্য প্রতীক্ষত্বদনুকম্পাং নীচোচ্চ বিবেকশূন্যাং প্রপশ্যন্নস্মি। হে মাধব তাদৃশোপি ময়ি প্রসীদ প্রসাদং কুরু। অন্যথা তৎ কারুণ্যস্য তথাঽং হীয়েত তদ্বাদিনঃ সন্তশ্চ ব্রীড়িতাঃ স্যুরিতি ভাবঃ ॥ ১৪ ॥

ইতি প্রণাম প্রণয়ঃ স্তবো ব্যাখ্যাতঃ।

ভার গ্রস্থ হইয়া দুঃখ সমুদ্রে নিমগ্ন হইয়াছি অতএব কৃপা পূর্ব্বক এই মন্দ ব্যক্তিকে উদ্ধার করুন ॥ ১৩ ॥

হে মাধব! আমি শত শত অপরাধের আধার ও অজ্ঞান প্রভাবে হতচিত্ত হইয়া এক্ষণে আপনার কৃপা প্রতীক্ষা করি-তেছি অতএব আমার প্রতি প্রসন্ন হউন ॥ ১৪ ॥

ইতি প্রণাম প্রণয়াখ্য স্তব সমাপ্ত।

শ্রীহরয়ে নমঃ।

গতিগঞ্জিতমত্ততরদ্বিরদং
রদনিন্দিতসুন্দরকুন্দমদং।
মদনার্ব্বুদরূপমদঘ্নরুচিং
রুচিরস্মিত মঞ্জরি মঞ্জুমুখং ॥ ১ ॥
মুখরীকৃতবেণুহৃতপ্রমদং
মদবল্লিতলোচনতামরসং।

অথ কুসুম স্তবকেন দণ্ডকেন হরিং স্তৌতি। গতীত্যাদিনা। তং হরিং নমামীত্যন্বয়ঃ কীদৃশমিত্যাহ। গত্যা গঞ্জিতো ন্যক্‌কৃতোমত্ততরোঽতিমত্তো দ্বিরদো গজো যেন তং। রদৈর্দন্তৈ র্নিন্দিতোঽবজ্ঞাতঃ সুন্দরাণাং কুট্মল তয়া কমনীয়ানাং কুন্দানাং মদো গর্ব্বো যেন তং। মদনার্ব্বুদস্য রূপমদং হন্তি তাদৃশী রুচিঃ কান্তি র্যস্য তং। রুচিরয়া স্মিতমঞ্জর্য্যা মঞ্জু চারু মুখং যস্য তং ॥ ১ ॥
মুখরীকৃতেন বাদিতেন বেণুনা হৃতা আকৃষ্টাঃ প্রমদা বনিতা যেন তং। মদেন তারুণ্য মত্ততয়া বল্লিতেঽরুণতয়া রুচিরে লোচনতামরসে নেত্রপদ্মে যস্য তং। রসপূরং সখ্যহাস্যাদি রস প্রবাহং বিকাসয়তি যা কেলি স্তৎপরং তন্নিবিষ্টং পরমার্থস্তত্ত্বজ্ঞানপূর্ব্বকো ভক্তিমার্গ স্তৎপরায়ণানাং লোকানাং গতিং সাধ্য

মত্তমাতঙ্গের গতি অপেক্ষাও যাঁহার গতি অতি মনোহর, কুন্দ কুসুমাবলী অপেক্ষাও যাঁহার দশন পঙ্‌ক্তি অতি মনোজ্ঞ, অর্ব্বুদ পরিমিত অনঙ্গের শোভা অপেক্ষাও যাঁহার শ্রীঅঙ্গের শোভা এবং যাঁহার মুখ মণ্ডল মন্দ মন্দ হাস্যযুক্ত ॥ ১ ॥
যিনি বংশী ধ্বনি দ্বারা প্রমদাগণকে আকর্ষণ করিয়া থাকেন, যৌবন মদ হেতু যাঁহার নয়ন পদ্ম অরুণ বর্ণ হই-

রসপূরবিকাসককেলিপরং
পরমার্থপরায়ণলোকগতিং ॥ ২ ॥
গতিমণ্ডিতযামুনতীরভুবং
ভুবনেশ্বরবন্দিতচারুপদং ।
পদকোজ্জ্বলকোমল কণ্ঠরুচং
রুচকাত্ত বিশেষক বন্ধুতরং ॥ ৩ ॥
তরল প্রচলাকপরীতশিখং
শিখরীন্দ্রধৃতিপ্রতিপন্নভুজং ।

সাধন রূপং ॥ ২ ॥ গত্যা মণ্ডিতা ধ্বজ বজ্রাদিচিহ্নৈ ভূষিতা যামুনতীর ভূর্যেন তং। ভুবনেশ্বরৈ র্বিধিরুদ্রাদ্যৈ র্বন্দিতে চারুপদে কমনীয় চরণে যস্য তং। পদকৈরূর্দ্ধাধো ভাবেন বক্ষসি ধৃতৈরুজ্জ্বলা কোমলস্য কণ্ঠস্য রুক্ দ্যুতি র্যস্য তং। রুচকেন গোরোচনেন আত্তং ধৃতং যদ্বিশেষকং তেন বন্ধুতরমতি মনোহরং। রোচনায়াং চ রুচকমিতি বিশ্বঃ। তিলকং তমালপত্রং চিত্রক-মুক্তং বিশেষকং পুণ্ড্রমিতি হলায়ুধঃ ॥ ৩ ॥ তরলেন চঞ্চলেন প্রচলাকেন শিখিপিঞ্ছেন পরীতা যুক্তা শিখা শিরো যস্য তং। প্রচলাকঃ শিখণ্ডশ্চ কলাপো

য়াছে, যাঁহার লীলা রসপ্রবাহ প্রকাশক এবং যিনি পরমার্থ পরায়ণ ভক্তগণের একমাত্র গতি ॥ ২ ॥

যাঁহার ধ্বজবজ্রাঙ্কুশাদি চরণ চিহ্ন দ্বারা যমুনার তীরস্থ ভূমি ভূষিত হইয়াছে, বিধি রুদ্রাদি দেবগণ কর্ত্তৃক যাঁহার মনোরম পাদপদ্ম বন্দিত হইতেছে, উজ্জ্বল পদক ভূষণ দ্বারা যাঁহার কোমল কণ্ঠ সুশোভিত এবং গোরোচনা নির্ম্মিত তিলক ধারণ করায় যাঁহার ললাট অতিশয় সুন্দর ॥ ৩ ॥

ময়ূরপুচ্ছ দ্বারা যাঁহার চূড়া সুশোভিত, যিনি বাম হস্ত

ভুজগেন্দ্রফণাঙ্গনরঙ্গধরং
ধরকন্দরখেলনলুব্ধহৃদং ॥ ৪ ॥
হৃদয়ালুসুহৃদ্গণদত্তমহং
মহনীয়কথাকুলধূতকলিং।
কলিভাখিলদুর্জ্জয়বাহুবলং
বলবল্লবশাবকসন্নিহিতং ॥ ৫ ॥

বর্হ উচ্যতে শিখাচূড়ে শিরস্যপীতি হলায়ুধঃ। শিখরীন্দ্রো গোবর্দ্ধনস্তস্য ধৃতৌ প্রতিপন্নঃ প্রাগল্‌ভ্যেন প্রাপ্তোভুজোবামবাহু র্যস্য তং। ভুজগেন্দ্রস্য কালিয়স্য ফণাঙ্গনেষু রঙ্গধরং নৃত্যগীত ধারকং ধরকন্দরেষু গিরিদরীষু যানি খেলনানি ক্রীড়াস্তেষু লুব্ধং হৃদ্যস্য তং॥ ৪ ॥ হৃদয়ালুভ্যঃ সহৃদয়েভ্যঃ সুহৃদ্গণেভ্যো দত্তমহ উৎসবো যেন তং। হৃদয়ালুঃ সহৃদয় ইতি। মহ উদ্ধব উৎসব ইতি চামরঃ। মহনীয়েন পূজ্যেন কথাকুলেন চরিতবৃন্দেন ধূতঃ কলিরন্ত্যযুগং যেন তং। কলির্বিভীতকে শূরে বিবাদেঽন্ত্যযুগে যুধীতি হৈমঃ। অথবা তেন ধূতঃ কলিঃ প্রেয়সীনাং বিবাদো যেন তং কলিতানি ধৃতান্যখিল দুর্জ্জয়ানি বাহু-বলানি যেন তং। বলশ্চ বল্লবশাবকা গোপবালাশ্চ তেষাং সন্নিহিতং সন্নি-

---

দ্বারা গোবর্দ্ধন ধারণ করিয়াছেন, ভুজগেন্দ্র কালিয়ের মস্তকে যিনি নৃত্য করেন, গিরিকন্দরে খেলা করিতে যাঁহার চিত্ত সমুৎসুক ॥ ৪ ॥

সহৃদয় মিত্রগণকে যিনি সর্ব্বদা উৎসব যুক্ত করেন, যাঁহার কথা প্রসঙ্গে কলিযুগের গর্ব্ব খর্ব্ব হয়, যাঁহার বাহু বল, সকলের দুর্জ্জেয় এবং যিনি বলরাম ও ব্রজবালকগণের নিকট সকল সময় বিরাজমান ॥ ৫ ॥

হিতসাধুসমীহিতকল্পতরুং
তরুণীগণনূতনপুষ্পশরং।
শরণাগতরক্ষণদক্ষতমং
তমসাধুকুলোৎপলচণ্ডকরং॥ ৬॥
করপদ্মমিলং কুসুমস্তবকং
বকদানব মত্তকরীন্দ্রহরিং।
হরিণীগণহারকবেণুকলং
কলকণ্ঠরবোজ্জ্বল কণ্ঠরণং॥ ৭॥

ধিস্থং॥ ৫॥ হিতানামনুবর্ত্তিনাং সাধূনাং যানি সমীহিতানি বাঞ্ছিতানি তেষাং কল্পতরুং পূরকং। তরুণীগণেষু নূতনপুষ্পশরং নবীন মদনং। শরণাগতানাং প্রপন্নানাং রক্ষণে পালনে দক্ষতমমতিচতুরং। অসাধু কুলান্যসুরবৃন্দান্যেবোৎ পলানীন্দীবরাণি তেষু প্রচণ্ডকরং সূর্য্যং। স্যাদিন্দীবরমুৎপলমিতি হলায়ুধঃ। তেষাং সঙ্কোচকমিত্যর্থঃ॥ ৬॥ করপদ্মে মিলন্ কুসুম স্তবকো যস্য তং। দক্ষিণহস্তধৃত পুষ্পগুচ্ছমিত্যর্থঃ। কুসুমস্তব কাখ্যো দণ্ডকোয়মিতি সূচনান্মুদ্রা-লঙ্কারশ্চ এবমুক্তং কাব্যকৌস্তুভে। দ্যোত্যার্থদ্যোতনং মুদ্রা শব্দৈঃ প্রকৃত-

যিনি অনুবর্ত্তি ভক্তগণের বাঞ্ছা পূরণে কল্পবৃক্ষ, যিনি যুবতীগণের নবীন অনঙ্গ স্বরূপ, যিনি শরণাগত রক্ষণে তৎ-পর এবং যিনি দৈত্যবৃন্দ রূপ কুমুদ্ পুষ্প সকলের ম্লান বিষয়ে সূর্য্য স্বরূপ॥ ৬॥

কুসুম স্তবকে যাঁহার কর পদ্ম সুশোভিত, যিনি বকাসুর রূপ মত্তমাতঙ্গের প্রতি সিংহ স্বরূপ, যিনি মধুর বংশীধ্বনি দ্বারা হরিণীগণ আকর্ষণ করেন, কোকিলের কলরব অপেক্ষাও

রণখণ্ডিতদুর্জনপুঞ্জজনং
জনমঙ্গলকীর্ত্তিলতাপ্রভবং।
ভবসাগর কুম্ভজ নামগুণং
গুণ সঙ্গং বিবর্জ্জিত ভক্তগণং ॥ ৮ ॥
গণনাতিগ দিব্য গুণোল্লসিতং
সিতরশ্মি সহোদর বক্ত্র বরং।

বাচিভিরিতি। বকোনাম দানবঃ স এব মত্ত করীন্দ্রস্তস্মিন্ হরিং তদ্বিদারে সিংহং। হরিণীগণস্য হারক আকর্ষকো বেণু কলোবংশীমধুরনাদো যস্য তং। কলকণ্ঠরবাৎ কোকিলনাদাদপ্যুজ্জ্বলঃ কণ্ঠরণো যস্য তং। অন্যভৃতঃ পরপুষ্টঃ কলকণ্ঠঃ কোকিলঃ পিকঃ প্রোক্ত ইতি হলায়ুধঃ ॥ ৭ ॥

রণেন যুদ্ধেন খণ্ডিতা দুর্জনা দুষ্টাঃ পুঞ্জজনা রাক্ষসা যেন তং। যাতুধানঃ পুণ্যজনো নৈঋতো যাতু রক্ষসীত্যমরঃ। জনমঙ্গলায়াঃ কীর্ত্তিলতায়াঃ প্রভবো যস্মাত্তং বিস্তারিত জগৎ কল্যাণকর যশোবৃন্দ মিত্যর্থঃ। ভবসাগরস্য কুম্ভজো নামগুণো যস্য তং। নাম প্রবৃত্তি নিমিত্ত মেকো গুণোযস্যাগস্ত্যবদবিদ্যা-সাগরং শোষয়ন্তি কিং পুনঃ সর্ব্বোগুণ গণ ইতি ভাবঃ। গুণসঙ্গেন প্রকৃতি-স্পর্শেন বিবর্জিতা ভক্তগণা যস্য তং ॥ ৮ ॥

গণনাতিগৈরসংখ্যৈ দিব্যৈঃ স্বরূপানুবন্ধিভি গুণৈঃ সর্ব্বৈশ্বর্য্য সার্ব্বজ্ঞ সৌহার্দ্দ কারুণ্যাদিভিরুল্লসিতং প্রকাশিতং। সিতরশ্মেশ্চন্দ্রস্য সহোদরং

যাঁহার কণ্ঠধ্বনি সুমধুর ॥ ৭ ॥

যিনি যুদ্ধে দুষ্ট রাক্ষসগণকে পরাজিত করিয়াছেন, যাঁহার কীর্ত্তি কলাপ জগতের মঙ্গলদায়ক, যাঁহার নাম ও গুণ লীলা, ভবসাগর শোষণে অগস্ত্যমুনি স্বরূপ, যাঁহার ভক্তগণ প্রকৃতি সঙ্গ বিবর্জ্জিত ॥ ৮ ॥

দয়া দাক্ষিণ্যাদি অসংখ্য সুদিব্য গুণ সমূহে যিনি ভূষিত,

বরদৃপ্ত বৃষাসুর দাববনং
ঘনবিভ্রমবেশবিহারময়ং ॥ ৯ ॥
ময়পুত্রতমঃ ক্ষয়পূর্ণবিধুং
বিধুরীকৃত দানব রাজকুলং।
কুলনন্দনমত্র নমামি হরিং ॥ ১০

ঈদৃশং যদ্বক্তৃং মুখং তেন বরং বরণীয়ং দৃপ্তেষু বরো বরদৃপ্তোঽতিগর্ব্বিতো যো বৃষাসুরঃ সএব দাবো বনবহ্নি স্তস্মিন্ ঘনং মেঘং তন্নাশকমিত্যর্থঃ। ঘনা নিবিড়া যে বিভ্রমাদয় স্তন্ময়ং তৎ প্রচুরং। তত্র বিভ্রমো বিলাসঃ বেশো ভূষাদি ধারণং। বিহারঃ কুঞ্জাদিষু ক্রীড়া ॥ ৯ ॥

ময়পুত্রো ব্যোমো নামাসুর স্তদেব তমস্তিমিরং। তস্য ক্ষয়ে বিনাশে পূর্ণবিধুং রাকেশং। বিধুরীকৃতং কষ্টং নীতং দানবরাজানাং কুলং যেন তং। বিধুরং ব্যসনং কষ্টং কৃচ্ছ্রং গহনমুদ্ধরেদিতি ধনঞ্জয়ঃ। কুলং স্ববংশং নন্দয়তীতি তং। ছেকানু প্রাসোত্রালঙ্কারঃ। অস্য দণ্ডকস্য লক্ষণং। সগণঃ সকলঃ খলু যত্র ভবেত্তমিহ প্রবদন্তি বুধাঃ কুসুম স্তবকমিতি। ইহ ষট্ পঞ্চাশদুত্তরাঃ শতং সগণা ভবন্তি। তেষূনচত্বারিংশতাঃ সগণৈঃ পাদাশ্চত্বারঃ কল্পনীয়াঃ এবং দণ্ডকেন প্রণম্যার্য্যয়া স্তৌতি ॥ ১০ ॥

যাঁহার মুখ মণ্ডল চন্দ্র সদৃশ, যিনি অতি গর্ব্বিত বৃষাসুর রূপ দাবানল নির্ব্বাপণে মেঘ স্বরূপ, যিনি অতিশয় বিলাসী ও তদুচিত বেশ ভূষাদি করিয়া নিকুঞ্জবিহারে তৎপর ॥ ৯ ॥

যিনি ময়পুত্র ব্যোমাসুর রূপ অন্ধকারের ক্ষয়ে পূর্ণেন্দু স্বরূপ, যাঁহা হইতে দানব রাজবংশ ক্লেশান্বিত হইয়াছে,

উরসি পরিস্ফুরদিন্দির মিন্দিন্দিরমন্দিরস্রজোল্লসিতং।
হরি মঙ্গলাতি মঙ্গল সচ্চন্দনং বন্দে ॥ ১১ ॥

ইতি হরিকুসুমস্তবকং।

উরসীতি। হরিমহং বন্দে। কীদৃশমিত্যাহ। উরসি বক্ষসি পরিস্ফুরন্তী রেখা রূপা ইন্দিরা লক্ষ্মী যস্য তং। ইন্দিন্দিরাণামলীনাং মন্দিরং নিবাস স্থানং স্রগ্বৈজয়ন্তী তয়োল্লসিতং শোভমানং। অঙ্গনানাং যুবতীনা মতি মঙ্গলং রঞ্জকমিত্যর্থঃ। অঙ্গেষু লসৎ দীপ্যমানং চন্দনং মলয়জানুলেপনং যস্য তং। অত্র যমকমলঙ্কারঃ। তল্লক্ষণমুক্তং। ভিন্নার্থাসংভবত্যর্থে স্বরব্যঞ্জনসংহতিঃ। ক্রমেণ তেন চেদ্যচ্ছেদাবৃত্তিং যমকং তদেতি কাব্য কৌস্তভে। ইতি হার্য্যঃ কুসুমস্তবকো ব্যাখ্যাতঃ ॥ ১১ ॥

সেই স্ববংশের মঙ্গলকর শ্রীহরিকে আমি নমস্কার করি ॥১০॥

যাঁহার বক্ষঃস্থলে লক্ষ্মী বিরাজমানা, অলিকুলাকীর্ণ বৈজয়ন্তী মালায় যিনি সুশোভিত, যিনি যুবতীগণের অতিশয় আনন্দকর এবং মলয়াদি অনুলেপনে যাঁহার শ্রীঅঙ্গ অনুলিপ্ত সেই শ্রীহরিকে আমি অভিবাদন করি ॥ ১১ ॥

ইতি হরি কুসুমস্তবক সমাপ্ত।

পরিতোষিত গোপবধূপটলং
পটলঞ্জিতকাঞ্চনসারচয়ং।
রচয়ন্তমুদারবিলাসকলাং
সকলাঞ্চিত পাদমগাধবলং
ধবলং নবকীর্ত্তি কুলৈরমিতং॥ ১॥

অথ গাথাচ্ছন্দসা কৃষ্ণং স্তৌতি। পরীত্যাদিনা। পরিতোষিতমালিঙ্গনাদিদানৈঃ প্রহর্ষিতং গোপবধূনাং পটলং বৃন্দং যেন তং। অত্র কৃষ্ণমিতি বিশেষ্যং মৃগ্যং। অসাধারণানি বিশেষণানি বিশেষ্যং লক্ষয়ন্তীতি ন্যায়াৎ। অরমুদয়তি মুদ্রাভঞ্জনঃ পদ্মিনীনামিত্যাদাবিব। স্মরামীতি ক্রিয়াপদং চাক্ষেপ্যং প্রবিশ পিণ্ডীমিত্যাদৌ গৃহং ভুঙ্ক্ষ্বেতিবৎ। পটেন বাসসা লঞ্জিত স্তিরস্কৃতঃ কাঞ্চনসারাণাং শ্রেষ্ঠকনকানাং চয়ো যেন তং। অত্যুজ্জ্বল পীতাম্বরমিত্যর্থঃ। উদারাং মহতীং বাঞ্ছিতদাত্রীম্বা বিলাসকলাং রচয়ন্তং প্রকটয়ন্তং। সকলৈঃ সর্ব্বৈ র্দেবাদিভিরঞ্চিতৌ পূজিতৌ পাদৌ যস্য তং সর্ব্বেশ্বরমিত্যর্থঃ। নবৈঃ কীর্ত্তিকুলৈর্ধবলং শুভ্রং রূপেণ তু শ্যামমিত্যর্থঃ। অমিতং বিভুং। গাথেদং ছন্দঃ। পঞ্চভিস্ত্রোটকপাদৈর্নির্ম্মিতত্বাৎ। ইহ তোটকমথ্যপি সৈর্গদিতমিতি। তোটকলক্ষণং পাদৈরসমঞ্চ গাথেতি গীতাকল্যাং লিখিষ্যতে॥ ১॥

যিনি আলিঙ্গনাদি দ্বারা গোপরমণীদিগকে পরিতুষ্ট করিতেছেন, যাঁহার বস্ত্র শোভায় স্বর্ণ রাশিও তিরস্কৃত হইয়াছে, যিনি জগতে উদার লীলা প্রকাশ করিতেছেন, কি দেবতা, কি মনুষ্য, সকলেই যাঁহার পাদপদ্ম পূজা করিতেছে, অসুর নিপাতে যাঁহার অসীম পরাক্রম এবং অভিনব কীর্ত্তি কলাপ দ্বারা যিনি ত্রিজগৎ শুভ্র বর্ণ করিতেছেন ঈদৃশ সেই শ্রীকৃষ্ণকে আমি ভজনা করি॥ ১॥

নমঃ শ্রীকৃষ্ণায়।

যমলার্জ্জুনভঞ্জনমাশ্রিতরঞ্জনমহিগঞ্জনঘনলাস্যভরং
পশুপালপুরন্দরমভিস্থতকন্দরমতিসুন্দরমরবিন্দকরং।
বরগোপবধূজনবিরচিত পূজন মুরুকূজন নববেণুধরং
স্মরনর্ম্মবিচক্ষণমখিলবিলক্ষণতনুলক্ষণমতিদক্ষতরং॥ ১॥

অথ ত্রিভঙ্গীচ্ছন্দসা কৃষ্ণং স্তৌতি যমলেত্যাদিনা।

হে দামোদর ত্বাং বয়ং বন্দেমহীতি পঞ্চম পদ্যেনান্বয়ঃ। কীদৃশং ত্বামিত্যাহ। যমলং যুগ্মী ভূতাবর্জ্জুনৌ ভনক্তীতি তং। যুগ্মং যমল যামলে ইতি হৈমঃ। নারদশাপাদর্জ্জুনবৃক্ষযুগ্মতাং গতৌ। নলকুবর মণিগ্রীবা মুৎপাট্য তচ্ছাপান্মোচয়ন্তমিত্যর্থঃ। অহিঃ কালিয় স্তদ্গঞ্জনো ঘনো নিবিড়ো লাস্যভরো নৃত্যাতিশয়োযস্য তং। অভিস্থতা কন্দরা গিরি দরী যেন তং। পূর্ব্বমভিস্থত্য স্থিতৈর্বরৈরুৎকৃষ্টৈঃ পশুৈর্গোপবধূ জনৈ বিরচিতং পূজনং স্বযৌবনার্পণ লক্ষণং যস্য তং। উরু চিত্তমোহকতয়া উৎকৃষ্টং কূজনং নাদোযস্য তাদৃশং নবং বেণুং ধরতি তং। স্মর নর্ম্মণি বিচক্ষণং পণ্ডিতং। অখিল বিলক্ষণানি গুণোত্থানি চিহ্নোত্থানিচ তনুলক্ষণানি যস্য তং। রক্তত্ব তুঙ্গত্বাদি গুণযোগীনি গুণোত্থানি। করচরণেষু চক্রাম্বুজ ধ্বজ বজ্রাদীনি রেখাময়ানি চিহ্নোত্থানি তানীমান্যবতারান্তরেষ্বপি তথাহৃদয়াদখিল বিলক্ষণানীত্যুক্তং সর্ব্বাস্বপি ক্রিয়াস্বতিকুশলত্বাদতি দক্ষতরং। স্ফুটার্থমন্যৎ॥ ১॥

যিনি যমলার্জ্জুন-ভঞ্জন ও আশ্রিত জনরঞ্জন এবং কালিয় সর্পের গঞ্জন কারী, যিনি কালিয় সর্পের ফণার উপরে মনোহর নৃত্য করিয়াছেন, যিনি পশুপালন কার্য্যে সুপটু, গোবর্দ্ধন পর্ব্বতের গুহায় যিনি অভিসার করেন, যিনি অতি মনোহর ও পদ্ম হস্ত, ব্রজবনিতাগণ নিজ যৌবনাদি সমর্পণে যাঁহার পূজা

প্রণতাশনিপঞ্জর মম্বর পিঞ্জরমরিকুঞ্জর হরিমিন্দুমুখং
গোমণ্ডলরাক্ষণমনুকৃত পক্ষিণমতিদক্ষিণমমিতাত্মসুখং

প্রণতানামশনিপঞ্জরং বজ্রশালাবকং তদ্বদভয়স্থানমিত্যর্থঃ। অম্বরাণি বাসাংসি পিঞ্জরাণি যস্য তং পীতেচ পিঞ্জর ইতি বিশ্বঃ। অরিকুঞ্জরাণাং হরিং সিংহং। গোমণ্ডলস্য ধেনুবৃন্দস্য রক্ষিণং পালকং। অনু কৃতাঃ কণ্ঠনাদেন গত্যাচ সাদৃশ্যং নীতাঃ পক্ষিণঃ শুকসারসাদয়ো যেন তং। অতিদক্ষিণমতি-সরলং। দক্ষিণঃ সরলারাম পরচ্ছন্দানুবর্ত্তিষ্বিতি বিশ্বলোচনকারঃ। অমিতা-ন্যাত্মভূতানি সুখানি লীলানন্দা যস্য তং। শুরুণা রূপ সৌগন্ধ্যাদি গুণোৎ-কৃষ্টেন গৈরিকেণ গিরিধাতুনা মণ্ডিতং তৎ কৃতৈঃ পত্রাঙ্কুরাদি চিত্রৈঃ শোভিতং মিত্রাণাং প্রিয়াণাঞ্চ রুষ্টানামনুনয়ে প্রসাদনে পণ্ডিতং। অবখণ্ডিতঃ পুরুহূতস্যে-ন্দ্রস্য মথোযেন তং। ব্রজকমলস্য গোকুলপদ্মস্য বিরোচনং রবিং তৎপ্রলাশক-মিত্যর্থঃ। অলিকে ললাটে সুরোচনা উর্দ্ধ পুণ্ড্র ভাবেন শোভমানা গোরো-

---

করিতেছেন, যিনি মধুর ধ্বনি বিশিষ্ট বংশী ধারণ করিয়াছেন, যিনি অনঙ্গকেলি বিষয়ে সুপণ্ডিত, সর্ব্ব সুলক্ষণ সম্পন্ন যাঁহার দেহ এবং যিনি সকল কার্য্যেই অতিশয় দক্ষ ॥ ১ ॥

যিনি প্রণত জনগণের অশনি পঞ্জর অর্থাৎ অভয় স্থান, যাঁহার বস্ত্র পীতবর্ণ, যিনি শত্রু রূপ মাতঙ্গ সমূহের সিংহ, চন্দ্রের ন্যায় যাঁহার মুখ মণ্ডল, যিনি গাভীগণের পালন কর্ত্তা, যিনি কৌতুক বশতঃ শুকশারিকার কণ্ঠধ্বনির অনু-করণ করেন, যিনি অতিশয় সরল, যাঁহার লীলানন্দ অপরিমিত, যিনি মনোহর গৈরিক ধাতু দ্বারা মণ্ডিত যিনি প্রণয় কোপ পরায়ণা প্রণয়িনী গণের মান ভঙ্গে সুপণ্ডিত, যিনি ইন্দ্রের

গুরুগৈরিকমণ্ডিতমনুনয়পণ্ডিতমবখণ্ডিতপুরুহূতমখং
ব্রজকমলবিরোচন মলিকস্থরোচনগোরোচনমতিতাম্র নখং ॥২॥
উন্মদরতিনায়ক শানিত শায়ক বিনিধায়ক চলচিল্লিলতং।
উদ্ধত সঙ্কোচনমম্বুজলোচনমঘমোচনমমরালিনতং।
নিখিলাধিক গৌরবমুজ্জ্বল সৌরভমতিগৌরভপশুপীষু রতং
কোমল পদপল্লবমভ্রমুবল্লভ রুচিদুর্লভ সবিলাসগতং ॥ ৩ ॥

চনা যস্য তং। অতিতাম্রাঃ প্রশস্তারুণ্যবন্তো নখা যস্য তং। অতিশব্দঃ প্রশংসায়ামিতি বিশ্বঃ ॥ ২ ॥

উন্মদস্য রতিনায়কস্য কামস্য যে শানিতাস্তীক্ষ্ণাঃ শায়কাঃ শরাস্তেষাং বিনিধায়িকে সমর্পিকে চলে চিল্লিলতে ভ্রূবল্ল্যৌ যস্য তং। ভ্রূচাপলেনৈব যুবতিষু স্মরবাণানর্পয়ন্তমিত্যর্থঃ। উদ্ধতান্ দুর্বৃত্তান্ সঙ্কোচয়তি হতবিক্রমান্ করোতীতি তং। অমরাল্যা দেবশ্রেণ্যা নতং নমস্কৃতং। যতো নিখিলেভ্যোঽধিকং গৌরবং পূজ্যত্বং যস্য তং। সর্ব্বেশ্বরমিত্যর্থঃ। অতি গৌরী ভা যাসাং তা তথা ভূতাস্থ পশুপীষু গোপীষু রতং সংসক্তমনসং অভ্রমুবল্লভস্যেন্দ্র গজস্যৈরাবতস্য রুচ্যাভিলাষেণাপি দুর্ল্লভং সবিলাসগতং সখেল্যা গমনং যস্য তং। ঐরাবতো যদ্গতিং মনসাপি লব্ধং নশক্নোতি পাদৈঃ কুতস্তরাং তাং লভতে ইতি ভাবঃ। শিষ্টানি স্পষ্টার্থানি ॥ ৩ ॥

যজ্ঞ পণ্ড করিয়াছেন, যিনি শ্রীবৃন্দাবনরূপ কমলের প্রকাশে সূর্য্য স্বরূপ, যাঁহার ললাটে ঊর্দ্ধ পুণ্ড্রভাবে গোরোচনা বিরাজ মান, যাঁহার হস্ত পদাদির নখ সমুদয় সুন্দর তাম্র বর্ণ ॥ ২ ॥

মদমত্ত কন্দর্পের শানিত শায়কের ন্যায় ভ্রূলতায় যিনি শোভিত, যিনি দুর্ব্বৃত্ত দানবগণের বিক্রম নাশক, যিনি পদ্ম লোচন ও অশেষ পাপ নাশন, সমুদয় দেবগণ যাঁহাকে পূজা

ভুজ মূর্দ্ধ্নি বিশঙ্কট মধিগতশঙ্কটনতকঙ্কটমটবীষু চলং
নবনীপকরম্বিতবনরোলম্বিতমবলম্বিত কলকণ্ঠকলং।

ভুজয়োমূর্দ্ধ্নি বিশঙ্কটং বিশালস্কন্ধমিত্যর্থঃ। অধিগতং জাতং শঙ্কটং স্বভয়ং যৈঃ তাদৃশানাং নতানাং প্রপন্নানাং কঙ্কটং কবচং তেষাং তদ্রক্ষক মিত্যর্থঃ। অটবীষু কাননেষু চলং চপলং। নবৈর্নীপৈঃ কদম্বৈঃ করম্বিতেষু বিশিষ্টেষু বনেষু রোলম্বিতং ভৃঙ্গায়িতং তদ্বৎ তৎ সৌরভ্যানি জিঘ্রন্তমিত্যর্থঃ। অবলম্বিতঃ কলকণ্ঠস্য পিকস্য কলো মধুরস্বরো যেন তং। কোকিলবৎম্ন কূজন্তমিত্যর্থঃ। দুর্জ্জনতৃণানাং পাবকং। বহ্নিবৎ তানি দহন্তমিত্যর্থঃ অনু-চরাণাং সহ বিক্রীড়তাং শাবকনিকরাণাং গোপবালকবৃন্দানামবকং দাবাগ্ন্যাদি ভয়াদ্রক্ষকমিত্যর্থঃ। নিজবিক্রমৈশ্চর্চ্চিতা যে ভুজাস্তৈ গুর্ব্বমহদ্গর্ব্বিতং দর্পো যেষাং তেচ তে গন্ধর্ব্বিতাশ্চ যে দনুজা স্তানর্দ্দয়তি পীড়য়তি তচ্ছীলং বলং

করেন, সুতরাং সর্ব্বাপেক্ষা যিনি গৌরবশালী ও উজ্জ্বল সৌরভ বিশিষ্ট, যিনি সর্ব্বদা গৌরবর্ণা ব্রজরমণীগণে পরিবৃত, যাঁহার পদপল্লব অতি সুকোমল, ঐরাবত হস্তির গমন অপে-ক্ষাও যাঁহার সুন্দরগতি ॥ ৩ ॥

যিনি বিশাল স্কন্ধ, ভক্তগণ বিপদাপন্ন হইলে তাহাদিগকে পালন করেন, যিনি অরণ্য ভ্রমণে সমুৎসুক, যিনি অভিনব কদম্ব কুসুমাকীর্ণ বনের ভ্রমর স্বরূপ, কোকিলের ন্যায় যাঁহার কণ্ঠরব, যিনি দুর্জ্জন রূপ তৃণ রাশির অগ্নি স্বরূপ, যিনি অনুচর গোপবালকদিগকে দাবাগ্নি প্রভৃতি ভয় হইতে রক্ষা করেন, যাঁহার ওষ্ঠাধর মনোহর অরুণ বর্ণ, যিনি নিজ শক্তি

দুর্জনতৃণপাবকমনুচরশাবক নিকরাবকমরুণোষ্ঠদলং
নিজবিক্রমচর্চ্চিত ভুজগুরুগর্ব্বিত গন্ধর্ব্বিত দনুজাদিবলং ॥৪॥
শ্রুতিরত্ন বিভূষণ রুচিজিত পূষণমলিদূষণনয়নান্তগতিং
যমুনাতটতল্পিতপুষ্পমনল্পিতমদজল্পিত দয়িতাপ্তরতিং।

পৌরুষং যস্য তং। গন্ধর্ব্বঃ শরভবদতি পরাক্রমী পশুজাতিঃ। নভশ্চরেতু গন্ধর্ব্বো মৃগভেদে তুরঙ্গমে ইতি মেদিনী। তদ্বদাচরন্তো গন্ধর্ব্বিতা ইত্যর্থঃ ॥৪॥

শ্রুতি বর্ত্তিনো রত্ন বিভূষণয়ো রুচিভির্জ্জিতঃ পূষা রবি র্যেন তং। অলি-দূষণী নয়নান্ত গতি র্যস্য তং। কটাক্ষয়োঃ স্ফুরত্তা কজ্জল শ্যামলিমাচাপল্যেনচ ভৃঙ্গানবজানন্তমিত্যর্থঃ। যমুনাতটে তৎ কুঞ্জে তল্পিতানি শয্যাভাবেন রচিতানি পুষ্পাণি যেন তং। অনল্পিতং বহুমদ জল্পিতং গর্ব্বভাষিতং যস্যাস্তয়া দয়িতয়াপ্তা রতিরানন্দো যেন তং। পিতৃভক্ততাং দর্শয়ন্ বিশিনষ্টি। বন্দিতো নমস্কৃতঃ স্তুতশ্চ নন্দোযেন তং। অনন্দিতমুচ্চীকৃতং কুলং বংশো যেন তং। যতোঽঙ্কিতা প্রসার হানিং নীতা খলস্য কংসস্য মতি র্যেন তং। হে দামোদর

দ্বারা মহাবল পরাক্রান্ত বিশাল বাহু দানবদিগকে বিনাশ করেন ॥ ৪ ॥

হে দামোদর! তোমার কর্ণ যুগলে সুশোভিত রত্ন প্রভায় সূর্য্যের শোভা তিরস্কার হইয়াছে, তুমি চঞ্চল নয়নোপান্তস্থিত কজ্জল শোভা দ্বারা ভ্রমর শোভা পরাভব করিয়াছ, তুমি যমুনা তটে পুষ্প শয্যায় শয়ান, তুমি প্রেমোন্মত্ত মধুর ভাষিণী প্রেয়সীগণের সহিত আনন্দ কর, তুমি পিতা বলিয়া নন্দ মহা-রাজকে বন্দনা কর, তুমি গোপ বংশ উজ্জ্বল করিয়াছ, তুমি দুষ্ট কংসের মতি কলুষিত করিয়াছ, তুমি ভক্তগণের প্রতি

বন্দেমহি বন্দিত নন্দমমন্দিত কুলমন্ধিতখলকংসমতিং
ত্বামিহ দামোদর হলধরসোদর হর নোদর মনুবদ্ধরতিং ॥ ৫ ॥
ইতি ত্রিভঙ্গীপঞ্চকং।
বিরচয় ময়ি দণ্ডং দীনবন্ধো দয়াম্বা
গতিরিহি ন ভবত্তঃ কাচিদন্যা মমাস্তি।

হে হলধরসোদর ত্বাং বয়ং বন্দেমহীতি। ত্বং নোঽস্মাকং দরং সংসায়ভরং হর নাশয়। ত্বাং কীদৃশং অনুবদ্ধরতিং ভক্তেষু সরাগং ॥ ৫ ॥

ত্রিভঙ্গীতি মাত্রা বৃত্তমিদং। দ্বাত্রিংশৎ কলিকা যস্যাং প্রতিপাদং প্রকীর্ত্তিতাঃ। সা স্যাত্রিভঙ্গী বিচ্ছিন্না দশাষ্টক রসাষ্টকৈরিতি। তল্লক্ষণং ছন্দঃ কৌস্তুভে।

ইতি ত্রিভঙ্গীপঞ্চকং ব্যাখ্যাতং।

অথ স্বস্য কৃষ্ণৈক গতিকতামযোগ্যত্বেপি কৃষ্ণগুণেন তদাশাং চাহ বিরচয়েতি দ্বাভ্যাং। হে দীনবন্ধো ত্বং ময়ি দণ্ডং দয়াম্বা বিরচয় কুরু। মম ভবত্ত ত্বত্তঃ সকাশাদন্যা গতিরাশ্রয়োনাস্তি। আত্মাদিত্বাত্তসি। পয়োদাচ্ছত কোটি র্বজ্রং নবাম্ভোবা নূতনজলং নিপততু তথাপি চাতকেন বহ্বীহেন পয়োদঃ স্তূয়তে চাতকঃ স্তোককোবহ্বীহঃ সারঙ্গো নভোম্বুপ ইতি হৈমঃ। অর্থান্তরন্যাসোলঙ্কারঃ যথা চাতকস্য মেঘং বিনা নান্যো নস্যাদিস্তৃষ্ণাহর স্তথা ত্বাং বিনা

অনুরাগ যুক্ত, অতএব হে হলধর সহোদর! আমরা তোমাকে বন্দনা করি, তুমি আমাদিগের সংসার ভয় দূর কর ॥ ৫ ॥

ইতি ত্রিভঙ্গী পঞ্চক সমাপ্ত।

হে দীনবন্ধো! মেঘগণ চাতকের উপর অভিনব বারি-বর্ষণ করুক বা বজ্র নিঃক্ষেপ করুক উপায়ান্তর নাই বলিয়া উহারা যেমন মেঘের স্তব করিতে নিবৃত্ত হয় না, সেই প্রকার

নিপততু শতকোটি নির্ভরং বা নবাম্ভ
স্তদপি কিল পয়োদঃ স্তূয়তে চাতকেন ॥ ১ ॥
প্রাচীনানাং ভজনমতুলং দুষ্করং শৃণ্বতোমে
নৈরাশ্যেন জ্বলতি হৃদয়ং ভক্তিলেশালসস্য।
বিশ্বদ্রীচীমঘহর তবাকর্ণ্য কারুণ্যবীচী
মাশাবিন্দূক্ষিতমিদমুপৈত্যন্তরে হন্ত শৈত্যং ॥ ২ ॥ ০ ॥

মমান্যো বিধিরুদ্রাদির্নসংসারতাপহরঃ। তমেব বিদিত্বাতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতে অয়নায়েতি শ্রুতেঃ। বরং বৃণীষ ভদ্রং তে ঋতে কৈবল্য মাত্মনঃ। একএবেশ্বরস্তস্য ভগবান্ বিষ্ণুরব্যয় ইতি স্মৃতেশ্চেতি। ভক্তি বৃদ্ধি হেতুত্বাদিয়ং তাপনাশ রূপ মুক্তিস্পৃহা বোধ্যা। মালিন্যত্র ছন্দঃ ॥ ১ ॥

প্রাচীনানাং শুকাম্বরীষাদীনাং ভজনং দুষ্করং দুঃশকং শৃণ্বতো মে হৃদয়ং নৈরাশ্যেনজ্বলতি। নির্বাঞ্ছতয়া পরিতাপমেতি। মে কীদৃশস্যেত্যাহ। যতো ভক্তিলেশেপ্যলসস্য। কিন্তু হে অঘহর তব কারুণ্যবীচিং কৃপাতরঙ্গং নিশম্য শাস্ত্রতঃ শ্রুত্বা হন্তেতি হর্ষে অন্তরে হৃন্মধ্যে ইদং শৈতঃমুপৈতি। তদ্বীচীং বিশিনষ্টি বিশ্বেতি। ব্রহ্মাদি পামরান্তগামিনীমিত্যর্থঃ। শৈত্যং কীদৃশমিত্যাহাশেতি। বাঞ্ছা লবেন সিক্তমিত্যর্থঃ। বিন্দুর্লবেপ্যবয়বে ইতি মেদিনী লালসাময়ী বিজ্ঞপ্তিরিয়ং। পদ্যেস্মিন্ মন্দাক্রান্তাচ্ছঃ। মন্দাক্রান্তাম্বুধিরসনগৈর্মো ভনৌ তৌ গযুগ্মমিতি তল্লক্ষণং ॥ ২ ॥

তুমি আমার প্রতি দয়া কর বা দণ্ডই কর যাহা হয় উভয়ের একটী কর, এ সংসারে তুমি ভিন্ন আমার আর উপায় নাই॥১॥

হে অঘহর! শুক অম্বরীষ প্রভৃতি প্রাচীন মহাত্মাগণের দুষ্কর ভজন সাধন শ্রবণ করিয়া নৈরাশ্য বশতঃ ভক্তি শূন্য আমার হৃদয় অনুতপ্ত হইতেছে, কিন্তু ব্রহ্মাদি পামর পর্য্যন্ত গামিনী ত্বদীয় কৃপালহরী দৃষ্ট করিয়া আশাবিন্দু-সিক্ত-হৃদয় আবার শীতল হইতেছে ॥ ২ ॥

শ্রীব্রজনাগরায় নমঃ।

নবজলধরবর্ণং চম্পকোদ্ভাসিকর্ণং
বিকসিতনলিনাস্যং বিস্ফুরন্মন্দহাস্যং।
কণকরুচিদুকূলং চারুবর্হাব চূলং
কমপি নিখিলসারং নৌমি গোপীকুমারং॥ ১॥
মুখজিতশরদিন্দুঃ কেলিলাবণ্যসিন্ধুঃ
করবিনিহিতকন্দুঃ বল্লবীপ্রাণবন্ধুঃ।

শ্রীব্রজনাগরায়নমঃ।

অথ বৃত্তমুক্তাবল্যা মুকুন্দং স্তৌতি নবেত্যাদিভিঃ। কমপ্যলৌকিকং গোপীকুমারং যশোদাসুতং নৌমি। কীদৃশমিত্যাহ। নবজলধরস্যেব বর্ণো-রূপং যস্য তং। চম্পকাভ্যামুদ্ভাসিনৌ ভ্রাজমানৌ কর্ণৌ যস্য তং। বিকসিতং যন্নলিনং পদ্মং তদিবাস্যং মুখং যস্য তং। চারুকমনীয়ং বর্হং চন্দ্রকমবতি রক্ষতি ধারয়তীতি যাবৎ চারু বর্হাবচূড়া মৌলির্যস্য তং। শিখাচূড়ে শিরস্যপীত্যুক্তেঃ। শিখিপিঞ্ছমৌলিমিত্যর্থঃ॥ স্ফুটমন্যৎ॥ ১॥

করে বিনিহিতোঽর্পিতঃ কন্দুর্গেণ্ডুর্যেন সঃ। বপুষোপস্থতা ধৃতা বেণবো গোরজাংসি যেন সঃ। স্ফুটার্থমন্যৎ।

নূতন মেঘের ন্যায় যাঁহার বর্ণ, চম্পক কুসুমে যাঁহার কর্ণদ্বয় সুশোভিত, বিকসিত পদ্মের ন্যায় মৃদু মৃদু হাস্য-যুক্ত যাঁহার বদন মণ্ডল, সুবর্ণ কান্তির ন্যায় যাঁহার শোভা, মনোহর ময়ূর পুচ্ছে যাঁহার চূড়া সুশোভিত এবং যিনি ত্রি-জগতের সার বস্তু, ঈদৃশ কোন গোপী কুমারকে আমি স্তব করি॥ ১॥

বপুরুপস্থতরেণুঃ কক্ষনিক্ষিপ্তবেণু
র্বচন বশগধেনুঃ পাতু মাং নন্দসূনুঃ ॥ মালিনী ॥ ২ ॥
ধ্বস্তদুষ্ট শঙ্খচূড় বল্লবীকুলোপগূঢ়
ভক্তমানসাধিরূঢ় নীলকণ্ঠপিঞ্ছচূড় ।
কণ্ঠলম্বিমঞ্জু গুঞ্জ কেলিলব্ধরম্য কুঞ্জ
কর্ণবর্ত্তি ফুল্লকুন্দ পাহি দেব মাং মুকুন্দ ॥ ৩ ॥

মালিনীতি ননময়েতি তল্লক্ষণং গত প্রাক্ ॥ ২ ॥

ধ্বস্তেতি। হে মুকুন্দ মাং পাহীত্যন্বয়ঃ। ধ্বস্তোনিহতো দুষ্টঃ শঙ্খচূড়ো যেন হে তাদৃশ। ততঃ প্রকৃষ্টেন বল্লবীকুলেনোপগূঢ় কৃতালিঙ্গন। নীলকণ্ঠস্য ময়ূরস্য পিঞ্ছেনাঞ্চিতা চূড়া কেশপাশী যস্য হে তাদৃশ। ময়ূরোবর্হিণো বর্হী নীলকণ্ঠো ভুজঙ্গভুগিত্যমর। কণ্ঠলম্বিন্যো মঞ্জুগুঞ্জাস্তৎ কৃতোহারো যস্য হে তাদৃশ। কেলয়ে লব্ধা রম্যাঃ কুঞ্জা যেন হে তাদৃশ স্ফুটমন্যৎ ॥ ৩ ॥

শরৎ কালীন চন্দ্র অপেক্ষাও যাঁহার মুখমণ্ডল সুশোভিত, যিনি কেলি সমুচিত লাবণ্যের সমুদ্র, যাঁহার হস্তে ক্রীড়া কন্দুক সুশোভিত, যিনি ব্রজরমণীগণের প্রাণবন্ধু, গাভীর খুরোত্থিত ধূলিদ্বারা যাঁহার দেহ সুশোভিত, যাঁহার কক্ষদেশে বেণু বিরাজিত, ধেনুগণ যাঁহার বাক্যের বশবর্ত্তী, এবম্বিধ সেই নন্দনন্দন আমাকে রক্ষা করুন ॥ ২ ॥

হে ভক্তগণ মানসাধি রূঢ়! তুমি দুষ্ট শঙ্খ চূড়কে বিনাশ করিয়াছ, তুমি ব্রজ রমণীগণ কর্ত্তৃক আলিঙ্গিত হও, ময়ূর

যজ্ঞভঙ্গরুষ্টশক্র নুন্ন ঘোরমেঘচক্র
বৃষ্টিপূর খিন্নগোপবীক্ষণোপজাতকোপ।
ক্ষিপ্র সব্য হস্তপদ্ম ধারিতোচ্চশৈলসদ্ম
গুপ্ত গোষ্ঠ রক্ষ রক্ষ মাং তথাদ্য পঙ্কজাক্ষ ॥ চিত্রং ॥৪॥

যজ্ঞভঙ্গাৎ স্বপূজা বিধ্বংসাদ্ধেতোঃ রুষ্টেন শক্রেণ নুন্নং প্রেরিতং যন্মেঘ চক্রং তদ্বৃষ্টি পূরেণ খিন্নানাং গোপানাং বীক্ষণেন জাতঃ কোপো যস্য হে তাদৃশ। ক্ষিপ্রং শীঘ্রং সব্যহস্ত পদ্মেন রামকরাম্বুজেন ধারিতো য উচ্চ শৈলো গোবর্দ্ধনাদ্রি স্তদ্রূপেণ সদ্মনা মন্দিরেণ গুপ্তং সংরক্ষিতং গোষ্ঠং ব্রজোযেন হে তাদৃশ। অত্র কর পদ্মস্যাদ্রি ধৃতি হেতুত্বেনাখ্যাতত্বেপি তদ্ধেতুত্বেনোপ নিবদ্ধাদ্বিভাবনা-ভেদোয়মিতি কাব্যকৌস্তভে। হে পঙ্কজাক্ষ তথা গোষ্ঠ রক্ষণবদদ্য মাং রক্ষ রক্ষ।

চিত্রমিতি। চিত্রসংজ্ঞমীরিতং সমালিকা পদদ্বয়ংত্বিতি তল্লক্ষণং। সমালিকা লক্ষণন্ত গ্লৌরজৌ সমালিকাত্বিত্যেতৎ॥ ৪ ॥

পুচ্ছে তোমার চূড়া সুশোভিত, মনোহর গুঞ্জামালা তোমার কণ্ঠে লম্বিত, তুমি কেলির নিমিত্ত সুন্দর নিকুঞ্জবন আশ্রয় কর, তোমার কর্ণদ্বয়ে কুন্দ পুষ্প সুশোভিত, অতএব হে দেব! হে মুকুন্দ! তুমি আমাকে পরিত্রাণ কর ॥ ৩ ॥

হে পঙ্কজনয়ন! ইন্দ্রের যজ্ঞ ভঙ্গ হইলে তিনি অতিক্রুদ্ধ হইয়া ভয়ঙ্কর মেঘ সকল প্রেরণ করতঃ বৃষ্টি সমূহ দ্বারা সমুদয় গোপ গোপীদিগকে ক্লেশিত করিলে তদ্দর্শনে তুমি রুষ্ট ও ব্যগ্র হইয়া বাম হস্তাম্বুজ দ্বারা অত্যুচ্চ গোবর্দ্ধন পর্ব্বত ধারণ

মুক্তাহারং দধদুড়ুচক্রাকারং
সারং গোপীমনসি মনোজারোপী।
কোপী কংসে খল নিকুরম্বোত্তংসে
বংশে রঙ্গী দিশতুরতিং নঃ শার্ঙ্গী॥ ৫ ॥
লীলোদ্দামা জলধরমালা শ্যামা
ক্ষামাঃ কামাদভিরচয়ন্তী রামাঃ।

মুক্তেতি। শার্ঙ্গী শ্রীকৃষ্ণো নোঽস্মভ্যং রতিং প্রীতিং দিশতু দদাতু কিং কুর্ব্বন্। মুক্তাহারং দধৎ বক্ষসি ধারয়ন্। যদ্যপি হারশব্দোমুক্তাসন্দর্ভস্য বাচকঃ। হারোমুক্তাবলাবিতি বিশ্বপ্রকাশাৎ। তথাপি মুক্তা শব্দস্তস্য বিশুদ্ধি বোধায়। কর্ণাবতংসাদিপদে কর্ণাদিধ্বনি নির্ম্মিতঃ। সন্নিধানাদ্ধি বোধায় স্থিতেষ্বেতং সমর্থনমিতি ভরতমহর্ষি বচনাৎ। হারং বিশিনষ্টি। উড়ু চক্রেতি। নক্ষত্র নিচয় প্রখ্যমিত্যর্থঃ। সারং শ্রেষ্ঠং সুবৃত্তত্বাদি গুণ যোগাৎ পুনঃ কীদৃশঃ শার্ঙ্গীত্যাহ গোপীনাং মনসি চিত্তে মনোজারোপী স্মরার্পকঃ। কংসে কোপী সরোষঃ। কীদৃশীত্যাহ। খলেতি নিখিল দুষ্ট শিরোমণাবিত্যর্থঃ। বৃত্ত্যনুপ্রাসোঽয়ং॥ ৫ ॥

লীলেতি। অঘশত্রোঃ সা মূর্ত্তি র্মামব্যাত্রক্ষতাং ইতি সম্বন্ধঃ। সা কীদৃশী-

---

পূর্ব্বক ব্রজধাম রক্ষা করিয়াছ, অতএব সেই প্রকার অদ্য আমাকেও রক্ষা কর॥ ৪ ॥

যিনি নক্ষত্র মালার ন্যায় সুন্দর মুক্তহার কণ্ঠে ধারণ করিয়াছেন, যিনি গোপিকাগণের মানসে কন্দর্পভাব আরোপণ করেন, যাবতীয় খলের শিরোমণি, কংসের প্রতি যাঁহার অত্যন্ত ক্রোধ, সেই বংশীপ্রিয় শার্ঙ্গপাণি শ্রীকৃষ্ণ আমাদিগকে প্রীতি প্রদান করুন॥ ৫ ॥

সা মামব্যাদখিল মুনীনাং স্তব্যা
গব্যা পূর্ত্তিঃ প্রভুরঘশত্রো র্মূর্ত্তিঃ ॥ জলধরমালা ॥ ৬ ॥
পর্ব্ববর্ত্তুল শর্ব্বরীপতি গর্ব্বরীতিহরাননং
নন্দনন্দনমিন্দিরাকৃত বন্দনং ধৃতচন্দনং।

ত্যাহ লীলাসু ক্রীড়াসু উদ্দামা স্বচ্ছন্দা। জলধরমালেব শ্যামা। কামাৎ স্ববিষয়কাৎ অভিলাষাদ্ধেতো রামা স্তরুণীঃ ক্ষামাঃ কৃশাঙ্গীরভিরচয়ন্তী কুর্ব্বন্তী। অখিল মুনীনাং শুকাদি বিরক্তানাং স্তব্যা। সৈব তেষাং ধ্যেয়েত্যর্থঃ। গব্যানাং গোসংহতীনাং পূর্ত্তিস্তৃপ্তির্যয়া সা। খল গোরথাশ্বদিতি সূত্রাৎ গোশব্দাৎ সমূহে যৎ। জলধর মালেতি অব্ধ্যঙ্গৈঃ স্যাজ্জলধরমালাম্ভৌস্মৌ ইতি তল্লক্ষণং। মুদ্রাচাত্রালঙ্কারঃ ॥ ৬ ॥

পর্ব্বেতি। হে চিত্ত ত্বং নন্দনন্দনং ভজেত্যন্বয়ঃ। কীদৃশমিত্যাহ। পর্ব্বণি পৌর্ণমাস্যাং বর্ত্তুলস্য পূর্ণমণ্ডলস্য শর্ব্বরীপতেশ্চন্দ্রস্য গর্ব্বরীতিং হরতি তথা

যে মূর্ত্তি ব্রজলীলায় সুযোগ্য, যাহা মেঘমালার ন্যায় শ্যামলবর্ণ, অনঙ্গ যুদ্ধে গোপিকারা যাহা হইতে ক্ষীণাঙ্গী হন, যাহা নিখিল মুণিগণের ধ্যেয়, যাহা গাভীগণের প্রতি তৃপ্তি সাধনে সমর্থ, অঘনাশন শ্রীকৃষ্ণের সেই মূর্ত্তি আমাকে রক্ষা করুন ॥ ৬ ॥

যিনি মুখ মণ্ডলদ্বারা পূর্ণিমায় উদিত পূর্ণ চন্দ্রের রুচি-গর্ব্ব খর্ব্ব করিতেছেন, লক্ষ্মী যাঁহার পাদপদ্ম সেবা করেন, চন্দনাদি অনুলেপনে যাঁহার শ্রীঅঙ্গ রঞ্জিত যিনি গোপিকা-গণের সহিত বিহার করিবার নিমিত্ত গিরিগুহাতে সঙ্কেত

সুন্দরীরতিমন্দিরীকৃতকন্দরং ধৃতমন্দরং
কুণ্ডলদ্যুতি মণ্ডলপ্লুতকন্ধরং ভজ সুন্দরং ॥ ৭ ॥
গোকুলাঙ্গনমণ্ডনং কৃতপূতনাভবমোচনং
কুন্দসুন্দর দন্তমম্বুজবৃন্দবন্দিতলোচনং।

নিঘ্নন্তীং। ঈষৎশোণমল্পরক্তং দৃগন্তস্য কোণ মঞ্চলং যস্যাং ক্রিয়ায়াং। এব-মুদয়ন্তি প্রকাশমানানি রোমাঞ্চ কম্প স্মিতানি যস্যাং ক্রিয়ায়ামিতি। কস্মিন্ সত্যেবং অত্রাহ পাশককেলি সঙ্গরতরে পাশকক্রীড়া যুদ্ধাতিশয়ে জিত্বা অধ-হরে শ্রীকৃষ্ণে স্মিত্বা নির্ব্বাদ বিম্বাধরং ধয়তি পিবতি সতি। নি র্নবিদ্যতে বাদো নিবারণ সূচকং কথনং যত্র তং। তত্র হেতুঃ নির্ব্বাদ বিম্বাধরং কিম্ভূতং দ্বিঃ পণিতং যদি পাশক্রীড়ায়াং ভবতোজয়ো ভবেত্তদা মদধরো দ্বিবারং পাতব্য ইতি। দ্বিঃ কৃতপণং নির্ব্বাধমিতি পাঠে বাধারহিতমিত্যর্থঃ। অঘহরে কিম্ভূতে সানন্দো যো গর্ব্বস্তেনোদ্ধুরে চঞ্চলে ॥ ৪ ॥

অংসে ইতি। পুনঃ কিম্ভূতাং বকরিপোঃ শ্রীকৃষ্ণস্য অংসে স্কন্ধে পরং বামকরং ন্যস্য ইমাং নবকাননশ্রিয়ং শোভাং পশ্যন্তীং। শ্রিয়ং কিম্ভূতাং

দুই বার মুখচুম্বন করিতে দিব” শ্রীরাধিকা এই পণ করিয়া-ছিলেন, শ্রীকৃষ্ণ এই পণ স্বীকার পূর্ব্বক পাশক্রীড়ারূপ মহা-সমরে শ্রীরাধাকে পরাজয় করিয়া আনন্দ ও গর্ব্বের সহিত, স্বীকৃত সুতরাং বাক্যশূন্য তোমার অধরবিম্ব চুম্বন করিতে প্রবৃত্ত হইলে শ্রীরাধিকা ঈষৎ রক্তবর্ণ কটাক্ষ, রোমাঞ্চ, কম্প ও মধুর হাস্য বিস্তার পূর্ব্বক শ্রীকৃষ্ণকে ক্রীড়াকমল দ্বারা আঘাত করিতেছেন, হে মন! সেই শৃঙ্গারাদি রসোপলক্ষিতা বহু গুণশালিনী শ্রীরাধাকে ভজনা কর ॥ ৪ ॥

যিনি বকারি শ্রীকৃষ্ণের স্কন্ধদেশে নিজ বামকর সমর্পণ

প্রীত্যা তত্র বিশাখয়া কিশলয়ং নব্যং বিতীর্ণং প্রিয়-
শ্রোত্রে দ্রাগ্দধতীং মুদা ভজ মনোরাধামগাধাং রসৈঃ॥৫
মিথ্যাস্বাপমনল্পপুষ্পশয়নে গোবর্দ্ধনাদ্রের্গু হা-
মধ্যে প্রাগ্দধতো হরের্মুরলিকাং হৃত্বা হরন্তীং স্রজং।

উন্মন্ উদয়ং প্রাপ্নুবন্ যো বসন্ত স্তত্রোদ্ভবাং। রাধাং কিম্ভূতাং বাঢ়মত্যর্থং সুসখ্যেন শ্রীকৃষ্ণস্য শোভন সখ্যেন উন্মদাং উন্মত্তাং। পুনঃ কিম্ভূতাং তত্র বনে বিশাখয়া সহ বিতীর্ণং বিস্তীর্ণং নব্যং কিশলয়ং মুদা হর্ষেণ প্রীত্যাচ প্রিয়-শ্রোত্রে শ্রীকৃষ্ণস্য কর্ণে দ্রাক্ ঝটিতি দধতীং স্থাপয়ন্তীং॥ ৫॥

মিথ্যেতি। পুনঃ কিম্ভূতাং হরেঃ শ্রীকৃষ্ণস্য মুরলিকাং মুরলীং হৃত্বা গৃহীত্বা স্রজং মালাং হরন্তীং। হরেঃ কিম্ভূতস্য প্রাক্ প্রথমতো গোবর্দ্ধনাদ্রের্গুহামধ্যে অনল্পপুষ্প রচিতে শয়নে শয্যায়াং মিথ্যা স্বাপং অলীকনিদ্রাং দধতো ধারয়তঃ। পুনঃ কিম্ভূতাং স্রগ্হরণানন্তরমেব তেন শ্রীকৃষ্ণেন স্মিত্বা গৃহীতকণ্ঠনিকটাং। গৃহীতঃ স্পৃষ্টঃ কণ্ঠস্য নিকটোঽধঃপ্রদেশো যস্যাস্তাং। পুনঃ কিম্ভূতাং গৃহীত-

---

পূর্ব্বক তোমার সুসখ্যভাবে নিরতিশয় উন্মত্ত হইয়া অভিনব বসন্তসম্ভূত নবকাননের শোভা দর্শন করিতেছেন এবং যিনি বনমধ্যে বিশাখার সহিত হর্ষ ও প্রীতি সহকারে শীঘ্র সুবিস্তীর্ণ অভিনব পল্লব প্রিয়তম শ্রীকৃষ্ণের কর্ণে পরিধান করাই-তেছেন, হে মন! সেই শৃঙ্গারাদি রসোপলক্ষিতা অপর্য্যাপ্ত গুণশালিনী শ্রীরাধাকে ভজনা কর॥ ৫॥

শ্রীকৃষ্ণ প্রথমতঃ গোবর্দ্ধন পর্ব্বতের গুহা মধ্যে নানাবিধ কুসুমরচিত শয্যায় অলীক ভাবে নিদ্রিত হইলে, শ্রীরাধা অগ্রে মুরলী হরণ করিয়া পশ্চাৎ মালা হরণ করিতেছিলেন, এমন সময় শ্রীকৃষ্ণ সহাস্যে তোমার কণ্ঠের অধঃপ্রদেশ স্পর্শ করায়

স্মিত্বা তেন গৃহীতকণ্ঠ নিকটাং ভীত্যাপসারোৎসুকাং
হস্তাভ্যাং দমিতস্তনীং ভজ মনোরাধামগাধাং রসৈঃ ॥৬॥
তূর্ণং গাঃ পুরতো বিধায় সখিভিঃ পূর্ণং বিশন্তং ব্রজে
ঘূর্ণদ্যৌবতকাঙ্ক্ষিতাক্ষি নটনৈঃ পশ্যন্তমস্যা মুখং ।

কণ্ঠনিকটান্তরমেব ভীত্যা ভয়েনাপসারোৎসুকাং পলায়নোৎসুকাং। পুনঃ কিম্ভূতাং অপসারণ সময় এব হস্তাভ্যাং দমিতস্তনীং দমিতৌ স্বায়ত্তীকৃতৌ স্তনৌ যস্যাস্তাং ॥ ৬ ॥

তূর্ণমিতি। পুনঃ কিম্ভূতাং শ্যামদৃগন্ত বিভ্রমভরৈঃ করণৈঃ শ্যামং শ্রীকৃষ্ণং আন্দোলয়ন্তীতরাং অতিশয় মাঘূর্ণয়ন্তীং। শ্যামায় শ্যামং বশীকর্ত্তুং যে দৃগন্তস্য দৃগঞ্চলস্য মিভ্রমাশ্চালনানি তৈঃ। শ্যামং কিম্ভূতং তূর্ণং শীঘ্রং গাঃ পুরতো বিধায় কৃত্বা সখিভিঃ শ্রীদামাদিভিঃ পূর্ণং মিলিতং সন্তব ব্রজে বিশন্তং। পুনঃ কিম্ভূতং ঘূর্ণদ্যৌবতকাঙ্ক্ষিতাক্ষিনটনৈঃ কৃত্বা অস্যা রাধায়া মুখং পশ্যন্তং। ঘূর্ণদৈশ্বর্য্যং প্রাপ্নুবদ্যদ্যৌবতং যুবতিবৃন্দং তস্য কাঙ্ক্ষিতানি আকাঙ্ক্ষিতানি চ

তিনি ভয় প্রযুক্ত পলায়নে উৎসুক হইয়া দুই হস্তে স্তনযুগলকে দমন অর্থাৎ নিজায়ত্তীভূত করিয়াছিলেন, হে মন! সেই শৃঙ্গারাদি রসোপলক্ষিতা বহু গুণশালিনী শ্রীরাধাকে ভজনা কর ॥ ৬ ॥

শ্রীকৃষ্ণ শীঘ্র গোবৎস সকল অগ্রে করিয়া শ্রীদামাদি সখাগণের সহিত মিলিত হওত ব্রজে প্রবেশ করিতে করিতে চঞ্চল যুবতিবৃন্দের বাঞ্ছিত নয়ন নটন দ্বারা শ্রীরাধার মুখমণ্ডল দর্শন করিতেছিলেন, যিনি এমন কালে শ্রীকৃষ্ণকে বশীভূত করিবার জন্য নিজ দৃষ্টি বিলাস দ্বারা ঐ শ্রীকৃষ্ণকে আন্দোলিত করিতেছেন এবং যাঁহার আবির্ভাবে স্বীয় সৌভাগ্য প্রকটন হেতু চন্দ্রাবলী সখী পদ্মার গ্লানি উপস্থিত হয়,

শ্যামং শ্যামদৃগন্ত বিভ্রমভরৈরান্দোলয়ন্তীতরাং
পদ্মাম্লানিকরোদয়াং ভজ মনোরাধামগাধাং রসৈঃ ॥৭॥
প্রোদ্যৎ কান্তিভরেণ বল্লববধূতারাঃ পরার্দ্ধাৎ পরাঃ
কুর্ব্বাণাং মলিনাঃ সদোজ্জ্বলরসে রাসে লসন্তীরপি।
গোষ্ঠারণ্য বরেণ্য ধন্য গগনে গত্যাম্বুরাধাশ্রিতাং
গোবিন্দেন্দুবিরাজিতাং ভজ মনোরাধামগাধাং রসৈঃ ॥৮॥

ন্তানি অক্ষিনটনানি চেতি তৈঃ স্বকীয়ৈরিতি শেষঃ। পুনঃ কিম্ভূতাং পদ্মা-ম্নাশ্চন্দ্রাবলীসখ্যাঃ স্বসৌভাগ্য প্রকটনেন ম্লানিকর উদয়ো যস্তাস্তাং ॥ ৭ ॥

প্রোদ্যদিতি। পুনঃ কিম্ভূতাং গোষ্ঠারণ্য বরেণ্যধন্য গগনে গত্যা অভ্যু-পায়েন অনুরাধাশ্রিতাং অনুরাধা রূপেণ শ্রিতা সেবিতা ইতি মধ্যপদলোপি কর্ম্মধারয়ঃ। গোষ্ঠারণ্যং শ্রীবৃন্দাবনং তদেব বরেণ্যং শ্রেষ্ঠং ধন্যং ধনাবহং গগনং তস্মিন্। পুনঃ কিম্ভূতাং গোবিন্দ এব ইন্দুশ্চন্দ্রস্তেন সহ বিরাজিতাং। অনুরাধা নক্ষত্রমপি চন্দ্রেণ সহ বিরাজত ইতি। পুনঃ কিম্ভূতাং প্রোদ্যৎকান্তি-ভরেণ করণেন পরার্দ্ধাৎ পরাঃ অসংখ্যা বল্লববধূতারা মলিনাঃ কুর্ব্বাণাং। বল্লব-বধূতারাঃ কিম্ভূতাঃ :উজ্জ্বলরসে রাসে সদা লসন্তীঃ শোভমানা অপি। বল্লবা-গোপাস্তেষাং যা বধ্বঃ স্ত্রিয়স্তাএব তারা নক্ষত্রাণীত্যর্থঃ ॥ ৮ ॥

হে মন! সেই শৃঙ্গারাদি রসোপলক্ষিতা অপর্য্যাপ্ত গুণশালিনী শ্রীরাধাকে ভজনা কর ॥ ৭ ॥

উজ্জ্বল রসবিশিষ্ট রাসলীলাতেও যাঁহাদিগের শোভা সর্ব্বদা দেদীপ্যমান,তাদৃশ গোপবনিতারূপ অসংখ্য তারাগণকে যিনি প্রকৃষ্ট ও উজ্জ্বলকান্তিপটলদ্বারা ম্লান করিতেছেন এবং যিনি শ্রীবৃন্দাবনরূপ সুন্দর ও ধন্য গগনপ্রান্তে অনুরাধা রূপে বিবিধপ্রকারে সেবিতা হইয়া গোবিন্দরূপ চন্দ্র সঙ্গে বিরাজ

প্রীত্যা সুষ্ঠু নবাষ্টকং পটুমতির্ভূমৌ নিপত্য স্ফুটং
কাক্বা গদ্গদনিস্বনেন নিয়তং পূর্ণং পঠেদ্যঃ কৃতী।
ঘূর্ণন্মত্ত মুকুন্দভৃঙ্গবিলসদ্রাধাসুধাবল্লরীং
সেবোদ্রেকরসেন গোষ্ঠবিপিনে প্রেম্না স তাং সিঞ্চতি ॥৯॥

ইতি নবাষ্টকং সম্পূর্ণং।

যঃ কৃতী ভূমৌ নিপত্য নবাষ্টকং সুষ্ঠু অর্থবোধং যথাস্যাত্তথা স্ফুটং স্পষ্টং পূর্ণং সমস্তং নিয়তং সর্ব্বকালং পঠেৎ স গোষ্ঠবিপিনে বৃন্দাবনে তাং ঘূর্ণন্মত্ত-মুকুন্দভৃঙ্গবিলসদ্রাধাসুধাবল্লরীং প্রেম্না সেবোদ্রেকরসেন কৃত্বা সিঞ্চতীত্যন্বয়ঃ। কিম্ভূতঃ সন্ পঠেৎ পটুমতিরচঞ্চলবুদ্ধিঃ। কেন কাক্বা কাতর্য্যেণ গদ্গদনিস্বনেন শব্দেন ঘূর্ণন্ নিয়তং সঞ্চরন্ উন্মত্তো মুকুন্দরূপভৃঙ্গো যত্র এবম্ভূতা বিলসন্তী শোভমানা যা রাধারূপ সুধাবল্লরী লতাতামিত্যর্থঃ। অত্রানন্দমগ্নস্য বক্তু-রুক্তৌ নবাষ্টকমিত্যেতৎ পূর্ব্বং এতৎ ইত্যকরণরূপ ন্যূন পদতা ন দুষ্টেতি মন্তব্যং ॥ ৯ ॥

ইতি নবাষ্টকবিবৃতিঃ।

করিতেছেন, হে মন! সেই শৃঙ্গারাদি রসোপলক্ষিতা বহু-গুণশালিনী শ্রীরাধাকে ভজনা কর ॥ ৮ ॥

যে পুণ্যবান্ ব্যক্তি ভূমি নিপতিত হইয়া স্থিরবুদ্ধিতে এই নবাষ্টক প্রীতি, কাকু ও গদ্গদস্বরে স্পষ্ট করিয়া অর্থ বোধ সহকারে সমুদায় সর্ব্বদা পাঠ করেন, তিনি গোষ্ঠবিপিনে অর্থাৎ বৃন্দাবনে শ্রীকৃষ্ণরূপভ্রমর যাহাতে মত্ত হইয়া ঘূর্ণন করিতে-ছেন সেই বিলাসশালিনী রাধারূপ অমৃতলতাকে প্রেমসহ-কারে সেবারূপ উদ্রিক্তরস দ্বারা সেচন করেন ॥ ৯ ॥

ইতি নবাষ্টক সম্পূর্ণ।

শ্রীরাধাকুণ্ডাষ্টকং।

—০:*:০—

শ্রীমদীশ্বরীকুণ্ডায় নমঃ।

বৃষভদনুজনাশান্নর্ম্মধর্ম্মোক্তিরঙ্গৈ
র্নিখিল নিজসখীভির্যৎস্বহস্তেন পূর্ণং।

অথ যথা রাধাপ্রিয়া বিষ্ণোস্তস্যাঃ কুণ্ডং প্রিয়ং তথেত্যনেন রাধাকুণ্ডস্য শ্রীকৃষ্ণপ্রিয়ত্বেন তদাশ্রয়ঃ প্রার্থ্যতে। বৃষভেত্যাদিনা পদ্যাষ্টকেন। তত্র বহুবিধ পাপনাশকত্বেন ইদমেবাশ্রয়যোগ্যমিত্যাহ। বৃষভেতি। তদ্রাধাকুণ্ডং মে মম আশ্রয়ো ভবত্বিতি শেষঃ। যদ্রাধাকুণ্ডং বৃন্দাবন রাজ্ঞা শ্রীনন্দনন্দনেন প্রকটিতং প্রাপ্ত প্রকটমপি বৃষভদনুজনাশাদ্বৃষাসুরহননাৎ নর্ম্ম ধর্ম্মোক্তি রঙ্গৈরসৌ ব্রজরাজনন্দনো ভূত্বা গাং হতবান্। তত্র রাজ্ঞাকৃতং পাপং তৎ প্রজাসু চরতীত্যতোঽস্মাকং প্রজানামপি পাপমভূদতস্তত্রাণায় পৌর্ণমাসী বক্ত্রাৎ শ্রুত তাদৃঙ্মাহাত্ম্যমেতৎ কুণ্ডং প্রবিশামস্তত্রাপি উদ্ধৃত্য পঞ্চমৃৎ পিণ্ডান্ স্নায়াৎ পর জলাশয়ে ইতি বচনেন মৃত্তিকামুদ্ধৃত্য স্নাম ইতি কৌতুক স্বভাব বচন পরিপাটীভিঃ করণৈঃ নিখিল নিজ সখীভি র্ললিতা বিশাখাদিভিঃ কোটি কোটিভিঃ স্বহস্তেন পূর্ণং সমগ্রীকৃতং গভীরীকৃতমিতি যাবৎ। নিজস্য স্বীয়স্য শ্রীরাধাভিধজনস্য যা নিখিলাঃ সমস্তাঃ সখ্যস্তাভিঃ। নিজং স্বীয়েচ নিত্যেচেতি মেদিনী। কিন্তূতং সুরভিঃ কমনীয়ং বিখ্যাতং বা। তথাচ মেদিনী। সুরভিঃ

যে রাধাকুণ্ড শ্রীনন্দনন্দন কর্ত্তৃক আমোদ পূর্ব্বক প্রকাশিত হইলেন, বৃষাসুরনাশ জন্য পরীহাসগর্ভ বাক্যে রঙ্গ করিতে করিতে স্বীয় সখীগণ কর্ত্তৃক স্বহস্তানীত জল দ্বারা

প্রকটিতমপি বৃন্দারণ্যরাজ্ঞা প্রমোদৈ
স্তদতি সুরভি রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥ ১ ॥
ব্রজভুবি মুরশত্রোঃ প্রেয়সীনাং নিকামৈ
রসুলভমপি তূর্ণং প্রেমকল্পদ্রুমং তং।

শল্যাকে মাতৃভিস্মুরা গোষু যোষিতি। চম্পকেচ বসন্তেচ তথা জাতীফলে পুমান্। স্বর্ণে গন্ধোপলে ক্লীবং সুগন্ধি কান্তয়ো স্ত্রিষু। বিখ্যাতে সচিবে ধীরে চৈত্রে হপিচ পুমানয়মিতি। ধর্ম্মোহস্ত্রী পুণ্য আচারে স্বভাবোপলয়ঃ ক্রতাবিত্যাদিচ। বৃন্দারণ্য রাজ্ঞেতি অত্র তেচানিত্যা ইতি ট প্রত্যয়াভাবঃ ॥ ১ ॥

সাধন সহস্রৈরলভ্য বস্তুদস্বেপীদমেব সেব্যমিত্যাহ। ব্রজেতি। যদ্রাধাকুণ্ডং কর্ত্তৃস্নাতুরবগাহিতু র্জনস্য হৃদি ভূমৌ হৃদয়রূপ পৃথিব্যাং তং প্রসিদ্ধং প্রেমকল্পদ্রুমং প্রেমকল্পবৃক্ষং কর্ম্মভূতং তূর্ণং শীঘ্রং জনয়তি প্রাদুর্ভাবয়তি। নন্বু মনোধর্ম্ম বিশেষস্য প্রেম্নো হৃদি প্রাদুর্ভাবে শ্রীকৃষ্ণকৃপৈব কারণং সাতু অত্র স্নাতুরস্নাতুর্বা ভজনেনৈব ভবেত্তস্বেহস্য কিমায়াতমিত্যাহ। ব্রজেতি। কিম্ভূতং প্রেমকল্পদ্রুমং মুরশত্রোঃ শ্রীকৃষ্ণস্য প্রেয়সীনামপি নিকামৈ নিঃশেষাভিলাষৈঃ করণৈ র্ব্রজভুবি অসুলভং সুখেনালভ্যং তন্নিত্য বিহার স্থানে ব্রজভুবি তত্রাপি তৎ প্রেয়সীনাং প্রেয়সীত্বেন নিত্য সংযোগিনীনাং যোহসুলভঃ মুক্তিং দদাতি কর্হিচিৎ স্ম ন ভক্তিযোগমিতি ন্যায়েন স কিং কেবলমত্তজনেন ভবেদিতি

পূর্ণ হইয়াছেন এবং যাহা অতিশয় মনোরম, সেই রাধাকুণ্ডই আমার আশ্রয় হউন ॥ ১ ॥

যে রাধাকুণ্ড স্নাতৃজনের হৃদয়প্রদেশে শীঘ্র প্রসিদ্ধ প্রেমরূপ কল্পবৃক্ষ উৎপাদন করিতেছেন, যে প্রেম কল্পবৃক্ষ, ব্রজভূমি তথা মুরনাশন শ্রীকৃষ্ণের প্রেয়সীগণ কর্ত্তৃকও অসুলভ

জনয়তি হৃদি ভূমৌ স্নাতুরুচ্চৈঃ প্রিয়ং য
স্তদতি সুরভি রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥ ২ ॥
অঘরিপুরপি যত্নাদত্র দেব্যাঃ প্রসাদ
প্রসর কৃতকটাক্ষ প্রাপ্তিকামঃ প্রকামং।
অনুসরতি যদুচ্চৈঃ স্নানসেবানুবন্ধৈ
স্তদতি সুরভিরাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥ ৩ ॥

ভাবঃ। মুরশত্রোরিত্যনেন সত্যভাময়া সহ প্রাগ্জ্যোতিঃপুরগতেন শ্রীকৃষ্ণেন মুরং হত্বা সত্যভামা প্রীত্যর্থং স্বর্গাৎ পারিজাত বৃক্ষানয়নেন প্রেয়সী বশত্বং ব্যঞ্জিতং এবম্ভূতস্য প্রেয়সীনামপ্যলভ্য বস্তুদত্বেন সর্ব্বথা সেব্যমেবেতি ভাবঃ ॥ ২ ॥

অন্যৎ কিং বক্তব্যং ব্রজপালকোঽপি শ্রীকৃষ্ণোঽন্যৈরসাধ্যং কর্ম্ম সাধয়িতুং যদাশ্রয়তে অস্মাকং কা কথেত্যাহ। অঘেত্যাদি। অঘরিপুরপি শ্রীকৃষ্ণোঽপি অত্র অঙ্গুল্যগ্র নির্দ্দিষ্টে স্থানে দেব্যাঃ দীব্যতি মানসূচক ভ্রূভঙ্গ্যাদিভিঃ ক্রীড়তীতি তস্যা মানবত্যা রাধায়াঃ প্রসাদপ্রসরকৃত কটাক্ষ প্রাপ্তি কামঃ সন্ উচ্চৈরতিশয়িতৈঃ স্নান সেবানুবন্ধৈঃ প্রকামমনুসরতি গচ্ছতি তদেতি সম্বন্ধঃ। অঘরিপুরিত্যনেন অঘাসুরহৃদয়প্রবেশেন তজ্জাঠরাগ্নেঃ সকাশাৎ সর্ব্ব ব্রজবালক রক্ষণেন সর্ব্ব গোপগোপীনাং প্রাণবল্লভত্বেন সর্ব্বদা প্রসাদ যোগ্যোপি ইতি ব্যঞ্জিতং। প্রসাদঃ প্রসন্নতা তেন যঃ প্রসরঃ প্রণয়স্তেন কৃতো যঃ কটাক্ষ স্তস্য প্রাপ্তৌ কামঃ কামনা যস্য সঃ। প্রসরঃ প্রণয়ে বেগে ইতি মেদিনী। স্নানেনাবগাহনেন যে সেবানুবন্ধাঃ সেবাপরিপাট্যস্তৈঃ ॥ ৩ ॥

অর্থাৎ দুষ্প্রাপ্য এবং যে রাধাকুণ্ড অত্যন্ত প্রিয়, সেই রাধাকুণ্ডই আমার আশ্রয় হউন ॥ ২ ॥

অন্যের কথা কি বলিব, স্বয়ং অঘশত্রু শ্রীকৃষ্ণ অতিশয় প্রসন্ন হেতু শ্রীরাধা কর্ত্তৃক প্রকাশিত কটাক্ষের প্রাপ্তি বিষয়ে

ব্রজভুবন সুধাংশোঃ প্রেমভূমি র্নিকামং
ব্রজমধুর কিশোরী মৌলিরত্ন প্রিয়েব।
পরিচিতমপি নাম্না যচ্চ তেনৈব তস্যা
স্তদতি সুরভি রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥ ৪ ॥

শ্রীকৃষ্ণ প্রেমাস্পদাশ্রয়ত্বেনৈব তৎসম্বন্ধাদত্যন্তাযোগ্যোপি তৎকৃপা ভাজনং ভবেদতোঽস্যাশ্রয়এব সাধীয়ানিত্যাহ। ব্রজেত্যাদি। যৎ রাধাকুণ্ডং ব্রজভুবনসুধাংশো র্ব্রজচন্দ্রস্য কৃষ্ণস্য ব্রজমধুরকিশোরীমৌলিরত্নপ্রিয়েব নিকামং যথেষ্টং প্রেমভূমিঃ প্রেমস্থানং। এবং তেনৈব ব্রজভুবনসুধাংসুনাতস্যাঃ শ্রীরাধায়াঃ নাম্নাএব .পরিচিতং সঙ্কেতিত মপি। ব্রজস্য যা মধুরা মধুররস বিশিষ্টাঃ কিশোর্য্যস্তাসাং মস্তকে যানি রত্নানি তদ্রূপা প্রিয়া প্রেয়সী সর্ব্ব গোপীষু সৈবৈকা বিষ্ণোরত্যন্তবল্লভা ইতি ন্যায়েন শ্রীরাধা। যথা রাধাপ্রিয়া বিষ্ণোস্তস্যাঃ কুণ্ডং প্রিয়ং তথেতি ন্যায়েন সা ইব। মধুরা শত পুষ্পায়াং মিশ্রেয়া নগরীভিদোঃ। মধুকুক্কুটিকা মেদা মধুলী যষ্টিকাসুচ। ক্লীবং বিষে-পুংসি রসে তদ্বৎ স্বাদু প্রিয়েঽন্তবদিতি মেদিনী ॥ ৪ ॥

অভিলাষী হইয়া স্নানসেবানুবন্ধন হেতু যে রাধাকুণ্ডের অনু-করণ করিতেছেন, সেই অতিশয় রমণীয় রাধাকুণ্ডই আমার আশ্রয় হউন ॥ ৩ ॥

ব্রজমধুরকিশোরী গোপসুন্দরীগণের মস্তকস্থিত রত্নসমূহের ন্যায়, যে রাধাকুণ্ড ব্রজভুবন চন্দ্র শ্রীকৃষ্ণের অত্যন্ত প্রেমা-স্পদ এবং শ্রীরাধার নামদ্বারা যে রাধাকুণ্ড শ্রীকৃষ্ণের পরিচিত হইয়াছে, সেই অতি রমণীয় রাধাকুণ্ডই আমার আশ্রয় হউন ॥ ৪ ॥

অপি জন ইহ কশ্চিৎ যস্য সেবাপ্রসাদৈঃ
প্রণয়সুরলতা স্যাত্তস্য গোষ্ঠেন্দ্রসূনোঃ।
সপদি কিল মদীশা দাস্য পুষ্পপ্রশস্যা
স্তদতি সুরভি রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥ ৫ ॥
তটমধুর নিকুঞ্জাঃ কুণ্ডনামান উচ্চৈ
র্নিজপরিজনবর্গৈঃ সংবিভজ্যাশ্রিতাস্তৈঃ।

তদাশ্রয়স্যান্যদপি স্পষ্টং ফলমাহ। অপীতি। ইহ সংসারে কশ্চিৎ যোগ্যত্বা যোগ্যত্ববিচার শূন্যোপি জনঃ প্রাণিমাত্রো যস্য সেবা প্রসাদৈঃ সেবাজন্য প্রসন্নতাভি র্হেতুভূতৈস্তস্য গোষ্ঠেন্দ্রসূনোঃ শ্রীকৃষ্ণপ্রণয়সুরলতা প্রেমকল্পলতা সপদি তৎক্ষণাৎ কিল নিশ্চিতং ভবেৎ কল্পলতা কীদৃশী মদীশায়াঃ শ্রীরাধায়া দাস্যমেব পুষ্পং যস্যাং সচাসৌ প্রশস্যা প্রশংসার্হাচেতি সা তথা আশ্রয় প্রয়োজনন্তু স্পষ্টমেব ॥ ৫ ॥

স্বসেব্য সখীযূথবাস তটত্বেনেদমেবাশ্রয়যোগ্যমিত্যাহ। তটেত্যাদি। যস্য রাধাকুণ্ডস্য তটমধুর নিকুঞ্জা রাজন্তি প্রকাশন্তে তদিতি সম্বন্ধঃ। মধুরঃ শৃঙ্গাররসস্তদুদ্দীপকনিকুঞ্জা স্তস্তটেন সহ ষষ্ঠীতৎপুরুষঃ সপ্তমী তৎপুরুষোবা। সমস্তস্যাসমস্তেন ইত্যাদিনা তটপদেন যস্যেত্যস্য সম্বন্ধঃ। কিম্ভূতা নিকুঞ্জাঃ

এই সংসারে বিবেকাদি শূন্য অনির্দ্দিষ্ট ব্যক্তিও যে রাধাকুণ্ডের কৃপায় শ্রীকৃষ্ণের প্রেমাস্পদ রূপ কল্পলতা হয়, যে কল্পলতা শ্রীরাধার দাস্যরূপ পুষ্প দ্বারা সুশোভিত অতএব সকলের প্রশংসনীয়, ঈদৃশ গুণান্বিত অতি রমণীয় রাধাকুণ্ডই আমার আশ্রয় হউন ॥ ৫ ॥

নিজ পরিজনবর্গ অর্থাৎ ললিতাদি সখীগণ কর্ত্তৃক স্থাপিত নাম অর্থাৎ পূর্ব্বতীরে চিত্রাসুখদ নামে, অগ্নিকোণে ইন্দুলেখা

মধুকররুতরম্যা যস্য রাজন্তি কাম্যা
স্তদতি স্থরভি রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥ ৬ ॥
তটভুবি বরবেদ্যাং যস্য নর্ম্মাতি হৃদ্যাং
মধুরমধুরবার্ত্তাং গোষ্ঠচন্দ্রস্য ভঙ্গ্যা।

নিজস্য শ্রীয়স্য শ্রীরাধাভিধজনস্য পরিজনবর্গৈর্ললিতাদি সখী সমূহৈঃ কর্তৃভি-রুচ্চৈরুৎকৃষ্টরূপেণ ক্লপ্ত নামানঃ। পূর্ব্বতটে চিত্রাস্থখদনাম্না আগ্নেয়ে ইন্দুলেখা স্থখদনাম্না দক্ষিণে চম্পকলতা স্থখদনাম্না নৈঋতে রঙ্গদেবী স্থখদনাম্না পশ্চিমে তুঙ্গবিদ্যা :শন্দদনাম্না বায়বীয়ে স্থদেবী স্থখদনাম্না উত্তরে ললিতানন্দদনাম্না ঈশানে বিশাখা স্থখদনাম্না ব্যবহ্রিয়মাণা ইত্যর্থঃ। পুনঃ কিম্ভূতাস্তে র্নিজ-পরিজনবর্গৈঃ সংবিভজ্য স্ব স্ব নাম্না সম্যগ্বিভাগং কৃত্বা আশ্রিতাঃ আশ্রয় বিষয়ী কৃতাঃ। মধুকরোভ্রমরঃ রুতং শব্দঃ কাম্যাঃ সর্ব্বেষাং কামনাযোগ্যাঃ ॥ ৬ ॥

অত্র প্রাণকোটিনির্মঞ্ছন তদ্দ্বন্দ্বস্য নর্ম্ম মধুরালাপ মনুভবামীতি মনসি-নিধায় তদাশ্রয়ং প্রার্থয়তে তটভুবীতি। যস্য তটভুবি তটস্থানে বরবেদ্যাং চতুরস্র নির্ম্মিতোচ্চ শ্রেষ্ঠ প্রদেশে সা ঈশা মদীশ্বরী শ্রীরাধিকা শ্রীকৃষ্ণস্য মধুর প্রাণসখ্যালিভিঃ প্রাণসখীশ্রেণিভিঃ সহ গোষ্ঠচন্দ্রস্য মধুরবার্ত্তাং মধুরাৎ মধুনোপি

স্থখদ নামে ইত্যাদি রূপে সকলদিকে সেই সেই নামে বিখ্যাত এবং বিভাগ করিয়া পরিজনবর্গ কর্ত্তৃক আশ্রিত এবং ভ্রমর গুঞ্জন হেতু মনোরম,অতএব সকলেরই বাঞ্ছনীয় তীরস্থিত শৃঙ্গার রসোদ্দীপক যে রাধাকুণ্ডের নিকুঞ্জ সকল দীপ্তি পাইতেছে, সেই অতি রমণীয় রাধাকুণ্ডই আমার আশ্রয় হউন॥ ৬॥

যে রাধাকুণ্ডের বেদিবিশিষ্ট তীরে ঈশ্বরী রাধিকাদেবী প্রাণসখীদিগের সহিত গোষ্ঠচন্দ্র শ্রীকৃষ্ণ সম্বন্ধীয় মধুর বাক্য

প্রথয়তি মিথ ঈশা প্রাণসখ্যালিভিঃ সা
তদতি স্থরভি রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥ ৭ ॥
অনুদিনমতিরঙ্গৈঃ প্রেমমত্তালিসংঘৈ
র্বরসরসিজগন্ধৈর্হারি বারি প্রপূর্ণে।
বিহরত ইহ যস্মিন্ দম্পতী তৌ প্রমত্তৌ
তদতি স্থরভি রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥ ৮ ॥
অবিকলমতি দেব্যাশ্চারু কুণ্ডাষ্টকং যঃ

মধুরাং অমৃতরূপ কথাং ভঙ্গ্যা বাক্ পরিপাট্যা মিথঃ পরস্পরং প্রথয়তি বিস্তারয়তীত্যন্বয়ঃ। নর্ম্মণা কৌতুকেনাতিহৃদ্যাং মনোহরাং ॥ ৭ ॥

অস্যাশ্রয়ে কদাচিন্মমাতিদীনস্য তদযুগলদর্শনং ভবেদেবেত্যাহ। অন্বিত্যাদি। যস্মিন্ অনুদিনং প্রতিদিনং তৌ দম্পতী রাধাকৃষ্ণৌ প্রমত্তৌ সন্তৌ বিহরতঃ ক্রীড়তঃ তদিতি সম্বন্ধঃ। কিম্ভূতে বর সরসিজগন্ধৈঃ শ্রেষ্ঠপদ্মঘ্রাণৈর্হারি মনোহারি যদ্বারি জলং তেন পরিপূর্ণে পূরিতে গন্ধৈঃ কিম্ভূতৈঃ প্রেম্নি তদ্বিষয় হার্দ্দিতায়াং মত্তোঽলিসংঘোভ্রমরসমূহো যত্র তৈঃ ॥ ৮ ॥

স্তোত্রপঠন ফলমাহ। অবিকলেতি। যোজন স্তদীয়োল্লাসি দাস্যার্পিতা

ভঙ্গি ক্রমে বলিতেছেন, সেই সর্ব্বজন মনোরম রাধাকুণ্ডই আমার আশ্রয় হউন ॥ ৭ ॥

মনোহর জলপূর্ণ যে রাধাকুণ্ডে সেই প্রমত্ত দম্পতী রাধাকৃষ্ণ যুগল, প্রতিদিন পদ্মগন্ধ বিরাজিত প্রেমমত্ত সখীদিগের সহিত অতিরঙ্গে বিহার করিতেছেন, সেই রমণীয় রাধাকুণ্ডই আমার আশ্রয় হউন ॥ ৮ ॥

যে ব্যক্তি সেই শ্রীরাধার দাস্য কর্ম্মে আত্ম সমর্পণ পূর্ব্বক

পরিপঠতি তদীয়োল্লাসি দাস্যার্পিতাত্মা।
অচিরমিহ শরীরে দর্শয়ত্যেব তস্মৈ
মধুরিপুরতিমোদৈঃ শ্লিষ্যমাণাং প্রিয়াং তাং ॥ ৯ ॥

ইতি শ্রীরাধাকুণ্ডাষ্টকং।

আত্মা সন্ দেব্যাঃ শ্রীরাধিকায়াঃ কুণ্ডাষ্টকং অবিকলমতি অব্যাকুল বুদ্ধি যথাস্যাত্তথা পরিপঠতি তস্মৈ মধুরিপুঃ শ্রীকৃষ্ণঃ তাং প্রিয়াং শ্রীরাধিকাং অচিরং ইহ শরীরে সাধক শরীরে দর্শয়তি প্রিয়াং কিম্ভূতাং অতিমোদৈঃ কর্ত্তৃভিঃ শ্লিষ্যমাণাং পরমহর্ষযুতামিত্যর্থঃ। তদীয়েতি তস্য রাধাকুণ্ডস্য প্রহ্ব্যাঃ শ্রীরাধিকায়াঃ উল্লাসি অবিরত প্রকাশি যদ্দাস্যং তত্রার্পিত আত্মামনোযেন সঃ ॥ ৯ ॥

ইতি শ্রীরাধাকুণ্ডাষ্টকবিবৃতিঃ।

স্থির চিত্ত হইয়া শ্রীরাধার সুন্দর রাধাকুণ্ডাষ্টক সর্ব্বতোভাবে পাঠ করেন তাঁহাকে এই সাধক শরীরেই অচিরাৎ সেই মধু-রিপু শ্রীকৃষ্ণ আহ্লাদ পূর্ব্বক পরমহর্ষযুক্তা প্রেয়সী শ্রীরাধি-কাকে দেখাইয়া দেন ॥ ৯ ॥

ইতি শ্রীরাধাকুণ্ডাষ্টক।

শ্রীগোবর্দ্ধনবাসপ্রার্থনাদশকং।

—০:*:০—

শ্রীগোবর্দ্ধনপাদপদ্মেভ্যো নমঃ।

নিজপতিভুজদণ্ডচ্ছত্রভাবং প্রপদ্য
প্রতিহতমদধৃষ্টোদ্দণ্ডদেবেন্দ্রগর্ব্ব।

গোবর্দ্ধনস্য সর্ব্বোৎকর্ষং নিরূপ্য তন্নিকট বাসেনৈব সর্ব্বেষ্ট সিদ্ধি র্ভবেদিতি তন্নিকট বাসং প্রার্থয়তে। নিজপতীত্যাদিনা পদ্য দশকেন। হে গোবর্দ্ধন ত্বং মে মম প্রিয়ং নিজনিকট নিবাসং অন্তস্থাৎ কস্মাদপি তীর্থান্তরাত্মন মন আকৃষ্য নিকট স্থিতিং মে মহ্যং দেহীত্যন্বয়ঃ। কাকাক্ষিন্যায়েন মে ইত্যস্য প্রিয়মিত্যনেন দেহীত্যনেন চ সম্বন্ধঃ। নম্বত্রান্যে বহবঃ পর্ব্বতাঃ সন্তি তন্নিকটবাসমুমুচ্য কথং সন্নিকটবাসঃ প্রার্থ্যতে তত্রাহ। অতুলেত্যাদি। হে অতুল পৃথুল শৈল শ্রেণিভূপ অতুলা অনুপমা অথচ পৃথুলা পুষ্টা যা শৈলশ্রেণিঃ পর্ব্বত সমূহস্তস্যা ভূপো রাজা হে তথাবিধ সর্ব্বাভীষ্টপ্রদ চক্রবর্ত্তি সমীপং ত্যক্ত্বা কৃপণ মণ্ডলেশ্বর সমীপাবস্থিত্যালমিতি ভাবঃ। নম্নু জ্ঞাতং ব্রজবাসাকাঙ্ক্ষী ত্বং তদত্র কুত্রাপি ব্রজস্যৈকদেশে নিবাসঃ ক্রিয়তাং কিমেতৎ প্রার্থনয়েতি চেত্তত্রাহ। নিজেত্যাদি। নিজস্য স্বস্য পতিঃ প্রভুঃ শ্রীকৃষ্ণস্তস্য ভুজদণ্ডে ছত্রভাবং ছত্রত্বং প্রপদ্য প্রাপ্য প্রতিহতো নাশিতো মদেন গর্ব্বেণ ধৃষ্টঃ প্রগল্ভোঽথচ উদ্দণ্ড উদ্ধতো যো দেবেন্দ্রো মরুত্বান্ তস্য গর্ব্বোহঙ্কারো যেন হে এবম্ভূত মস্তক পূজাত্যধিকেতি ন্যায়েন প্রভোর্ভক্তনিকটস্থস্যৈব কৃপাতিশয়ো ভবেদিতি

হে গোবর্দ্ধন! আমাকে নিরতিশয় প্রিয় তোমার নিকট বাস দান কর। (তোমার মাহাত্ম্যও অতুল যে হেতু) তুমি শ্রীকৃষ্ণের হস্তরূপ দণ্ডের ছত্রভাব প্রাপ্ত হইয়া মদমত্ত

অতুলপৃথুলশৈলশ্রেণিভূপপ্রিয়ং মে
নিজনিকটনিবাসং দেহি গোবর্দ্ধন ত্বং ॥ ১ ॥
প্রমদমদনলীলাঃ কন্দরে কন্দরে তে
রচয়তি নবযূনোর্দ্বন্দ্বমস্মিন্নমন্দং।
ইতি কিল কলনার্থং লগ্নকস্তৎ দ্বয়োর্মে
নিজনিকটনিবাসং দেহি গোবর্দ্ধন ত্বং ॥ ২ ॥

ভাবঃ। যত্র ব্যঞ্জকপদোপাদানেন ব্যভিচারী বোধয়িতুং ন শক্যতে তত্র ব্যভিচারিণঃ শব্দোপাত্তত্বেন ন দোষ ইতি মদগর্ব্বয়ো র্ব্যভিচারিণোঃ শব্দবাচ্যত্বেঽপি ন রসদোষঃ ॥ ১ ॥

নন্বু ত্বৎ প্রার্থনা তাবদঙ্গীকৃতা ভদ্রং দ্বিত্রি দিনং বাসঃ ক্রিয়তাং নিবাসমিত্যনেন সার্ব্বকালিকোবাসঃ কিমিতি প্রার্থ্যতে ইতি চেত্তত্রাহ। প্রমদেত্যাদি। হে গোবর্দ্ধন নবযূনোর্দ্বন্দ্বং রাধাকৃষ্ণযুগলং তে তব কন্দরে কন্দরে প্রতিগুহং অমন্দমতিশয়ং যথা স্যাত্তথা প্রমদ মদনলীলা রচয়তি করোতি নিরন্তরং তৎকলনায় নিবাসঃ প্রার্থ্যত ইতি ভাবঃ। প্রমদয়তি উন্মত্তয়তি যো মদনস্তেন যা লীলাঃ ক্রীড়া স্তাঃ। ইতি হেতোস্তৎ দ্বয়োস্তন্নবযূনোঃ কলনার্থং দর্শন প্রাপণায় লগ্নকো মধ্যস্থঃ সন্ ইতি পরেণ সম্বন্ধঃ। যদ্বা তদিত্যব্যয়ং ষষ্ঠী বহুবচনান্তং দ্বয়োস্তৎ কলনার্থং তা লীলা দর্শয়িতুমিতি যাবৎ ॥ ২ ॥

এবং উদ্ধত শচীপতির গর্ব্ব খর্ব্ব করিয়াছ। এবং বৃহৎ বৃহৎ পর্ব্বতসমূহের রাজা হইয়াছ ॥ ১ ॥

হে গোবর্দ্ধন! রাধাকৃষ্ণযুগল তোমার প্রতিকন্দরে আনন্দের সহিত উৎকটরূপে রতিক্রীড়া করিতেছেন এই জন্য আমিও সেই রাধাকৃষ্ণযুগল দর্শন করিবার নিমিত্ত উৎসুক হইয়াছি, অতএব আমাকে তোমার নিকট বাস দান কর ॥ ২ ॥

অনুপম মণিবেদী রত্নসিংহাসনোর্ব্বী
রুহঝর দরসানুদ্রোণি সঙ্ঘেষু রঙ্গৈঃ।
সহ বল সখিভিঃ সংখেলয়ন্ স্বপ্রিয়ং মে
নিজনিকটনিবাসং দেহি গোবর্দ্ধন ত্বং ॥ ৩ ॥
রসনিধিনবযূনোঃ সাক্ষিণীং দানকেলে
দ্যু‍্যতিপরিমলবিদ্ধাং শ্যামবেদীং প্রকাশ্য।

নমু সঙ্কেত বন সমীপে নিবস তত্রৈব নবযুবদ্বন্দ্ব সুষ্ঠু লীলানুভবো ভাবী-কিমনয়া প্রার্থনয়েতি চেত্তত্রাহ। অনুপমেতি। হে গোবর্দ্ধন রঙ্গৈঃ কুতুকিভিঃ বল সখিভিঃ সহ অনুপমমণিবেদীরত্নসিংহাসনাদিষু স্বপ্রিয়ং শ্রীকৃষ্ণং সংখেলয়ন্ সম্যক্ খেলাং কারয়ন্ সন্ নিজনিকটবাসং দেহীত্যন্বয়ঃ। অত্র নিবাসে শ্রীকৃষ্ণস্য সর্ব্ব লীলানুভবো ভবেদিতি ভাবঃ। অনুপম রত্নবেশ্মেব সিংহাসনং তচ্চ উর্ব্বীরুহোবৃক্ষঃ সচ ঝরোঝোর ইতি প্রসিদ্ধঃ সচ দরোগর্ত্তঃ সচ সানুঃ সমান প্রদেশঃ সচ দ্রোণিরন্তপ্রদেশঃ সচ তেষাং সঙ্ঘেষু সমূহেষু শ্রমাপনোদন পরিহাসাদিভি র্দোলনরূপ খেলা বিশেষৈঃ গবান্বেষণ রূপাদিভি-র্লুকায়নাদি খেলাবিশেষৈঃ পরস্পর মল্লক্রীড়াদিভিরিতি যথাযথং সম্বন্ধঃ। দরোঽস্ত্রী সাধ্বসে গর্ত্তে কন্দরেতু দরী স্মৃতেতি মেদিনী। স্নুঃ প্রস্থঃ সানুর-স্ত্রিয়ামিত্যমরঃ। দ্রোণোঽস্ত্রিয়ামাঢ়কে স্যাদাঢাবাপ চতুষ্টয়ে। পুমান্ কৃপী-পতৌ দগ্ধকাকে স্ত্রী নীবৃদন্তরে। তথা কাষ্ঠাম্বুবাহিন্যাং গবাদন্যামপীষ্যত ইতি চ মেদিনী ॥ ৩ ॥

অদৃষ্ট দর্শন সম্ভাবকঃ প্রার্থয়তে রসেতি। হে গোবর্দ্ধন রস নিধি নবযূনো

হে গোবর্দ্ধন! তুমি আমাকে আমার অতিশয় প্রীতিকর তোমার নিকট বাস দান কর, (তুমিও নিরুপম সুখ অনুভব করিতেছ যে হেতু); মনোহর মণিময় বেদীরূপ সিংহাসনে এবং বৃক্ষের ঝরে, গর্ত্তে ও সমানদেশে কাষ্ঠাম্বুবাহিনী সমূহে শ্রীকৃষ্ণকে সখীগণের সহিত রঙ্গে খেলা করাইতেছে ॥ ৩ ॥

রসিকবরকুলানাং মোদমাস্ফালয়ন্মে
নিজনিকটনিবাসং দেহি গোবর্দ্ধন ত্বং ॥ ৪ ॥
হরিদয়িতমপূর্ব্বং রাধিকা কুণ্ডমাত্ম
প্রিয়সখমিহ কণ্ঠে নর্ম্মণালিঙ্গ্য গুপ্তঃ।
নবযুবযুগ খেলাস্তত্র পশ্যন্রহো মে
নিজ নিকট নিবাসং দেহি গোবর্দ্ধন ত্বং ॥ ৫ ॥

রাধাকৃষ্ণয়োর্দানকেলের্দানলীলায়াঃ সাক্ষিণীং প্রকাশনীং শ্যামবেদিকাং তন্নাম্নীং বেদীং প্রকাশ্য প্রকটয্য রসিকবর কুলানাং রসিকবরাঃ কৃষ্ণ ভক্তাস্তেষাং কুলানাং মোদং হর্ষং আস্ফালয়ন্ স্পষ্টীকুর্ব্বন্ সন্নিতি সম্বন্ধঃ। কিম্ভূতাং দ্যুতিঃ কান্তিশ্চ পরিমলঃ সুগন্ধিশ্চ তাভ্যাং বিদ্ধাং যুক্তাং। তদ্বেদিকা দর্শনানন্দজাত কোলাহলানাং রসিকানাং ত্বন্নিকটবাসেন নিনদং শ্রুত্বা অহমপি তত্র গত্বা অহমপি তত্র গত্বা দ্রক্ষ্যামীতি ভাবঃ ॥ ৪ ॥

নন্নু বহূনি সন্নিকট স্থানানি বিদ্যন্তে তত্র কুত্র বাস প্রার্থ্যতে বদ তত্রাহ হরীত্যাদি। কিম্ভূতঃ সন্ তত্র রাধিকাকুণ্ডে নবযুব যুগখেলা নূতন যুবযুগ্মস্য লীলাঃ কর্ম্মভূতাঃ পশ্যন্ রহো নির্জনে নিজনিকট নিবাসং দেহীত্যন্বয়ঃ। কিম্ভূতঃ সন্ পশ্যন্ ইহ স্থলে আত্মপ্রিয়সখং রাধিকাকুণ্ডং নর্ম্মণা কৌতুকেন কণ্ঠে আলিঙ্গ্য গুপ্তঃ সন্। যত্র স্থিত্বা ত্বমিব তল্লীলাঃ দ্রষ্টুমুৎসুভবামি তত্র বাসং দেহীতি ভাবঃ। কিম্ভূতং হরেঃ শ্রীকৃষ্ণস্য দয়িতং প্রিয়ং অপূর্ব্ব মাশ্চর্য্যং। অত্র রহঃ শব্দোঽব্যয়ং তথাচামরঃ রহশ্চোপাংশুচালিঙ্গ ইতি ॥ ৫ ॥

হে গোবর্দ্ধন! তোমার নিকট বাস আমাকে দেও (তুমিও অনেকের হর্ষোৎপাদন করিতেছ যে হেতু) তুমি রসিকশ্রেষ্ঠ রাধাকৃষ্ণের দানক্রীড়ার সাক্ষীস্বরূপ এবং কান্তিমতি ও সুগন্ধি শ্যামবেদী প্রকাশ করিয়া রসিক কৃষ্ণভক্তগণের আনন্দ বর্দ্ধন করিতেছ ॥ ৪ ॥

স্থল জল তল শষ্পৈর্ভূরুহচ্ছায়য়াচ
প্রতিপদমনুকালং হন্ত সম্বর্দ্ধয়ন্ গাঃ।
ত্রিজগতি নিজগোত্রং সার্থকং খ্যাপয়ন্মে
নিজ নিকট নিবাসং দেহি গোবর্দ্ধন ত্বং॥ ৬॥
সুরপতিকৃতদীর্ঘদ্রোহতো গোষ্ঠরক্ষাং
তব নব গৃহরূপস্যান্তরে কুর্ব্বতৈব।

আত্মনস্তাদৃগু নিগূঢ়লীলা দর্শনাযোগ্যত্বং মত্বানোহন্তৎ প্রার্থয়তে। স্থলেতি হে গোবর্দ্ধন অনুকালং সর্ব্বকালে প্রতিপদং স্থানে স্থানে স্থল জল তল শষ্পৈ র্ভূরুহচ্ছায়য়াচ গাং সম্বর্দ্ধয়ন্ সুখিনীঃ কুর্ব্বন্ ত্রিজগতি নিজগোত্রং স্বনাম সার্থকং খ্যাপয়ন্ গাঃ বর্দ্ধয়তি শষ্পাদিনা পুষ্টয়তীত্যর্থ বিশিষ্টং খ্যাপয়ন্ খ্যাতিমানয়মিতি পরেণ সম্বদ্ধঃ শষ্পবৃক্ষাদি মন্নিকটপ্রদেশবাসেন কদাচিৎ গোসন্তালনাগতস্য মদভীষ্টদেবস্য শ্রীকৃষ্ণস্য দর্শনং মে ভবিতব্যমেবেতি ভাবঃ। জলতলেতি ভূতলবৎ স্বার্থিক প্রত্যয়ঃ। শষ্পৈর্ঘাসৈঃ। ভূরুহোবৃক্ষঃ॥ ৬॥

নন্থ ভবতা যদস্মনসি কৃত্বা সন্নিকটবাসঃ প্রার্থ্যতে তত্তচ্ছ্রী বৃন্দাবনস্যৈক

হে গোবর্দ্ধন! তুমি আমাকে তোমার নিজের নিকটস্থ স্থান দান কর, যে স্থানে তুমি নিজের অতিশয় প্রিয় রাধাকুণ্ডকে কৌতুকবশতঃ আলিঙ্গন করতঃ গুপ্তভাবে থাকিয়া নির্জনে অভিনব যুবক যুগলের লীলা দেখিতেছ॥ ৫॥

হে গোবর্দ্ধন! তুমি স্থল, জল, তল, ঘাস এবং বৃক্ষচ্ছায়া এই সকলের দ্বারা গো সকলকে সংবর্দ্ধনা করতঃ এই ত্রিভুবনে নিজের নাম বিখ্যাত করিতেছ, অতএব আমাকে তোমার নিকটে বাস দান কর, তাহা হইলে গোচারণপর শ্রীকৃষ্ণের সহিত কোন না কোন কালে আমার দেখা হইবেই হইবে॥৬॥

অঘ বক রিপুণোচ্চৈর্দত্তমান ক্রন্তং মে
নিজ নিকট নিবাসং দেহি গোবর্দ্ধন ত্বং ॥ ৭ ॥
গিরিনৃপ হরিদাসশ্রেণীবর্য্যেতি নামা
মৃতমিদমুদিতং শ্রীরাধিকাবক্ত্র চন্দ্রাৎ।

প্রদেশ বাসেনৈব ভবেদিত্যলমেবং প্রার্থনয়েতি চেত্তত্রাহ। স্বরপতীতি। হে অঘবকরিপুণা দত্তোচ্চৈর্মান গোবর্দ্ধন। অঘোদরপ্রবিষ্টবৎ সপাল রক্ষণবৎ প্রকারান্তরেণাপি ব্রজরক্ষণ শক্তত্বেঽপি অঘবকরিপুণা শ্রীকৃষ্ণেন দত্ত উচ্চৈর্মহান্ মানঃ পূজা যস্মৈ হে তথাবিধ। অঘ বক রিপুণা কিস্তূতেন নবগৃহ রূপস্ত তবান্তরে মধ্যে স্বরপতি কৃত দীর্ঘ দ্রোহতো দ্রোহাৎ গোষ্ঠরক্ষাং কুর্ব্বতা। প্রভুঃ স্বমাস্তজন নিকটবাসিনং কর্ত্তব্যাকরণেন কৃপার্নহমপি কৃপয়তীতি ভাবঃ। স্বরপতি ইত্যত্র স্বরপদেনোনপঞ্চাশদ্বায়বো মন্তব্যা স্তেন তৎপতিত্বেন তৎসাহিত্যাবাগতে দ্রোহস্তাদীর্ঘত্বমিতি ভাবঃ ॥ ৭ ॥

নমু পঞ্চযোজন মেবাস্তি বনং মে দেহরূপকমিতি পুরাণবাক্যেন কৃষ্ণ দেহ রূপেণ নিরূপিত বৃন্দাবনৈকদেশবাসেনৈব সর্ব্বনিজেষ্ট সিদ্ধি র্ভবেদেব অস্মাস্ম শ্রেষ্ঠত্বেন কিমতি স্তুত্যা নিবাসঃ প্রার্থ্যতে ইতি চেত্তত্রাহ। গিরিনৃপেতি। গিরিনৃপশব্দস্ত প্রকৃতোপযোগিত্বং পূর্ব্বা ব্যাখ্যাতং। হে গিরিনৃপ যতো রাধিকাবক্ত্রচন্দ্রাৎ হন্তায়মদ্রিরবলা হরিদাসবর্য্য ইত্যাদি শ্রীভাগবতীয় পত্তেন হরিদাসবর্য্যেতীদং নামামৃত মর্থান্তবোদিতং অতো বেদৈর্ব্রজ নবতিলকত্বে

হে গোবর্দ্ধন! অঘাসুর বকাসুর শত্রু শ্রীকৃষ্ণ নূতন গৃহ স্বরূপ তোমার মধ্যস্থানে নিজ গোষ্ঠকে ইন্দ্র জিঘাংসা হইতে রক্ষা করতঃ তোমার মান সংবর্দ্ধন করিয়াছেন অতএব আমাকে তোমার নিকট বাস প্রদান কর ॥ ৭ ॥

হে গিরিরাজ! যখন শ্রীরাধিকার মুখচন্দ্র হইতে "হন্তায়-মদ্রিরবলা হরিদাস বর্য্যঃ" অর্থাৎ হে অবলাগণ! এই পর্ব্বত

ব্রজনবতিলকত্বে ক্‌ৢপ্তবেদৈঃ স্ফুটং মে
নিজ নিকট নিবাসং দেহি গোবর্দ্ধন ত্বং ॥ ৮ ॥
নিজ জনযুত রাধাকৃষ্ণমৈত্রীরসাক্ত
ব্রজনব পশুপক্ষি ব্রাত সৌখ্যৈকদাতঃ।

ব্রজস্য নূতন ললাট ভূষণত্বে ক্‌ৢপ্ত প্রকটিত হে তথাভূত ইতি পরেণ সম্বন্ধঃ। অধিকস্যাধিকং ফলমিতি ন্যায়েন শ্রেষ্ঠ নিকটবাস এব যোগ্য ইতি ভাবঃ। ক৯প্ত ইতি সম্বোধনং পদং হরিদাসেষু কৃষ্ণভক্তেষু বর্য্যঃ শ্রেষ্ঠ ইতি সর্ব্বমনু-করণেবেতি স্মলুক্ নো জানে জানিতা কিয়ন্তিরমৃতৈঃ কৃষ্ণেতি বর্ণদ্বয়ীতি বৎ ॥ ৮ ॥

নম্বস্তং কমপি ব্রজবাসিনং স্বাভীষ্টং প্রার্থয়স্ব কিমস্য প্রার্থনয়েতি চেত্তত্রাহ নিজজনেতি। নিজজনেতি একদাতরিত্যন্তং সমুদায় সম্বোধনং। নিজজনেন স্বীয়লোকেন আলী সখ্যাদি রূপেণ যুতো মিলিতোযো রাধাকৃষ্ণয়ো রাধাসহিতঃ কৃষ্ণস্তত্র যো মৈত্রীরস এতন্নাম্না প্রসিদ্ধো রসস্তেনাক্তো যুক্তো যো ব্রজ নব পশুপক্ষি ব্রাতস্তৎ সমূহস্তস্য সৌখ্যস্য সুখস্য একদাতঃ অদ্বিতীয় সুখদানকর্ত্তরি-ত্যর্থঃ। যোহি পরমদয়ালুতয়া কৃষ্ণহস্তস্পর্শ মাত্রেণ স্বয়মেবোত্থায় স্বগর্ত্তে ব্রজনরাদিকং যথাসুখং স্থাপিতবান্ এবং দয়ালুং পরিত্যজ্য ক মন্যং স্বাভীষ্টং প্রার্থয়ে ইতি ভাবঃ। নমু যে হি নিজগর্ত্তং প্রবেশ্য রক্ষিতাস্তেতু কৃষ্ণপ্রীতিঃ যুক্তাস্তদাঙ্কহীনং ত্বাং কথং নিজনিকটনিবাসং দাস্যামীতি চেত্তত্রাহ অগণিতা

হরিদাস সমূহের মধ্যে শ্রেষ্ঠ, এই ভাগবতীয় পদ্যে তোমার এই নামরূপ অমৃত প্রকাশ পাইয়াছে, তখন তুমি বেদাদি সকল শাস্ত্র কর্ত্তৃক ব্রজের অভিনব তিলক স্বরূপে প্রতিষ্ঠিত হইয়াছ, অতএব আমার এই প্রার্থনা যে তুমি আমাকে নিজ নিকটে নিবাস দান কর ॥ ৮ ॥

হে গোবর্দ্ধন! তুমি সখীজনবেষ্টিত রাধাকৃষ্ণের মিত্রতা-রূপ বৎস যুক্ত যে সমস্ত ব্রজস্থিত নব পশু পক্ষি সমূহ

অগণিত করুণত্বান্মাধুরী কৃত্যতান্তং
নিজ নিকট নিবাসং দেহি গোবর্দ্ধন ত্বং ॥ ৯ ॥
নিরুপধি করুণেন শ্রীশচীনন্দনেন
ত্বয়ি কপটিশঠেহপি ত্বৎপ্রিয়েণার্পিতোহস্মি।
ইতি খলু মম যোগ্যাযোগ্যতাং তামগৃহ্নন্
নিজনিকটনিবাসং দেহি গোবর্দ্ধন ত্বং ॥ ১০ ॥

সংখ্যাতীতা করুণা যস্য তস্মাৎ তান্তং নিতান্তং মামুরীকৃত্য অঙ্গীকৃত্য ভবানেব স্বভাবং কৃপয়া দীনং মাং তদ্বিষয় প্রীতৌ নিযোক্ষ্যতীতি ভাবঃ ॥ ৯ ॥

অযোগ্যায় নিজনিকটবাস প্রদানে মুখ্যং কারণং শৃণ্বিত্যাহ নিরুপধীতি। শচীনন্দনেন পরম দয়ালুনা শ্রীকৃষ্ণচৈতন্যেনাস্মি অহং ত্বয়ি অর্পিত ইতি হেতোর্মমতাং ত্বদনুভূতাং যোগ্যাযোগ্যতাং অগৃহ্ণন্নিতি সম্বন্ধঃ। কিম্ভূতোহহং কপটী আত্মনস্তাদৃগ্বৈরাগ্য প্রকটনেন লোকপ্রতারকশ্চাসৌ শঠঃ পুরঃ প্রিয়বক্তা অসাক্ষাদপ্রিয়কর্ত্তা চ সচেতি এবম্ভূতোপি। শচীনন্দনেন কিম্ভূতেন ত্বৎপ্রিয়েণ ভবতঃ প্রেমাস্পদেন প্রিয়বাক্যং প্রিয়েণাবশ্যং কর্ত্তব্যমেবেতি ভাবঃ ননু শ্রীপুরুষোত্তম ক্ষেত্রাত্তবতোহত্র প্রেরণে তস্য কিঞ্চিৎ প্রয়োজনং ভবেদিতি লক্ষ্যতে। ইতি নেত্যাহ নিরুপধি করুণেন নির্নবিত্ততে উপাধিঃ ফলানুসন্ধানং যত্র এবম্ভূতা করুণাচিত্তার্দ্রকরণ কৃপা যস্য তেন লোকহিতাকাঙ্ক্ষিণেত্যর্থঃ ॥ ১০ ॥

তাহাদিগের একমাত্র সুখদাতা, অতএব এবম্বিধ দয়ালু স্বভাব বশতঃ অত্যন্ত ক্লান্ত আমাকেও অঙ্গীকার করিয়া তোমার নিজ নিকটে নিবাস দান কর ॥ ৯ ॥

হে গোবর্দ্ধন! যদ্যপি তোমার যোগ্যাযোগ্য পাত্র ভেদে নিজ নিকট নিবাস দানে আপত্তি থাকে, তবে সে আশঙ্কাও নাই যেহেতু কপটি শ্রেষ্ঠ হইয়াও আমি, পরমদয়ালু, তোমার

রসদ দশকমস্য শ্রীলগোবর্দ্ধনস্য
ক্ষিতিধর কুলভর্ত্তুর্যঃ প্রযত্নাদধীতে।
স সপদি সুখদেঽস্মিন্ বাসমাসাদ্য সাক্ষা
চ্ছুভদ যুগলসেবারত্নমাপ্নোতি তূর্ণং॥ ১১॥

ইতি শ্রীগোবর্দ্ধনবাসপ্রার্থনাদশকং।

এতৎ পঠন ফলমাহ। রসেতি। যঃ পুমান্ শ্রীলগোবর্দ্ধনস্য রসদদশকমধীতে অধ্যয়নমিবাতি যত্নেন পঠতি স সপদি তৎক্ষণাদেব অস্মিন্ গোবর্দ্ধনে বাস মাসাদ্য প্রাপ্য শুভদ যুগল সেবারত্নং আপ্নোতি প্রাপ্নোতীত্যন্বয়ঃ। রসদেতি। সামান্যস্য বিশেষ কল্পনয়া রসং ভক্তিরসং দদাতীতি তত্তচ্চ তদ্দশকঞ্চেতি তত্তথা। ক্ষিতীতি ক্ষিতিধরস্য পর্ব্বতস্য কুলং সমূহস্তস্য ভর্ত্তা শ্রেষ্ঠঃ শুভং সর্ব্বোৎকৃষ্টসেবারূপ পরম মঙ্গলং দদাতীতি তচ্চ তদ্যুগলং রাধাকৃষ্ণ যুগ্মং চেতি তস্য সেবারত্নমিতি অন্যোপ্যুদারং ধনবন্তং স্তুত্বা স্বাভীষ্টং সুবর্ণাদিকং প্রাপ্নোতীতি ধ্বনিঃ॥ ১১॥

ইতি শ্রীগোবর্দ্ধননিকট বাস প্রার্থনাদশকবিবৃতিঃ।

নিরতিশয় প্রিয় শচীনন্দন কর্ত্তৃক তোমাতে সমর্পিত হইয়াছি, এই প্রকার প্রচার হইলে, আমার যোগ্যাযোগ্যতা সম্বন্ধে তোমার কিছুই দোষ হইবে না, অতএব আমার যোগ্যা-যোগ্যতা না দেখিয়া নিজ নিকটে নিবাস দান কর॥ ১০॥

যে ব্যক্তি মহীধরপতি গোবর্দ্ধনের রসপ্রদ এই দশটী শ্লোক যত্ন পূর্ব্বক অধ্যয়ন করেন তিনি অচিরাৎ সুখপ্রদ এই গোবর্দ্ধনে বাস লাভ করিয়া শ্রীরাধাকৃষ্ণের পদসেবা রূপ রত্ন প্রাপ্ত হন॥ ১১॥

ইতি গোবর্দ্ধনবাসপ্রার্থনা দশক।

নবযুবদ্বন্দ্বদিদৃক্ষাষ্টকং।

শ্রীনবযুবরাজায় নমঃ।

স্ফুরদমলমধূলী পূর্ণরাজীবরাজ-
ন্নবমৃগমদগন্ধ দ্রোহি দিব্যাঙ্গ গন্ধং।
মিথ ইত উদিতৈ রুন্মাদিতান্তর্বিঘূর্ণ-
দ্ব্রজভুবি নবযূনো র্দ্বন্দ্বরত্নং দিদৃক্ষে॥ ১॥
কনকগিরি খলোদ্যৎ কেতকীপুষ্পদীব্য-
ন্নবজলধর মালাম্বেষি দিব্যোরু কান্ত্যা।

স্ফুরদিতি। ব্রজভুবি ব্রজস্থলে নবযূনোর্দ্বন্দ্বরত্নং রাধাকৃষ্ণং দিদৃক্ষে দ্রষ্টু-মিচ্ছামি। কিম্ভূতং স্ফুরৎ প্রকাশমানং যৎ অমলয়া মধুল্যা মধুনা পূর্ণরাজীবং পদ্মং তত্র রাজন্নবমৃগমদঃ কস্তূরী তস্য যো গন্ধস্তস্য দ্রোহণশীলোঽঙ্গগন্ধো যস্য তত্তথা। পুনঃ কিম্ভূতং ইত ইহ অর্থাদ্ব্রজভুবি মিথঃ পরস্পরং উদিতৈ রুদয়ৈঃ-করণৈ রুন্মাদিতং যদন্তঃকরণং তেন বিঘূর্ণৎ আন্দোলায়মানং॥ ১॥
পুনঃ কিম্ভূতং দিব্যোরুকান্ত্যা কনকগিরিখলে সুমেরুপর্ব্বত স্থানে উদ্যৎ যৎ কেতকীপুষ্পং তেন সহ দীব্যন্তী ক্রীড়ন্তী যা নবজলধরমালা নূতনমেঘ-

---

যাঁহার, মনোহর অঙ্গ গন্ধ প্রকাশমান ও নির্ম্মল মধু পূর্ণ পদ্মস্থিত উৎকৃষ্ট কস্তূরীর গন্ধকে ধিক্কার দিতেছে এবং ব্রজ মধ্যে পরস্পরের উদয়ে যাঁহার অন্তঃকরণ আন্দোলিত হই-তেছে, সেই নবযুবদ্বন্দ্বরত্ন অর্থাৎ শ্রীরাধাকৃষ্ণকে আমি ব্রজ-ভূমিতে দর্শন করিতে ইচ্ছা করিতেছি॥ ১॥

শবলমিব বিনোদৈরীক্ষয়ৎ স্বং মিথস্ত-
দ্ব্রজভুবি নব যুনোর্দ্বন্দ্বরত্নং দিদৃক্ষে ॥ ২ ॥
নিরুপম নবগৌরী নব্য:কন্দর্পকোটি-
প্রথিত মধুরিমোর্ম্মি ক্ষালিত শ্রীনখান্তং।
নব নব রুচিরাগৈ র্হৃষ্ট মিষ্টৈ র্মিথস্ত-
দ্ব্রজভুবি নবযূনোর্দ্বন্দ্বরত্নং দিদৃক্ষে ॥ ৩ ॥

সমূহস্তস্য দ্বেষি তদ্দ্বেষণ শীলং। পুনঃ কিম্ভূতং মিথঃ পরস্পরং বিনোদৈঃ ক্রীড়াভিঃ কৃত্বা স্বমাত্মানং শবলমিব মিলিতমিব ঈক্ষয়ৎ জনান্ প্রতিদর্শয়ৎ ॥২॥

নিরুপম নবগৌরীচ নব্যকন্দর্প কোটিশ্চ তয়ো র্যা প্রথিতা সর্ব্বত্র খ্যাতা মধুরিম্নাং মাধুর্য্যাণাং ঊর্ম্মি র্বীচি স্তয়া ক্ষালিতা নির্ম্মলীকৃতা যা শ্রী স্তস্যা নখের করণেন অন্তো বিনাশো যস্মাদিতি তত্তথা মিথঃ পরস্পরং নবনবা রুচি র্যত্র এবম্ভূতৈ র্মিষ্টৈরাগৈ রনুরাগৈ র্হৃষ্টং ॥ ৩ ॥

কনকগিরি খলে অর্থাৎ সুমেরু পর্ব্বত স্থানে সঞ্জাত কেতকী কুসুমের সহিত শোভমান নূতন মেঘ সমূহকে সুন্দর ও মহতী শোভা দ্বারা যিনি দ্বেষ করিতেছেন এবং যিনি পরস্পর ক্রীড়াদ্বারা আপনাকে মিলিতের ন্যায় জন সকলকে দেখাইতেছেন, সেই নবযুব দ্বন্দ্বরত্ন অর্থাৎ শ্রীরাধাকৃষ্ণকে আমি ব্রজভূমিতে দর্শন করিতে ইচ্ছা করিতেছি ॥ ২ ॥

নিরুপম নবগৌরী এবং কোটি সংখ্যক অভিনব অনঙ্গের সুবিখ্যাত মাধুর্য্যতরঙ্গ দ্বারা নির্ম্মলীকৃত পরম শোভা যাঁহার নখপ্রান্তে ধ্বংশ প্রাপ্ত হইতেছে এবং যিনি পরস্পর নূতন নূতন রুচি বিশিষ্ট অনুরাগ সমূহে হৃষ্ট হইতেছেন, সেই নবযুব

মদন রস বিঘূর্ণন্নেত্র পদ্মান্ত নৃত্যৈঃ
পরি কলিতমুখেন্দু হ্রীবিনম্রং মিথোঽন্যৈঃ।
অপিচ মধুরবাচং শ্রোতু মাবর্দ্ধিতাশং
ব্রজভূবি নবযূনোর্দ্বন্দ্বরত্নং দিদৃক্ষে ॥ ৪ ॥
স্মরসমর বিলাসোদ্গার মঙ্গেষু রঙ্গৈ-
স্তিমিত নবসখীষু প্রেক্ষমাণাসু ভঙ্গ্যা।

মিথঃ পরস্পরং মদনরসেন বিঘূর্ণদ্দ্যন্নেত্রপদ্মঃ তস্য অন্তস্য অঞ্চলস্য নৃত্যৈঃ পরিকলিতো বিষয়ীকৃতো যো মুখেন্দু মুখচন্দ্রস্তেন যা হ্রী র্লজ্জা তয়া বিনম্রং। কৃষ্ণস্য তু হ্রীদম্রত্বে কশ্চিৎসময়ো মৃগ্যঃ। অত্র হে প্রিয়ে যস্যস্য নেত্রান্তভঙ্গ্যা ময়নশ্চালয়িতুং শক্যতে তদা ত্বমেব সকলভুবন স্ত্রীরত্ন ললামরত্নং মন্যসে ইত্যেবম্প্রকারকঃ অন্যথা রাধাকর্ত্তৃক নিরীক্ষণেন কৃষ্ণস্য সলজ্জত্বে খ্যাত-বিরুদ্ধতারূপার্থদোষাপত্তিঃ স্যাৎ। নায়িকা কর্ত্তৃক তাদৃক্ কটাক্ষেণ নায়কস্য লজ্জায়া অখ্যাতত্বাৎ। আ সম্যক্ বর্দ্ধিতা আশা অভিলাষো যস্য তৎ ॥ ৪ ॥
স্মরেতি। অঙ্গেষু স্মর সমর বিলাসোদ্গারং স্তিমিত নবসখীষু স্নিগ্ধ নবালিষু

দ্বন্দ্বরত্ন অর্থাৎ শ্রীরাধাকৃষ্ণকে আমি ব্রজভূমিতে দর্শন করিতে ইচ্ছা করিতেছি ॥ ৩ ॥

মদনরসে বিঘূর্ণিত নয়নকমলের ঈষৎ কটাক্ষ সঞ্চালন যুক্ত মুখচন্দ্র সম্ভূত লজ্জায় যাঁহারা পরস্পর অত্যন্ত বিনম্র হইয়াছেন এবং পরস্পরের মধুর বাক্য শ্রবণে যাঁহাদের অতিশয় আশা বর্দ্ধিত হইতেছে, সেই নবযুবদ্বন্দ্বরত্ন অর্থাৎ শ্রীরাধাকৃষ্ণকে ব্রজভূমিতে দর্শন করিতে ইচ্ছা করিতেছি ॥ ৪ ॥

স্নিগ্ধ স্বভাবা নূতন বয়স্যাগণ রঙ্গভঙ্গীর সহিত ঈষৎ হাস্য

স্মিত মধুর দৃগন্তৈর্হ্রীণ সংফুল্ল বক্তং
ব্রজভুবি নবযুনোর্দ্বন্দ্বরত্নং দিদৃক্ষে॥ ৫॥
মদন সমরচর্য্যাচার্য্যমাপূর্ণপুণ্য-
প্রসর নববধূভিঃ প্রার্থ্য পাদানুচর্য্যং।
সমররসিক মেকপ্রাণ মন্যোন্য ভূষং
ব্রজভুবি নবযুনোর্দ্বন্দ্বরত্নং দিদৃক্ষে॥ ৬॥

রঙ্গৈর্ভঙ্গ্যা স্মিত মধুরৈর্দৃগন্তৈঃ প্রেক্ষমাণাষু সখীষু হ্রীণসংফুল্লবক্তং হ্রীণং সলজ্জং সংফুল্লং বক্তং যস্য তত্তথা॥ ৫॥

মদন সমরচর্য্যায়াং আচার্য্যং। আপূর্ণং পরিপূর্ণং যৎপুণ্যং তস্য প্রসরো যত্র এবম্ভূতাভি র্নববধূভিঃ প্রার্থ্যা পাদয়ো রনুচর্য্যা সেবা যস্য তত্তথা অন্যৎ স্পষ্টং॥ ৬॥

যুক্ত মধুর নয়নাঞ্চল দ্বারা অঙ্গ প্রত্যঙ্গে অনঙ্গ যুদ্ধের বিলাস সূচক চিহ্ন সকল অবলোকন করিতে থাকিলে, যিনি লজ্জায় প্রফুল্ল মুখ হইয়াছেন, সেই নব যুবদ্বন্দ্ব রত্ন অর্থাৎ শ্রীরাধা-কৃষ্ণকে আমি ব্রজভূমিতে দর্শন করিতে ইচ্ছা করিতেছি॥ ৫॥

যিনি কন্দর্প যুদ্ধের আচার্য্য, যাঁহার পদযুগলের সেবা প্রভৃত পুণ্য পুঞ্জশালিনী নববধূ সকল প্রার্থনা করিয়া থাকেন, এবং যিনি সমর রসিক ও পরস্পর এক প্রাণ, যাঁহারা উভয়েই উভয়ের অলঙ্কার সেই নবযুব দ্বন্দ্ব রত্ন অর্থাৎ শ্রীরাধাকৃষ্ণকে আমি ব্রজভূমিতে দর্শন করিতে ইচ্ছা করিতেছি॥ ৬॥

তট মধুর নিকুঞ্জে শ্রান্তয়োঃ শ্রীসরস্যাঃ
প্রচুরজল বিহারৈঃ স্নিগ্ধবৃন্দৈঃ সখীনাং।
উপহৃত মধু রঙ্গৈঃ পায়য়ন্তম্মিথস্তে-
র্ব্রজভুবি নবযুনোর্দ্বন্দ্বরত্নং দিদৃক্ষে ॥ ৭ ॥
কুসুমশর রসৌঘ গ্রন্থিভিঃ প্রেমদাম্না
মিথ ইহ বশবৃত্ত্যা প্রৌঢ়য়াদ্ধা নিবদ্ধং।
অখিল জগতি রাধামাধবাখ্যা প্রসিদ্ধং
ব্রজভুবি নবযুনোর্দ্বন্দ্বরত্নং দিদৃক্ষে ॥ ৮ ॥

মিথঃ পরস্পরং তৈঃ সখীনাং স্নিগ্ধবৃন্দৈঃ সহ তন্মধু পায়য়দিত্যন্বয়ঃ। কিং মধু শ্রীসরস্যা রাধাকুণ্ডস্য প্রচুর জলবিহারৈ রতিশয় জলক্রীড়াভিঃ কৃত্বা তট-মধুর নিকুঞ্জে শ্রান্তয়ো স্তয়োঃ সম্বন্ধে সখীনাং স্নিগ্ধবৃন্দৈঃ কর্ত্তৃভী রঙ্গৈ র্বহুপহৃতং উপহারীকৃতং ॥ ৭ ॥

কুসুমশরস্য কন্দর্পস্য যো রসঃ শৃঙ্গারস্তস্য যে ওঘা বেগাস্তে এব গ্রন্থিনো গ্রন্থাচার্য্যাস্তৈঃ কর্ত্তৃভিঃ প্রেমদাম্না কৃত্বা প্রৌঢ়য়া বশবৃত্ত্যা হেতুভূতয়া অদ্ধা সাক্ষান্মিথঃ পরস্পরং নিবদ্ধং ॥ ৮ ॥

শ্রীরাধাকুণ্ডের প্রচুরতর জল বিহারে ক্লান্ত হইয়া তীরস্থ মধুর কুঞ্জ মধ্যে যিনি সুস্নিগ্ধ সখীবৃন্দ কর্ত্তৃক রঙ্গভঙ্গির সহিত উপহৃত মধু লইয়া ঐ সকল সখীগণের সহিত পরস্পর পরস্পরকে পান করাইতেছেন, সেই নব যুবদ্বন্দ্বরত্ন অর্থাৎ শ্রীরাধাকৃষ্ণকে আমি ব্রজভূমিতে দর্শন করিতে ইচ্ছা করিতেছি ॥ ৭ ॥

এই ব্রজমণ্ডলে, অনঙ্গের শৃঙ্গাররস সমূহের গ্রন্থাচার্য্যগণ

প্রণয় মধুরমুচ্চৈ নব্য যূনোর্দিদৃক্ষা-
ষ্টকমিদ মতিযত্নাদ্যঃ পঠেৎ স্ফার দৈন্যৈঃ।
স খলু পরমশোভা পুঞ্জ মঞ্জু প্রকামং
যুগল মতুল মক্ষোঃ সেব্যমারাৎ করোতি॥ ৯॥
ইতি নবযুবদ্বন্দ্বদিদৃক্ষাষ্টকং।

স্ফারদৈন্যৈ রতিশয় দীনোক্তিভিঃ। স খলু নিশ্চিতং পরমশোভাপুঞ্জেন মঞ্জু মনোজ্ঞং যুগলং রাধাকৃষ্ণদ্বন্দ্বং আরাৎ শীঘ্রং প্রকামমক্ষোঃ সেব্যং করোতীত্যন্বয়ঃ॥ ৯॥

ইতি নবযুবদ্বন্দ্বদিদৃক্ষাষ্টক বিবৃতিঃ।

অতিশয় বশবৃত্তিরূপ প্রেমরজ্জু দ্বারা সাক্ষাৎ যাঁহাদের পরস্পরকে বন্ধন করিয়াছেন এবং যিনি নিখিল জগতে "রাধা-মাধব" এই নামে বিখ্যাত,সেই নব যুবদ্বন্দ্বরত্ন অর্থাৎ শ্রীরাধা-কৃষ্ণকে আমি ব্রজভূমিতে দর্শন করিতে ইচ্ছা করিতেছি॥ ৮॥

যে ব্যক্তি প্রণয় হেতু এই সুমধুর নবযুবদ্বন্দ্বের দিদৃক্ষাষ্টক যত্নের সহিত অতি দীনভাবে পাঠ করেন, তিনি নিশ্চয়ই পরম শোভা পুঞ্জে অতি মনোজ্ঞ শ্রীরাধাকৃষ্ণের অতুল যুগল-মূর্ত্তিকে শীঘ্র প্রকাশরূপে নেত্রযুগলে গোচর করেন॥ ৯॥

ইতি নবযুব দ্বন্দ্বদিদৃক্ষাষ্টক সমাপ্ত।

অভীষ্টপ্রার্থনাদশকং।

কদা গোষ্ঠে গোষ্ঠক্ষিতিপ গৃহদেব্যা কিল তয়া
সবাস্পং কুর্ব্বত্যা বিলসতি সুতে লালনবিধিং।
মুহু দৃষ্টাং রোহিণ্যপিহিতনিবেশামবনতাং
নিষেবে তাম্বূলৈ রহমপি বিশাখা প্রিয়সখীং॥ ১॥
কদা গান্ধর্ব্বায়াং শুচি বিরচয়ন্ত্যাং হরিকৃতে
মুদা হারান্ বৃন্দৈঃ সহ সবয়সামাত্মসদনে।

কদেতি। কদা গোষ্ঠে ব্রজে অহমপি বিশাখা প্রিয়সখীং শ্রীরাধাং তাম্বূলৈ নিষেবে ইত্যন্বয়ঃ। অপি নাম যূথেশ্বর্য্যপি কিম্ভূতাং বিশাখাপ্রিয়সখীং তয়া গোষ্ঠে ক্ষিতিপগৃহদেব্যা যশোদয়া মুহু র্বারং বারং দৃষ্টাং। কিম্ভূতয়া যশোদয়া সুতে শ্রীকৃষ্ণে বিলসতি খেলতি সতি সবাস্পং যথাস্যাত্তথা লালন বিধিং কুর্ব্বত্যা পরমার্ত্তি পূরক সুতলালন সময় এব দৃষ্টামিত্যর্থঃ। পুনঃ কিম্ভূতাং রোহিণ্যপিহিতনিবেশাং রোহিণ্যা অপিহিতো হৃতিদর্শনোৎকণ্ঠয়া নিকটস্থিত্যা আবৃতো নিবেশো নিবেশনং যস্যা স্তাং অতএবাবনতাং নম্রাং॥ ১॥

স্ব সিদ্ধাবস্থায়ামপি পূর্ব্বকৃতং তৎসেবা সুখমলভমানো হৃতিদৈন্যেন তদ-

---

ব্রজরাজ পত্নী শ্রীযশোদা দেবী বাস্পাকুল নয়নে খেলারত শ্রীকৃষ্ণের লালন কার্য্য করিতে করিতেই যাঁহাকে বারম্বার দর্শন করিয়াছেন এবং রোহিণী দেবী অত্যন্ত দর্শনোৎকণ্ঠায় নিকটে থাকিয়া যাঁহার প্রবেশ আবরণ করিয়াছেন, সুতরাং যিনি নতমুখী হইয়াছেন, সেই বিশাখার প্রিয়সখী শ্রীরাধাকে আমিও বৃন্দাবনে কবে তাম্বূল দ্বারা সেবা করিব?॥ ১॥

বিচিত্যা শ্রীহস্তে মণিমিহ মুহুঃ সম্পুটচয়া-
দহো বিন্যস্যন্তী সফলয়তি সেয়ং ভুজলতাং ॥ ২ ॥
কদা লীলারাজ্যে ব্রজবিপিনরূপে বিজয়িনী
নিজং ভাগ্যং সাক্ষাদিহ বিদধতীং বল্লভতয়া।

যস্যামেব সেবাবিশেষ মাশাস্তে কদেতি। কদা সা স্বাভীষ্ট তৎসেবন কর্ত্রী-স্থিতা ইয়ং তদলভমানা অতিদীনা মদ্বিধ দাসী রসমঞ্জরী ভুজলতাং সফলয়তী-ত্যন্বয়ঃ। কিং কুর্ব্বতী সতী সম্পুটচয়াৎ সকাশাৎ মণিং বিচিত্য অবিদ্যামীর গান্ধর্ব্বায়াং রাধায়াং শ্রীহস্তে বিন্যস্তী। কিম্ভূতায়াং গান্ধর্ব্বায়াং আত্মসদনে আত্মগৃহে সবয়সাং সখীনাং বৃন্দৈঃ সহ হরিকৃতে কৃষ্ণনিমিত্তায় শুচিনির্ম্মলং যথাস্যাত্তথা হারান্ বিরচয়ন্ত্যাং ॥ ২ ॥

সা মদধীশা মদধিপা রাধা কদা মাং মদয়তি হর্ষয়তি। কিম্ভূতা সতী ব্রজবিপিনরূপে লীলারাজ্যে বিজয়িনী এবং বল্লভতয়া প্রাণাদপ্যতিপ্রীত্যাস্পদং

অনন্তর শ্রীরঘুনাথ দাস গোস্বামী আপনার সিদ্ধাবস্থাতেও পূর্ব্বকৃত সেই সেবা সুখ প্রাপ্ত না হইয়া অতিশয় দৈন্য সহকারে সেই অবস্থায় সেবা বিশেষ আকাঙ্ক্ষা করিয়া কহিতেছেন।

কি আশ্চর্য্য! শ্রীরাধা নিজ গৃহে নিজ বয়স্যাগণের সহিত আনন্দের সহিত শ্রীকৃষ্ণের নিমিত্ত নির্ম্মল হার রচনা করিতে আরম্ভ করিলে পর সেই এই মাদৃশ দাসী রসমঞ্জরী সম্পুট (কৌটা) হইতে মণি অন্বেষণ করিয়া বারম্বার তোমার হস্তে সমর্পণ করত এই বৃন্দাবনে কবে ভুজলতাকে সার্থক করিবে? ॥২॥

যিনি ব্রজবিপিন রূপ লীলা রাজ্যে বিজয়িনী এবং যিনি প্রিয়বশতঃ নিজ ভাগ্যকে প্রাণ অপেক্ষাও প্রীতিভাজন-রূপে সাক্ষাৎ বিধান করিতেছেন তথা যিনি সমস্ত কোকিল

সমন্তাৎ ক্রীড়ন্তী পিক মধুপ মুখ্যাভি রভিতঃ
প্রজাভিঃ সংযুষ্টা প্রমদয়তি সা মাং মদধিপা ॥ ৩ ॥
কদা কৃষ্ণাতীরে ত্রিচতুর সখীভিঃ সমমহো
প্রসূনং গুম্ফন্তীং রবিসখসুতা মানততয়া।
সমেত্য প্রচ্ছন্নং সপদি পরিরিপ্সো র্বকরিপো-
র্নিষেধে ভ্রূভঙ্গাং ভৃশ মনুভজেঽহং ব্যজনিনী ॥ ৪ ॥
কদা শুভ্রে তস্মিন্ পুলিনবলয়ে রাসমহসা
সুবর্ণাঙ্গী সঙ্ঘেষ্বহমহমিকা মত্ত মতিষু।

নিজং ভাগ্যং সাক্ষাদ্বিদধতীং কুর্ব্বতী এবং পিকমধুপমুখ্যাভিঃ প্রজাভিরভিতঃ সংযুষ্টা মিলিতা ক্রীড়ন্তী ॥ ৩ ॥

অহং ব্যজনিনী গৃহিতব্যজনা সতী রবিসখসুতাং বৃষভানুকন্যাং শ্রীরাধাং কদা ভৃশমতিশয়ঃ ভজে। রবিসখসুতাং কিম্ভূতাং কৃষ্ণাতীরে ত্রিচতুর সখীভিঃ সমং প্রসূনং গুম্ফন্তীং সতীং প্রচ্ছন্নং যথাস্যাত্তথা এত্য আগত্য সপদি তৎক্ষণাদেব পরিরিপ্সোঃ পরিরব্ধুমিচ্ছো র্বকরিপো র্নিষেধে বারণে ভ্রূভঙ্গাং ॥ ৪ ॥

কদা রাধা জিষ্ণুগুণাদগুণাদ্ধেতো দিব্যদ্রবিণমিব উৎকৃষ্টধনমিব মাং

ও ভ্রমর সমূহরূপ প্রজাবর্গের সহিত সম্যক্ সম্মীলিতা হইয়া ক্রীড়া করিতেছেন, সেই মদীশ্বরী শ্রীরাধা কবে আমাকে হর্ষিত করিবেন? ॥ ৩ ॥

আহা! যমুনা তীরে তিন চারিটী সখীর সহিত মত্রবদনে কুসুম গ্রন্থন করিতেছেন, এমন সময় প্রচ্ছন্নভাবে শ্রীকৃষ্ণ আগমন করিয়া সহসাই আলিঙ্গন করিতে ইচ্ছা করায় যিনি ভ্রূভঙ্গী দ্বারা নিষেধ করিতেছেন, সেই বৃষভানু নন্দিনী শ্রীরাধাকে আমি চামর গ্রহণ করিয়া কবে সেবা করিব? ॥ ৪ ॥

হরৌ যাতে নীলোপলনিকষতাং জিত্বরগুণা-
দগণ্যা দস্মান্ দিব্যদ্রবিণমিব রাধা মদয়তি ॥ ৫ ॥
কদা ভাণ্ডীরস্থ প্রথিতরুচিরোৎসঙ্গনিলয়ে
বরা মধ্যাসীনাং কুসুমময়তুলী মতুলিতাং।

মদয়তীত্যন্বয়ঃ। জিত্বরো জয়নশীলো গুণঃ প্রভাবো যস্ত তস্মাৎ গুণাৎ সৌন্দর্য্যা-দেরিত্যর্থঃ। কস্মিন্ সতি হরৌ নীলোপল নিকষতাং যাতে সতি। কদা শুভ্রে তস্মিন্ পুলিনস্থ বলয়ে মণ্ডলে সুবর্ণাঙ্গীসঙ্ঘেষু রাসস্থ মহসা সৌন্দর্য্যেণ অহ-মহমিকামত্তমতিষু অহমেব সুন্দরী নান্যেত্যহঙ্কারমতিষু সৎসু। অহমহমিকা পূর্ব্বং যা স্যাৎ সম্ভাবনাত্মনীত্যমরঃ। অত্রায়মভিসন্ধিঃ যথা স্বর্ণকারোনিকষ-পাষাণেন সুবর্ণং পরীক্ষ্য ভদ্রাভদ্রং নিষ্কর্ষ্য ভদ্রে আসক্তো ভবতি। তথা স্বাঙ্গরূপ নিকষপাষাণেন স্বর্ণবর্ণাং সর্ব্বা মালিঙ্গ্যালিঙ্গ্য রাধায়াঃ স্বর্ণাঙ্গ এব উৎকৃষ্টবুদ্ধ্যা কৃষ্ণ আসক্তো বভূবেতি ॥ ৫ ॥

অসৌ মদ্বিধো জনঃ কদা বিশাখাপ্রাণালীং বিশাখাপ্রাণসখীং রাধাং ভজতি। কিম্ভূতাং ভাণ্ডীরস্থ প্রথিত রুচিরোৎসঙ্গনিলয়ে খ্যাত মনোজ্ঞ-

---

সুনির্ম্মল পুলিন মণ্ডলে রাসসৌন্দর্য্য হেতু সমস্ত সুবর্ণাঙ্গী গোপীগণ "আমিই সুন্দরী, আর কেহই নহে" এইরূপে উন্মত্তা হলে পর শ্রীকৃষ্ণ নীলোপল রূপনিকষ পাষাণ হইলেন অর্থাৎ স্বর্ণপরীক্ষক স্বর্ণকারের ন্যায়, শ্রীকৃষ্ণ আলিঙ্গন দ্বারা গোপীগণকে পরীক্ষা করিলে, তাঁহার নিকট যে স্বর্ণাঙ্গী শ্রীরাধা সকল হইতে উৎকৃষ্ট স্বর্ণের ন্যায় সর্ব্বোত্তমা হই-য়াছেন, অর্থাৎ শ্রীকৃষ্ণ সর্ব্বোত্তম জ্ঞানে যাঁহাতে আসক্ত হইয়াছেন, সেই স্বর্ণ তুল্য শ্রীরাধা বিজয়শীল প্রভাবেও সৌন্দ-র্য্যাদি বশতঃ কবে আমাকে আনন্দিত করিবেন ? ॥ ৫ ॥

প্রিয়ে চিত্রং পত্রং লিখতি নিহিতস্বাঙ্গ লতিকাং
বিশাখাপ্রাণালীং ভজতি দিশতী বর্ণকমসৌ ॥ ৬ ॥
কদা তুঙ্গে তুঙ্গে রহসি গিরিশৃঙ্গে ব্রততিজান্
প্রিয়ে পূর্ব্বা লীলা নিগময়তি সংস্তাব্য নিলয়ান্।
মদেনাবিস্পষ্টাং শকলিত পদাং ব্রীড়িততয়া-
ক্রুতা মৌৎক্যেনৈষা বিরচয়তি পৃচ্ছাং মম পুরঃ ॥ ৭ ॥

ক্রোড়গৃহে অতুলিতাং কুসুম ময়তুলী মধ্যাসীনাং। পুনঃ কিম্ভূতাং চিত্রং পত্রং লিখতি প্রিয়ে শ্রীকৃষ্ণে নিহিত স্বাঙ্গলতিকাং। অহং কিম্ভূতা বর্ণকং চিত্র-সাধন দ্রববিশেষং দিশতী কৃষ্ণহস্তে দদতী ॥ ৬ ॥

গিরিশৃঙ্গে তুঙ্গে তুঙ্গে অত্যুচ্চ প্রদেশে যদ্রহো নির্জ্জনং তস্মিন্ ব্রততিজান্ লতা ঘটিতান্ নিলয়ান্ গৃহান্ সংস্তাব্য সম্যক্ স্তাবয়িত্বা প্রিয়ে শ্রীকৃষ্ণে পূর্ব্বা লীলা নিগময়তি জ্ঞাপয়তি সতি এষা রাধা ঔৎক্যেন উৎসুকতয়া মম পুরঃ কদা পৃচ্ছাং প্রশ্নং বিরচয়তি করিষ্যতীত্যন্বয়ঃ। পৃচ্ছাং কিম্ভূতাং মদেন

ভাণ্ডীর বটের বিখ্যাত মনোজ্ঞ গৃহমধ্যে মনোহর পুষ্পময় তুলিকায় যিনি উপবেশন করিয়া রহিয়াছেন এবং প্রিয়তম শ্রীকৃষ্ণ চিত্র পত্র লিখিতে থাকিলে যিনি স্বদীয় অঙ্গে অঙ্গ-লতিকা ন্যস্ত করিয়াছেন, সেই বিশাখার প্রাণসখী শ্রীরাধাকে এইজন শ্রীকৃষ্ণ হস্তে বর্ণক অর্থাৎ চিত্র সাধন দ্রব বিশেষ (আর্দ্র রং) সমর্পণ পূর্ব্বক কবে সেবা করিবে? ॥ ৬ ॥

গোবর্দ্ধন পর্ব্বতের অত্যুচ্চ প্রদেশে নির্জ্জন স্থানে লতা-রচিত গৃহ সকলকে প্রশংসা করিয়া শ্রীকৃষ্ণ পূর্ব্ব লীলা সকল জ্ঞাপন করাইলে এই শ্রীরাধা ঔৎসুক্য বশতঃ নিজে অনভিজ্ঞতা-রূপ জ্ঞানাবরোধক অহঙ্কারে অবিস্পষ্ট অতএব খণ্ডিত পদ

গতি র্যস্মে নিত্যা যদখিলমপি স্বং সবয়সাং
মদীশ্বর্য্যাঃ প্রেষ্ঠ প্রণয়কৃত সৌভাগ্য বরিমা।
হরে র্যং প্রেমশ্রী র্নিবসতি রমুষ্যা স্তুলনয়া
সদা তস্মিন্ কুণ্ডে লসতু ললিতালী মম দৃশি ॥ ৮ ॥

ইত্যভীষ্টপ্রার্থনাষ্টকং।

স্থানভিজ্ঞত্বাবরণরূপাহঙ্কারেণ অবিস্পষ্টাং অতএব শকলিতপদাং খণ্ডিত পদাং ব্রীড়িততয়া ক্রতাং শীঘ্রোৎপন্নাং ॥ ৭ ॥

তস্মিন্ কুণ্ডে কুণ্ডসমীপ প্রদেশে ললিতালী ললিতাচাসৌ আলীচেতি ললিতাসখী মম দৃশি লসতু প্রকাশতামিত্যন্বয়ঃ। কিম্ভূতা যৎ যা মে মম নিত্যা গতিঃ এবং যদ্যা সবয়সাং সখীনাং স্বং ধনং। এবং মদীশ্বর্য্যা রাধায়াঃ প্রেষ্ঠ প্রণয়কৃত সৌভাগ্যবরিমা প্রেষ্ঠপ্রণয়েন শ্রীকৃষ্ণপ্রীত্যা কৃতং যৎ সৌভাগ্যং তস্য বরিমা শ্রেষ্ঠরূপৈব। যদযস্যাং হরেঃ শ্রীকৃষ্ণস্য অমুষ্যা রাধায়া স্তুলনয়া তুল্যেন প্রীতিশ্রী র্বসতি সেত্যর্থঃ ॥ ৮ ॥

ইত্যভীষ্টপ্রার্থনাষ্টক বিবৃতিঃ।

এবং লজ্জা হেতু শীঘ্র উচ্চরিত প্রশ্ন, কবে আমার সম্মুখে রচনা করিবেন অর্থাৎ আমাকে জিজ্ঞাসা করিবেন ॥ ৭ ॥

যিনি আমার নিত্য গতি, যিনি সখীদিগের নিখিল ধন, যিনি মদীশ্বরী শ্রীরাধার প্রিয়তম শ্রীকৃষ্ণের প্রণয় সম্পাদিত সৌভাগ্যের মাহাত্ম্য স্বরূপ, এবং শ্রীরাধার ন্যায় যাঁহাতে শ্রীকৃষ্ণের সমধিক প্রেম সর্ব্বদা বাস করিতেছে, সেই ললিতা সখী শ্রীরাধাকুণ্ডের সমীপ প্রদেশে আমার নয়ন গোচর হউন ॥ ৮ ॥

অভীষ্ট প্রার্থনাষ্টক সমাপ্ত।

অভীষ্টসূচনং।

আভীরপল্লীপতিপুত্র কান্তা-
দাস্যাভিলাসাতিবলাশ্ববারঃ।
শ্রীরূপচিন্তামলসপ্তি সংস্থো
মৎ স্বান্ত দুর্দান্ত হয়েচ্ছুরাস্তাং॥ ১॥
যদযত্নতঃ শম দমাত্মবিবেকযোগৈ-
রধ্যাত্ম লগ্নমবিকার মভূন্মনো মে।

আভীরেতি। আভীরপল্ল্যাঃ পতি র্নন্দ স্তস্য পুত্রঃ শ্রীকৃষ্ণ স্তস্য কান্তা শ্রীরাধা তস্যা দাস্যে যোঽভিলাসঃ স এবাতিবলাশ্ববারঃ অশ্বারোহ বিশেষঃ সচ শ্রীরূপচিন্তামল সপ্তি সংস্থঃ সন্ মৎ স্বান্ত দুর্দান্ত হয়েচ্ছু রাস্তাং ভবত্বিত্যন্বয়ঃ। শ্রীরূপস্য চিন্তা এবামলসপ্তি র্মহানশ্বস্তংস্থ স্তদারূঢ়ঃ। মৎ স্বান্তং মন্মনস্তদেব দুর্দান্তহয় স্তত্রেচ্ছুস্তদারোহণেচ্ছু রিত্যর্থঃ। মন্মনসো ঽভিলাসঃ শ্রীরূপচিন্তাসবলিতঃ সন্ শ্রীরাধিকা দাস্যে তিষ্ঠত্বিতি ভাবঃ॥ ১॥

যস্য শ্রীরূপস্য যত্নতো যত্নাদনন্যে মম মনঃ শম দমাত্মবিবেক যোগৈরধ্যাত্মলগ্নঞ্চ সৎ অবিকারঃ অভূৎ। শমো ভগবন্নিষ্ঠতা দমো জিতেন্দ্রিয়তা আত্মবিবেক-

---

আভীরপল্লীপতি নন্দরাজপুত্র শ্রীকৃষ্ণের কান্তা, শ্রীরাধিকার দাস্য বিষয়ক মদীয় অভিলাষরূপ বলবান্ অশ্বারোহী শ্রীরূপগোস্বামির চিন্তা রূপ সুনির্ম্মল ঘোটকে আরোহণ করিয়া আমার মনোরূপ দুর্দ্দান্ত ঘোটকের অভিলাষী হউন, অর্থাৎ আমার চিত্তাভিলাষ শ্রীরূপের চিন্তান্বিত হইয়া শ্রীরাধার দাস্য কর্ম্মেই থাকুক॥ ১॥

রূপগোস্বামির যত্নে প্রথমতঃ আমার যে মন, শম (ভগবন্নিষ্ঠতা) দম (জিতেন্দ্রিয়তা) আত্মবিবেক (আত্মা ও

রূপস্থ তৎস্মিতসুধং সদয়াবলোক-
মাসাদ্য মাদ্যতি হরেশ্চরিতৈ রিদানীং ॥ ২ ॥
নিভৃত বিপিনলীলাঃ কৃষ্ণবক্ত্রং সদাক্ষ্ণা
প্রপিবথ মৃগকন্যা যূয়মেবাতিধন্যাঃ।
ক্ষণমপি ন বিলোকে সারমেয়ী ব্রজস্থা-
প্যুদর ভরণবৃত্ত্যা বংভ্রমন্তী হতাহং ॥ ৩ ॥

আত্মানাত্ম বিবেচনং যোগঃ সমাধি ধ্যানমিতি যাবৎ। অধ্যাত্মং ভগবত্তত্বং। মন্মনো। রূপস্থ স্মিতসুধং সদয়াবলোক মাসাদ্য প্রাপ্য ইদানীং হরেশ্চরিতৈ র্মাদ্যতি মত্তং ভবতি ॥ ২ ॥

হে মৃগকন্যাঃ যুয়মেবাতিধন্যাঃ তত্র হেতুঃ নিভৃত বিপিনে লীলা যাসাং এবং ভূতাঃ সত্যঃ সদা কৃষ্ণবক্ত্রং অক্ষ্ণা প্রপিবথ। অহং সারমেয়ী কুকুরী ব্রজস্থাপি ন বিলোকে যত উদরভরণস্থ বৃত্ত্যা বেতনেন বংভ্রমন্তী সতী হত্যা নষ্টা বঞ্চলুপত্বাৎ ভ্রাম্যতেঃ শত্রেপৃচ ॥ ৩ ॥

অনাত্মার বিবেচন) এবং যোগ (ধ্যান) দ্বারা বিকার শূন্য হইয়া ভগবত্তত্ত্বে সলগ্ন হইয়াছিল, সেই মন শ্রীরূপগোস্বামির কৃপাদৃষ্টি প্রাপ্ত হইয়া সম্প্রতি হরিচরিত্র সমূহে মত্ত হইতেছে ॥ ২ ॥

হে মৃগকন্যাগণ ! তোমরাই অতিশয় ধন্যা, যেহেতু নির্জ্জন বনে লীলা করতঃ সর্ব্বদা শ্রীকৃষ্ণের মুখকমল দর্শন করিতেছ, কিন্তু সারমেয়ী (কুকুরী) স্বরূপা আমি, বৃন্দাবনে থাকিয়াও ক্ষণকালের জন্য ঐ মুখকমল দর্শন করিতে পাইলাম না, যেহেতু ইতস্ততঃ ভ্রমণ করিতে করিতে কেবল উদর ভরণ রূপ বেতনেই বিনষ্ট হইলাম ॥ ৩ ॥

মন্মানসোন্মীলদনেক সঙ্গম-
প্রয়াস কুঞ্জোদরলব্ধ সঙ্গয়োঃ।
নিবেদ্য সখ্যর্পয় মাং স্বসেবনে
বীটীপ্রদানাবসরে ব্রজেশয়োঃ ॥ ৪ ॥
নিবিড় রতিবিলাসায়াসগাঢ়ালসাঙ্গীং
শ্রমজলকণিকাভিঃ ক্লিন্নগণ্ডাং নু রাধাং।
ব্রজপতিসুতবক্ষঃ পীঠবিন্যস্ত দেহা-
মপি সখি ভবতীভিঃ সেব্যমানাং বিলোকে ॥ ৫ ॥

মন্মানসেতি। হে সখি রূপমঞ্জরি বীটীপ্রদানাবসরে স্বসেবনকালে নিবেদ্য ব্রজেশয়ো রাধাকৃষ্ণয়ো র্মামর্পয়ঃ। কিম্ভূতয়োঃ মন্মানসে উন্মীলন্তৌ প্রকাশমানৌ চ তৌ অনেক সঙ্গম প্রয়াসেন কুঞ্জোদরে কুঞ্জমধ্যে লব্ধসঙ্গৌ চেত্তিতয়োঃ ॥ ৪ ॥

নু ভোঃ সখি ভবতীভিঃ সেব্যমানাং রাধাং অপি বিলোকে বিলোকিতুং সম্ভাবয়ামি। অপীতি সম্ভাবনায়াং। রাধাং কিম্ভূতাং নিবিড় রতিবিলাসেন য আয়াসস্তেন গাঢ় মতিশয় মলসমঙ্গং যস্যাস্তাং তথা। ক্লিন্নৌ আর্দ্রৌ গণ্ডৌ যস্যাঃ তাং। ব্রজপতিসুতবক্ষসি নন্দনন্দনবক্ষসি পীঠে বিন্যস্তো দেহো যয়া তাং ॥ ৫ ॥

হে সখি! রূপমঞ্জরি! যাঁহারা আমার মনোমধ্যে প্রকাশমান এবং নানাবিধ সঙ্গম প্রয়াসে কুঞ্জমধ্যে সঙ্গলাভ করিয়াছেন, সেই শ্রীরাধাকৃষ্ণকে আপনি স্বীয় সেবন কালে তাম্বূলবীটী নিবেদন করতঃ আমাকে অর্পণ করুন ॥ ৪ ॥

নিবিড়তর রতিবিলাস জনিত শ্রমে যাঁহার অঙ্গ প্রগাঢ় অলসযুক্ত, শ্রম জন্য জল কণায় যাঁহার গণ্ডদ্বয় আর্দ্র এবং যিনি নন্দনন্দনের বক্ষঃ পীঠে দেহ বিন্যস্ত করিয়াছেন,

দিতিজ কুল নিতান্ত ধ্বান্ত মপ্রান্ত মস্যন্
স্বজন জন চকোর প্রেমপীযূষ বর্ষী।
কর শিশিরিত রাধা কৈরবোৎফুল্লবল্লী-
কুচকুসুমগুলুচ্ছঃ পাতু কৃষ্ণৌষধীশঃ ॥ ৬ ॥
রাসে লাস্যং রসবতি সমং রাধয়া মাধবস্য
ক্ষ্মাভৃৎকচ্ছে দধিকর কৃতে স্ফারকেলী বিবাদং।
আলীমধ্যে স্মর পবনজং নর্ম্মভঙ্গী তরঙ্গং
কালে কস্মিন্ কুশলভরিতে হন্ত সাক্ষাৎ করোমি ॥ ৭ ॥

